আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৪৫ || সোমবার || শ্রাবন ২৫ || ১৪২৮ || মুহররম ০১ || ১৪৪২ || Vol. 25 || Issue 44 || 9 August || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

নিউইয়র্কে ইনডোর ভেনুতে চালু হচ্ছে ভ্যাকসিন পাস

বাংলা পত্রিকা ডেস্ক : নিউইয়র্কে রেস্টুরেন্ট ও জিমের মতো ইনডোর ভেনুতে ভ্যাকসিন পাস চালু হচ্ছে। (বাকি অংশ ৯ পাতায়)

নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদের বিরোধী বাইডেন

বাংলা পত্রিকা ডেস্ক : ভারত জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যপদ ও ভেটো ক্ষমতা লাভের যে চেষ্টা করছে তার বিরোধিতা করেছে জো (বাকি অংশ ৯ পাতায়)



যৌন হয়রানীতে ফেঁসে গেছেন গভর্নর কুমো

বাংলা পত্রিকা ডেস্ক : নিউ ইয়র্কের গভর্নর অ্যান্ড্রু কুমো'র বিরুদ্ধে যৌন অসদাচরণের অভিযোগকারী ১১ নারীর মধ্যে একজন সরাসরি সামনে চলে এসেছেন। তিনি কুমোর বিরুদ্ধে প্রথম নারী হিসেবে 'ক্রিমিনাল' অভিযোগ এনেছেন। এই যুবতী কুমো'র একজন সহযোগী। এতে দাবি করেছেন, কুমো তার বক্ষদেশ স্পর্শ করেছিলেন। বিভিন্ন মিডিয়াকে উদ্ধৃত করে এ খবর দিয়েছে রাশিয়ার অনলাইন আরটি। এ অভিযোগকারীর নাম (বাকি অংশ ৩২ পাতায়)

বারবিকিউ পার্টিতে খাবার নিয়ে পাঁচবার মারামারি

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জ্যাকসন হাইটস এলাকাবাসী সংগঠনের আয়োজনে এক বারবিকিউ পার্টিতে খাবার নিয়ে পাঁচবার (বাকি অংশ ৩৫ পাতায়)

করোনায় ডিসেম্বরের মধ্যে প্রাণ হারাবে ৫৩ লাখ মানুষ

বাংলা পত্রিকা ডেস্কঃ বিশ্বজুড়ে তান্ডব চালাচ্ছে করোনার ডেল্টা ভ্যারিয়েন্ট। প্রতিদিনই প্রাণ হারাচ্ছেন হাজারো মানুষ। সেপ্টেম্বর তথা আগামী এক মাসের মধ্যে দৈনিক মৃত্যু সর্বোচ্চ চূড়ায় পৌঁছবে। শুধু তাই নয়, চলতি বছর তথা আগামী ডিসেম্বর মাসের মধ্যেই আরও অন্তত ১০ লাখ মানুষের মৃত্যু হবে। মোট মৃত্যু দাঁড়াবে ৫৩ লাখে। আর হাসপাতালে বা সরকারি তথ্যকেন্দ্রে নিবন্ধিত হয়নি-এমন মৃতদের হিসাবের মধ্যে ধরলে এই সংখ্যা বেড়ে হবে প্রায় এক কোটি ২০ লাখ। এমনটাই বলছে ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের স্বাস্থ্য তথ্যবিষয়ক গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট ফর হেলথ ম্যাট্রিক্স অ্যান্ড ইভ্যালুয়েশন (আইএইচএমই)। আইএইচএমই'র প্রতিবেদনটি শুক্রবার প্রকাশিত হয়। প্রতিষ্ঠানটি মনে করছে, সেপ্টেম্বরের শুরুতে মৃত্যু পিক বা সর্বোচ্চ চূড়ায় পৌঁছবে। তারপর ধীরে ধীরে কমে আসবে। আইএইচএমই'র এই প্রতিবেদন (বাকি অংশ ৩৫ পাতায়)

ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের প্রতিবেদন

হেলেনা পরীমণি পিয়াসা ও মৌয়ের বাসায় সিআইডির অভিযান




বাংলা পত্রিকা ডেস্ক : বহিষ্কৃত আওয়ামী লীগ নেত্রী হেলেনা জাহাঙ্গীর, চিত্রনায়িকা পরীমণি ও দুই মডেল ফারিয়া মাহবুব পিয়াসা ও মরিয়ম আক্তার মৌ-এর বাসায় (বাকি অংশ ১৮ পাতায়)

তালেবানের দখলে দ্বিতীয় আফগান প্রাদেশিক রাজধানী

বাংলা পত্রিকা ডেস্ক : ২৪ ঘন্টার মধ্যেই আফগানিস্তানের দুটি প্রাদেশিক রাজধানী দখল করে (বাকি অংশ ৩৭ পাতায়)

৯/১১ হামলার দিন ও তার পরে কী ঘটেছিল?



বাংলা পত্রিকা ডেস্ক : বিশ বছর আগে আমেরিকায় চারটি যাত্রীবাহী জেট বিমান ছিনতাই করে সেগুলো দিয়ে আঘাত হানা হয় নিউইয়র্কের দুটি আকাশচুম্বী ভবনে, যে ঘটনায় নিহত হয় কয়েক হাজার মানুষ। এই হামলা ছিল শতাব্দীর সবচেয়ে অন্যতম ভয়াবহ একটি হামলা। শুধু আমেরিকানদের জন্যই নয়, (বাকি অংশ ১৮ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801

ভাড়া দেওয়া হচ্ছে ইমরান খানের বাসভবন



বাংলা পত্রিকা ডেস্ক : ভয়াবহ আর্থিক সংকটে পড়েছে পাকিস্তান। এজন্য প্রধানমন্ত্রী ইমরান খানের সরকারি বাসভবন ভাড়া দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দেশটি। অবশ্য ক্ষমতাসীন তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) প্রধানমন্ত্রীর বাসভবনকে একটি বিশ্ববিদ্যালয়ে (বাকি অংশ ৩৭ পাতায়)

'সন্ধ্যার পর মেয়েদের ঘর থেকে বের হওয়া বিপজ্জনক'

বাংলা পত্রিকা ডেস্ক : পরীমনির ইস্যু কেন্দ্র করে গোটা সমাজের নারীদের উদ্দেশ্যে সিনিয়র অভিনেত্রী অঞ্জনা বলেছেন, সন্ধ্যার পর মেয়েদের ঘর থেকে বের হওয়া বিপজ্জনক। শুধু পরীমনির নয়, গোটা সমাজের নারীদের এটা মনে রাখা উচিত। পরীমনি প্রসঙ্গে শিল্পী সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্য অঞ্জনা বলেন, সে ঘরের মধ্যে কি (বাকি অংশ ১৮ পাতায়)



ব্যারিস্টার সুমনকে যুবলীগ থেকে অব্যাহতি

বাংলা পত্রিকা ডেস্ক : যুবলীগের আইন বিষয়ক সম্পাদক পদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমনকে। শনিবার রাতে যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান (বাকি অংশ ১৮ পাতায়)

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjmakkah.com

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // August 9 // 2021

বীর মুক্তিযোদ্ধা বাবর উদ্দিনের পুত্র বিয়োগ

বাংলা পত্রিকা রিপোর্ট: সন্দীপ সোসাইটি ইউএসএ'র প্রতিষ্ঠাতা সভাপতি, জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল ইউএসএ'র সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী বাবর উদ্দীনের ছোট পুত্র মোঃ শাহীন উদ্দীন ইন্তেকাল করেছেন। গত ২৯ জুলাই বেলা ১টার দিকে তিনি ব্রুকলীন ডাউনস্ট্যাট হাসপাতালে শেষ রিশ্বাস ত্যাগ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। পরদিন শুক্রবার বাদ জুমা ওজন পার্কস্থ মসজিদ আল আমানে মরহুম শাহীন উদ্দীনের জানাজা নামাজ অনুষ্ঠিত হয়। **শোক প্রকাশ:** মোঃ শাহীন উদ্দীনের অকাল মৃত্যুতে যুক্তরাষ্ট্র জাসাস সভাপতি মোহাম্মদ আবু তাহের ও সাধারণ সম্পাদক কাউসার আহমেদ মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোকাহত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করেছেন।



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী উদযাপন

জাতি গঠনে শহীদ শেখ কামালের ভূমিকা যুব সমাজের জন্য অনুকরণীয় আদর্শ -রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

নিউইয়র্ক: জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বৃহস্পতিবার যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়। কোভিড-১৯ এর প্রেক্ষাপটে স্থানীয় নির্দেশনা অনুযায়ী সামাজিক দূরত্ব মেনে স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে মিশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারি অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতেই শহীদ শেখ কামাল এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকের নির্মম বুলেটে জাতির পিতার পরিবারের সকল শহীদ সদস্যগণের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। এরপর শেখ কামালের জীবন ও কর্মের উপর একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানটিতে স্বাগত বক্তব্য রাখেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। তিনি বলেন, "আবাহনী ক্রীড়া চক্রের প্রতিষ্ঠাতা, ঢাকা থিয়েটারের অন্যতম প্রতিষ্ঠাতা, স্বাধীন বাংলাদেশে গ্রুপ থিয়েটার ফেডারেশন আন্দোলনের একজন পুরোধা এবং স্পন্দন শিল্পগোষ্ঠী নামে সঙ্গীত সংগঠনসহ অসংখ্য উদ্যোগের সাথে যুক্ত শেখ কামাল ক্রীড়া ও সাংস্কৃতিক আন্দোলনের মাধ্যমে যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের পুনর্গঠনে দেশের যুবসমাজকে কাজে লাগাতে চেয়েছিলেন। যুব সমাজের উদ্দেশ্যে তিনি বলেন, "একজন দক্ষ সংগঠক, ক্রীড়াবিদ, সঙ্গীত শিল্পী, সাংস্কৃতিক ও রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেবে শহীদ শেখ কামাল তাঁর নিজস্ব চিন্তা-ধারা ও সৃজনশীলতার সর্বোচ্চ ব্যবহার করে সদ্য স্বাধীন বাংলাদেশে জাতি গঠনে যে অনন্য ভূমিকা রেখে গেছেন তা যুব সমাজের জন্য এক অনুকরণীয় আদর্শ"।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে বাংলাদেশের অসামান্য অগ্রগতির উদাহরণ টেনে তিনি বলেন, এর মধ্য দিয়েই বাস্তবায়িত হচ্ছে স্বপ্নদর্শী তরুন শেখ কামালের স্বপ্ন।

রাষ্ট্রদূত ফাতিমা বলেন, "জাতির পিতাকে সপরিবারে হত্যার পর ঘাতকেরা বাংলাদেশের ইতিহাস বিকৃতি ও মুছে দেওয়ার অপচেষ্টায় লিপ্ত ছিল। কিন্তু ষড়যন্ত্রকারীরা সফল হয়নি। কারণ বাংলাদেশের ইতিহাস আর জাতির পিতা ও তাঁর পরিবারের ইতিহাস একই সূত্রে গাঁথা"। তিনি প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের মাঝে জাতির পিতা ও তার পরিবারের ইতিহাস বিশেষ করে শেখ কামাল এর জীবন ও কর্ম তুলে ধরতে আহ্বান জানান।

স্বাগত বক্তব্যের পর মুক্ত আলোচনা পর্বে মিশনের কর্মকর্তা ও কর্মচারিগণ অংশগ্রহণ করেন। তাঁরা বলেন, স্বাধীন বাংলাদেশের ক্রীড়া ও সাংস্কৃতিক জগতের উন্নয়নে শহীদ শেখ কামাল যে অবদান রেখে গেছেন তা জাতি চিরদিন স্মরণ করবে। শেখ কামালের আদর্শ ধারণ করে দেশের যুব সমাজ ক্রীড়া ও সাংস্কৃতিক পরিমন্ডলে বাংলাদেশকে আরও উচ্চতর আসনে তুলে ধরবে মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন বক্তাগণ। -প্রেস বিজ্ঞপ্তি।

ফুলকলি ফাউন্ডেশনের উদ্যোগে প্রয়াত শিল্পী ও সাংবাদিকদের স্মরণে সভা অনুষ্ঠিত

নিউইয়র্ক (ইউএনএ): ফুলকলি ফাউন্ডেশন অব ইউএসএ'র উদ্যোগে সদ্য প্রয়াত বাংলাদেশের প্রখ্যাত ফটো সাংবাদিক ও বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান বীনু, কিংবদন্তী সঙ্গীত শিল্পী ফকির আলমগীর ও জানে আলম স্মরণে সভা অনুষ্ঠিত হয়েছে। জ্যামাইকার পার্সন্স বুলেভার্ডস্থ মতিন রেষ্টুরেন্টে গত ৪ আগষ্ট বুধবার সন্ধ্যায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। খবর ইউএনএ'র। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেবিবিএ'র সভাপতি, এনওয়াই ইন্স্যুরেন্স ও গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শাহ নেওয়াজ এবং বিশেষ অতিথি ছিলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্রনাথ রায় ও শহীদ হাসান এবং বাংলাদেশ সোসাইটির নির্বাচনে সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন নয়ন।



অনুষ্ঠানে সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দীন সাগর, আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মঞ্জুরুল হক, বাংলাদেশী-আমেরিকান পুলিশ অফিসার রাশেক মালিক, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মাকসুদুল হক চৌধুরী, সঙ্গীত শিল্পী যথাক্রমে রানো নেওয়াজ, শামীম সিদ্দিকী, চন্দ্রা রায়, নিউজ প্রেজেন্টার শামসুন্নাহার নিম্মি, আইজে ক্রিয়েটিভ সলিউশন-এর কর্ণধার মোহাম্মদ কামরুল ইসলাম সনি, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রশীদ আহমেদ প্রমুখ স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন। এসময় অনেক বক্তা আবেগে আপ্লুত হয়ে পড়েন। অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রখ্যাত ফটো সাংবাদিক লুৎফর রহমান বীনু, কিংবদন্তী সঙ্গীত শিল্পী ফকির আলমগীর ও জানে আলম বাংলাদেশের সম্পদ। তারা যার যার অবস্থান থেকে দেশ ও জাতির জন্য সাধ্যমতো দিয়ে গেছেন। এখন আমাদের উচিৎ, জাতির উচিৎ তাঁদের সম্মান জানানো, তাঁদের শ্রদ্ধার সাথে আজীবন মনে রাখা। বক্তারা বলেন, দেশ ও প্রবাসে তাঁদের সাথে আমাদের হৃদয়ের সম্পর্ক ছিলো, ছিলেন আপনজন। সময় সুযোগ পেলেই ফকির আলমগীর ও জানে আলম আমেরিকা এসে প্রবাসীদের গান শুনিয়েছেন। ফটো সাংবাদিক বীনু তো সপরিবারে নিউইয়র্কে বসবাস করতেন। সবশেষে অনুষ্ঠিত বিশেষ মুনাজাতে 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৯৭৫ সালের ১৫ আগষ্ট নিহত এবং মহামারী করোনায় মৃত্যুবরণকারী সহ প্রয়াত শিল্পীদের বিদেহী আত্মার মাগফেরাত বিশেষ দোয়া করা হয়। এছাড়াও দোয়ায় বাংলাদেশ সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদ, কার্যকরী সদস্য আজাদ বাকির ও ফটো সাংবাদিক এ হাই স্বপনকে বিশেষভাবে স্মরণ করা হয়। দোয়া পরিচালনা করেন আইটিভি'র চেয়ারম্যান মাওলানা শহীদুল্লাহ।

অনুষ্ঠানে বিশিষ্ট ব্যবসায়ী দীপু, সঙ্গীত শিল্পী জহির টিপু, মোস্তফা অনিক রাজ, বংশীবাদক হারুন-উর রশীদ, মিডিয়া কর্মী জাকির জাহিদ প্রমুখ উপস্থিত ছিলেন।

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090

PHYSICAL THERAPY

আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি

ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত





WE ARE OPEN
We have missed you





Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F



চিত্রে বাংলা পত্রিকা'র বার্তা সম্পাদক হাবিব রহমান ও অধ্যাপিকা আসমা ফেরদৌস-এর একমাত্র কন্যা সামিহা তাসনিমের 'আকদ অনুষ্ঠান'। গত ৬ আগষ্ট শুক্রবার লং আইল্যান্ড ইসলামী সেন্টারে এই আকদ অনুষ্ঠিত হয়। ছবি: বাংলা পত্রিকা

















সাংবাদিক কন্যা সামিহার বিয়ে

(শেষের পাতার পর)

এবং নিলুফার করীমের পুত্র নাসিফ মিয়াদ তফাদার। প্যান্ডামিকের কারণে অনুষ্ঠানটি করতে হয় অত্যন্ত সীমিত আকারে। এতে নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সিপুলভিদা পাজামা পাঞ্জাবি (বর-কনের সাথে) পরে অনুষ্ঠানে হাজির হয়ে বর কনেকে আশীর্বাদ করেন। এছাড়াও অনুষ্ঠানে নিউইয়র্কের বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সিনিয়র সাংবাদিক সহ উভয় পক্ষের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। জনাব হাবিব রহমান তার কন্যা ও জামাতা'র সুন্দর আগামীর জন্য সকলের কাছে দোয়ার আরজ জানিয়েছেন।

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

বিশ্বব্যাংকের পলিসি পেপার
অনভিপ্রেত, অনাকাঙ্খিত, অগ্রহণযোগ্য

সম্প্রতি বিশ্বব্যাংকের পক্ষ থেকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) কাছে যে 'রিফিউজি পলিসি রিভিউ ফ্রেমওয়ার্ক' শীর্ষক পলিসি পেপার পাঠানো হয়েছে, তা অনভিপ্রেত, অনাকাঙ্খিত, অগ্রহণযোগ্য। এই ফ্রেমওয়ার্কের আওতায় ঋণ সুবিধা দেওয়ার নামে রোহিঙ্গাদের বাংলাদেশের জনগণের সঙ্গে অন্তর্ভুক্তির প্রস্তাব দিয়েছে বিশ্বব্যাংক, যা কেবল হাস্যকরই নয়; একইসঙ্গে ধৃষ্টতার শামিল। বস্তুত এর মাধ্যমে একটি স্বাধীন-সার্বভৌম দেশের অভ্যন্তরীণ নীতি ও সিদ্ধান্ত গ্রহণের অধিকারের ওপর হস্তক্ষেপের অপচেষ্টা করা হয়েছে, যা কোনোমতেই মেনে নেওয়া যায় না। ভুলে যাওয়া উচিত হবে না, ইতঃপূর্বে আমাদের স্বপ্নের পদ্মা সেতু নিয়েও বিশ্বব্যাংকের আচরণ ও কর্মকান্ড অগ্রহণযোগ্য এবং বিতর্কিত ছিল।

সংস্থাটি দুরভিসন্ধিমূলকভাবে একতরফভাবে দুর্নীতির কাল্পনিক অভিযোগ তুলে পদ্মা সেতু প্রকল্প থেকে আর্থিক ঋণ সুবিধা প্রত্যাহার করে নিয়েছিল। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ়তা ও ঐকান্তিক প্রচেষ্টায় দেশীয় অর্থায়নে পদ্মা সেতুর কাজ সম্পন্ন হওয়ার পথে এবং এ প্রকল্প এখন আমাদের গর্বের বিষয়। বস্তুত পদ্মা সেতুর সফল বাস্তবায়নের মধ্য দিয়ে বিশ্বব্যাংকের ঔদ্ধত্যপনার সমুচিত জবাব দেওয়া হয়েছে, এতে কোনো সন্দেহ নেই। একইভাবে মানবিক কারণে বাংলাদেশে আশ্রয় দেওয়া রোহিঙ্গাদের নিজ মাতৃভূমি মিয়ানমারে ফেরত পাঠানোর মধ্য দিয়ে বিশ্বব্যাংকের 'রিফিউজি পলিসি রিভিউ ফ্রেমওয়ার্ক'-এর জবাব দেওয়া জরুরি।

ইতিহাস অনুযায়ী, আরাকান (রাখাইন) বহু বছর আগে থেকেই স্বাধীন ও সার্বভৌম রাজ্য ছিল এবং সেখানকার শাসন ও বিচার ব্যবস্থায় মুসলমানরা বরাবরই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে। সপ্তদশ-অষ্টাদশ শতকে প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী, প্রধান কাজী ইত্যাদি বিভিন্ন পদে মুসলমানদের দায়িত্ব পালনের পাশাপাশি মহাকবি আলাও-লসহ অনেক কবি-সাহিত্যিক আরাকান রাজসভায় বাংলা সাহিত্যের মানবিক ধারার সূচনা করেছেন। মোগল আমলের আগে আরাকান চট্টগ্রাম পর্যন্ত বিস্তৃত ছিল এবং এ কারণে চট্টগ্রামের অনেকে সেখানে বসবাস শুরু করেন। সুতরাং, আরাকান তথা রাখাইন অঞ্চলে বসবাসকারী রোহিঙ্গা মুসলমানরা ঐতিহাসিকভাবেই সেখানকার নাগরিক; তারা অভিবাসী নন। এ ঐতিহাসিক সত্য সামনে রেখে বিশ্বব্যাংকের বরং এমন পদক্ষেপ নেওয়া উচিত, যাতে মিয়ানমার চিরতরে হত্যা, নির্যাতন ও বিতাড়ন বন্ধ করে বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের সে দেশে ফেরত নিয়ে তাদের নাগরিক অধিকার ও মর্যাদা সমুন্নত রাখার বিষয়ে যত্নবান হয়। আশ্চর্যজনক হলো, বিশ্বব্যাংক এদিকটায় মনোযোগ না দিয়ে 'উদোর পিন্ডি বুধোর ঘাড়ে' চাপানোর মতলব করেছে। বিশ্বব্যাংকের রিফিউজি পলিসি রিভিউ ফ্রেমওয়ার্কের পক্ষে মত দিলে রোহিঙ্গারা বাংলাদেশের যে কোনো স্থানে অবাধ চলাচলই শুধু নয়; চাকরি অথবা ব্যবসাও করতে পারবে। এছাড়া নিবন্ধনের আওতায় এনে তাদের সামাজিক পরিচয়পত্রও দিতে হতে পারে। এমন কী, এর ফলে রোহিঙ্গাদের নিজ বাসভূমে ফেরত পাঠানোর বদলে এদেশেই চিরতরে রেখে দিতে হতে পারে, যা কোনোভাবেই সম্ভব নয়। দেশে এমনিতেই পর্যাপ্ত কর্মসংস্থানের অভাব রয়েছে। এ অবস্থায় রোহিঙ্গাদের জন্য দেশের শ্রমবাজার উন্মুক্ত করে দিলে সর্বত্র এর নেতিবাচক প্রভাব পড়বে; উপরন্তু যেসব রোহিঙ্গা বর্তমানে মিয়ানমারে রয়েছে, তারাও এ দেশে আসতে উৎসাহী হবে, যা মোটেই কাম্য নয়। ২০০২ সালে যখন মাত্র ১৯-২০ হাজার রোহিঙ্গা বাংলাদেশে ছিল, তখন ইউএনএইচসিআরের পক্ষ থেকেও এ দেশে তাদের অবাধ চলাচলের পক্ষে একটি প্রস্তাব দেওয়া হয়েছিল। বাংলাদেশ প্রস্তাবটি সে সময় প্রত্যাখ্যান করেছিল। এ ধারাবাহিকতায় বিশ্বব্যাংকের প্রস্তাবও কঠোরভাবে প্রত্যাখ্যান করা উচিত বলে আমরা মনে করি।

শোকের মাস : আমার দেখা বঙ্গবন্ধু

এম এ কাশেম

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালী জাতির মুক্তির সনদ প্রদান করেছেন। এ ভূখন্ডের জনমানুষের চিন্ড়চেতনা আর আশা-আকাঙ্ক্ষার প্রতিচ্ছবি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ছাত্রজীবনে ঢাকা-কলকাতা চলাফেরা এবং বিভিন্ন ব্যক্তি-জনের কাছে মুজিবুর রহমান নামে একজন উদীয়মান তরুণ বাঙালী নেতার কথা শুনতাম। পত্রপত্রিকায় বিভিন্ন সংবাদের সুবাদে তার সম্পর্কে আমার একটি উচ্চ ধারণা সৃষ্টি হয়। তখনও তার সঙ্গে সরাসরি দেখা-সাক্ষাতের সুযোগ হয়নি। পরবর্তী সময়ে তৎকালীন জিন্নাহ অ্যাভিনিউতে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মরত থাকা অবস্থায় তার সঙ্গে আমার সরাসরি সাক্ষাতের সুযোগ হয়। প্রতিদিন বিকেলে দেখতাম লম্বা, সুদর্শন ও খুবই ব্যক্তিত্বসম্পন্ন শেখ মুজিবুর রহমান একটি হিলম্যান গাড়িতে ওই এলাকায় আসতেন। মুখে থাকত তার বিখ্যাত পাইপ। সব সময় সামনে থাকতেন ২০-২৫ জন ভক্ত-অনুসারী। বঙ্গবন্ধু তার স্বভাবসুলভ অভিভাবকত্ব ও নেতৃত্বের আদলে সবার কুশল জিজ্ঞেস করতেন। তার কথোপকথনে আশপাশে উপস্থিত জনসাধারণ মুগ্ধ হয়ে যেত। তার প্রতি আমার ভক্তির শুরু তখন থেকেই। তার অপরিসীম ব্যক্তিত্ব সবার মন জয় করে নিত। ষাটের দশকের শেষ দিকে দেশ-বিদেশে যেখানেই ভ্রমণের সুযোগ এসেছে, বারবার একটি প্রশ্ন বিদেশিদের কাছ থেকে এসেছে- শেখ মুজিবুর রহমান কত বড় নেতা?

এমনকি পশ্চিম পাকিস্তানের ছোট-বড় অনেকেরই শেখ মুজিবুর রহমান সম্বন্ধে জানার আগ্রহ ছিল। প্রশ্ন করত তার ব্যক্তিত্ব, তার নেতৃত্বের গুণাবলি, আদি নিবাস প্রভৃতি সম্পর্কে। আমি ওই সময় থেকে আজ পর্যন্ড় জাতির পিতা শেখ মুজিবুর রহমানের সমর্থক ও প্রচারক। আমি জোরগলায় তার ভূয়সী প্রশংসা করতাম। বলতাম, ও বহৎ বড়িয়া আদমি হ্যায়। উমদা আদমি হ্যায়। সাচ্চা মুসলমান হ্যায়। আমার কথাগুলো লাহোরের অভিজাত শ্রেণির মানুষদের আশ্বস্ড় করত। তারা ভাবত, পূর্ব পাকিস্তানে একজন দেশপ্রেমিক নেতার আগমন ঘটেছে।

১৯৬৫ সালে পাক-ভারত যুদ্ধের সময় ব্যবসায়িক কাজে লাহোরে ভ্রমণের সময় আমি বেশ কিছুদিন আটকে থাকি। লাহোরে হোটেলে থাকাকালীন হোটেলের অন্যান্য বিদেশি অতিথির সঙ্গে আলাপ-আলোচনায় তারা শেখ মুজিবুর রহমান সম্বন্ধে অনেক কিছু জানতে চাইত। আমি বঙ্গবন্ধু সম্বন্ধে বিভিন্ন তথ্য প্রদান করে তাদের কিছু ভুল ধারণা ভেঙে দেওয়ার চেষ্টা করতাম। তবে তখনও আমি বঙ্গবন্ধুর রাজনীতি বা রাজনৈতিক কর্মকা ের সঙ্গে জড়িত হওয়ার সুযোগ পাইনি। সেই সুযোগ এলো ষাটের দশকের শেষে, যখন আমি ঢাকার কলাবাগান এলাকায় বসবাস শুরু করলাম। কলাবাগান থেকে ধানমন্ডির ৩২ নম্বরে যাতায়াতে দূরত্ব বেশি নয়। স্থানীয় আওয়ামী লীগের নেতাদের সঙ্গে সখ্য থাকার সুবাদে আমি প্রায়শই বিকেলে তাদের সঙ্গে ধানমন্ডির ৩২ নম্বরে যাতায়াত করতাম। ওই সময়ই দেখতাম দলে নেতাকর্মী ও সাধারণ মানুষের প্রাণচাঞ্চল্যে ভরপুর বাঙালি জাতির বাতিঘর ৩২ নম্বর সড়কের সেই দোতলা বাড়িটি। বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩২ নম্বর সড়কের সেই বাড়িটি ছিল আমাদের অনুপ্রেরণার উৎস।

রেসকোর্স মাঠে ৭ মার্চের ভাষণ শোনার জন্য আমি উদগ্রীব হয়ে অপেক্ষা করেছিলাম। সেদিন বঙ্গবন্ধুর আহ্বানে কলাবাগান থেকে দলবলসহ লাঠিসোঁটা নিয়ে রেসকোর্স ময়দানে উপস্থিত হই। সেই ভাষণ আজও প্রাণে লেগে আছে। সেই বজ্রকণ্ঠ, সেই উদাত্ত আহ্বান, সেই দীপ্ত শপথ- যা বাঙালি জাতির মনে স্বাধীনতার বীজ বপন করে। আমরা উদ্দীপ্ত হই। জাতি প্রস্তুত হয় স্বাধীনতাকে বরণ করে নেওয়ার জন্য। স্বাধীনতার পর বঙ্গবন্ধুর মোহ আমাকে আচ্ছন্ন করে রাখে। আমি সক্রিয় রাজনৈতিক কর্মী না হওয়ায় সভা-সমাবেশে তার সঙ্গে দেখা-সাক্ষাতের সুযোগ মিলত না। ওই সময় জানতে পারলাম বঙ্গবন্ধু কলকাতার একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য যাচ্ছেন। মনঃস্থ করলাম আমি বঙ্গবন্ধুর জনসভায় অংশ নেব। আমি সপরিবারে ব্যক্তিগত গাড়িতে সড়কপথে কলকাতার পথে রওনা দিলাম। গাড়ি বঙ্গবন্ধুর ছবি সংবলিত পতাকায় সজ্জিত করে যশোরের বেনাপোল অতিক্রম করে ভারতের মাটিতে প্রবেশ করলাম। আমরা ভারতের মাটিতে উষ্ণ অভ্যর্থনা পেলাম। দেখলাম পথচারীরা আমাদের



উদ্দেশে হাত নাড়ছে, অনেকে আবার দুহাত জোড় করে ভক্তিভরে প্রণাম করছে। আমরা একদিকে হতচকিত হয়ে গেলাম, আবার আনন্দিতও হলাম। কিন্তু পরে বুঝলাম, মানুষের এত ভক্তিভাব আমার জন্য নয়, গাড়িতে লাগানো জাতির পিতার ছবির জন্য। আমার হৃদয় আবারও জাতির পিতার প্রতি শ্রদ্ধা ও ভালোবাসায় সিক্ত হয়ে উঠল।

বাঙালী জাতিকে স্বপ্টম্ন দেখতে ও স্বপ্ন অর্জন করতে শিখিয়েছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধু একটি অনুপ্রেরণার নাম। আজও মনে পড়ে ৭ মার্চের রেসকোর্সের জনসমুদ্রের কথা। আজও কানে লেগে আছে সেই কালজয়ী ভাষণ। সেই যে একটি উদ্দীপনা দেশপ্রেমের মন্ত্র- যা স্বাধীনতার পরেও আমাকে অনুপ্রেরণা জুগিয়েছে দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে। স্বাধীনতার পর থেকেই আমরা এ দেশের অর্থনীতির বুনিয়াদ গড়ে তোলার জন্য কাজ করেছি। যুদ্ধবিধ্বস্ড় দেশে ব্যবসা-বাণিজ্য গড়ে তোলা সহজ কোনো ব্যাপার ছিল না। আমরা বেসরকারি খাতের উদ্যোক্তারা তখন হাঁটিহাঁটি পা পা করে দেশে ও বিদেশে ব্যবসা-বাণিজ্য প্রসারের কাজ করেছি। আমাদের অনুপ্রেরণা ছিলেন বঙ্গবন্ধু। আমরা মুক্তিযুদ্ধের আদর্শে অনুপ্রাণিত হয়ে শিল্প-বাণিজ্য-ব্যাংক-বীমা প্রভৃতি ক্ষেত্রে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করে দেশে অসংখ্য শিক্ষিত মানুষের কর্মসংস্থান সৃষ্টি করে মুক্তিযুদ্ধের স্বপ্টম্ন বাস্ড়বায়নে সচেষ্ট থেকেছি। ১৯৭৫ সাল আমাদের জাতীয় জীবনের কলঙ্কতম অধ্যায়। আজও আমি মনে করি জাতীয় জীবনের প্রতিটি ক্ষেত্রে বঙ্গবন্ধুর রেখে যাওয়া দিকনির্দেশনা শতভাগ প্রাসঙ্গিক।

বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা বঙ্গবন্ধুর স্বপ্টম্ন আমাদের অর্থনৈতিক মুক্তি অর্জনে অনন্য উদাহরণ সৃষ্টি করেছেন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নতির উদাহরণ এখন বিশ্বব্যাপী অনুকরণীয় মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। আমরা উচ্চ শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে সেই একই অগ্রযাত্রায় শরিক হতে পেরে আনন্দ ও গর্ব বোধ করি। বিশ্বে আমাদের একটি মর্যাদাবান জাতি হিসেবে পরিচিত ও প্রতিষ্ঠিত করার অন্যতম উপায় হচ্ছে উচ্চতর শিক্ষা ও গবেষণায় মনোনিবেশ করা। নর্থ সাউথ ইউনিভার্সিটি পরিবারের প্রতিটি সদস্য শিক্ষা-গবেষণার অভিযাত্রায় স্বতঃস্টফূর্তভাবে অংশগ্রহণ করছে। দেশ ও জাতির কল্যাণে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্ড়বায়নে আমরা সদাসচেষ্ট।

বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে আয়োজিত বছরব্যাপী অনুষ্ঠানে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ও সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। নতুন প্রজন্মের সামনে বাঙালী জাতির সঠিক ইতিহাস, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসাধারণ নেতৃত্ব এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নতির চিত্র সঠিকভাবে উপস্থাপনের জন্য আমাদের পাঠ্যক্রমে যথাযথ গুরুত্ব দেওয়া হয়েছে। আমি আশা করব, ভবিষ্যৎ প্রজন্ম এ থেকে সঠিক দিকনির্দেশনা পাবে। পরিশেষে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধুর জন্য রইল আমার অপরিসীম শ্রদ্ধা ও ভালোবাসা। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের জন্য রইল আমার অকৃত্রিম শুভেচ্ছা ও ভালোবাসা।

লেখক: সাবেক সভাপতি, বোর্ড অব ট্রাস্টিজ, নর্থ সাউথ ইউনিভার্সিটি ও এফবিসিসিআই

নামাজের সময়-সূচী

আগস্ট	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
ফজর	৪.৩৩	৪.৩৬	৪.৩৬	৪.৩৭	৪.৩৯	৪.৪০	৪.৪১
সূর্যোদয়	৫.৫৯	৬.০০	৬.০০	৬.০১	৬.০২	৬.০৩	৬.০৪
জোহর	১.০১	১.০১	১.০১	১.০১	১.০১	১.০১	১.০০
আসর	৫.৫৮	৫.৫৭	৫.৫৭	৫.৫৬	৫.৫৫	৫.৫৪	৫.৫৩
মাগরিব	৮.০৪	৮.০১	৮.০১	৮.০০	৭.৫৮	৭.৫৭	৭.৫৬
এশা	৯.২৮	৯.২৫	৯.২৫	৯.২৩	৯.২২	৯.২০	৯.১৮

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

স্মরণ : তাঁর সমৃদ্ধ কর্মময় জীবন অনুসরণীয়

বাপ্পু সিদ্দিকী

একজন ব্যক্তি তাঁর ব্যক্তিজীবনে একাধারে বিচারপতি, উপাচার্য, রাষ্ট্রপতি থেকে শুরু করে জাতিসংঘের বিশেষ দূতসহ বিদেশে মুক্তিযুদ্ধকালীন রাষ্ট্রের বিশেষ প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করে তাঁর চিন্তা-চেতনা ও কর্মের মধ্যে রেখে গেছেন সততার উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি আর কেউ নন-তিনি ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী। জীবনের শেষ দিন পর্যন্ত তিনি আইনের শাসনের কথা, মানবাধিকারের কথা বলে গেছেন। সত্য, সুন্দর ও ন্যায় প্রতিষ্ঠাকেই জীবনের ব্রত হিসেবে গ্রহণ করেছিলেন। শোকের মাস আগস্টের ২ তারিখ ১৯৮৭ সালে আমরা দেশবরেণ্য আলোকিত স্বজন সাবেক রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরীকে হারাই। তিনি টাঙ্গাইলের কালিহাতী উপজেলার নাগবাড়ীতে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ৩১ জানুয়ারী ১৯২১ সালে জন্মগ্রহণ করেছিলেন। তাঁর ডাকনাম ছিল শাহজাহান। পিতা আব্দুল হামিদ চৌধুরী সাবেক পূর্ব পাকিস্তান আইন পরিষদের স্পিকার ছিলেন। তিনি কলকাতার প্রেসিডেন্সি কলেজ থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে এমএ ও আইনশাস্ত্রে স্নাতক ডিগ্রি অর্জন করেন। তিনি লন্ডনের লিংকস ইন হতে বার এট ল ডিগ্রি লাভ করেন।

একজন উপাচার্য বা বিচারপতি অথবা রাষ্ট্রপতি সব ভূমিকায়ই তিনি চিরকাল ভাস্বর হয়ে থাকবেন। তবে সম্ভবত আবু সাঈদ চৌধুরীর জীবনে সর্বোত্তম গৌরবদীপ্ত কর্মসম্পাদিত হয়েছে মুক্তিযুদ্ধকালে। ১৯৭১-এর ২৬ মার্চ বঙ্গবন্ধু যখন স্বাধীনতা ঘোষণা করেন, তখন তিনি লন্ডনে অবস্থান করছিলেন। স্বাধীনতা ঘোষণার পরদিন অর্থাৎ ২৭ মার্চ বিচারপতি আবু সাঈদ চৌধুরী তৎকালীন পাকিস্তান সরকারের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করে বাঙালী জাতির ওপর পাকিস্তানী হানাদার বাহিনীর নৃশংস হত্যাকাণ্ডের খবর বিশ্বব্যাপী প্রচারের উদ্যোগ গ্রহণ করে ভূয়সী সাহসিকতার পরিচয় দিয়েছেন। তিনি মুজিবনগর সরকারের বিশেষ দূত হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে বিশ্বদরবারে বঙ্গবন্ধুর মুক্তি দাবি করেন। যদিও তিনি যুদ্ধকালীন মুজিবনগর সরকার গঠিত হওয়ার আগেই স্বাধীনতাসংগ্রামের পক্ষে কাজ শুরু করেছিলেন। বিবিসি



আবু সাঈদ চৌধুরীর যুগান্তকারী বক্তব্য প্রচার করলে সারা বিশ্বে ছড়িয়ে থাকা বাঙালী জাতি আমাদের মুক্তিযুদ্ধকে যেমন সমর্থন করেন, তেমনি দেশের মানুষ স্বাধীনতাযুদ্ধের পতাকাতলে ঐক্যবদ্ধ হতে থাকেন।

এতে ভীত হয়ে পাকিস্তানী সামরিক জান্তা লন্ডনে আবু সাঈদ চৌধুরীকে নানাভাবে ভয়ভীতি প্রদর্শন করতে থাকে। কিন্তু তাঁর আদর্শ, সাহস ও দেশমাতৃকার প্রতি একনিষ্ঠ ভালোবাসার কাছে সব ভয়ভীতি তুচ্ছ হয়ে যায়। তিনি সদম্ভে ঘোষণা করেন, 'লন্ডনের রাজপথে আমার শবদেহ পড়ে থাকবে, কিন্তু পাকিস্তানের কাছে আপস করে দেশে ফিরব না। জয় আমাদের হবেই।' বাংলাদেশের স্বাধীনতা নিয়ে তিনি বলতেন, 'দেশ যে স্বাধীন হবে সে বিষয়ে আমার মনে কোনো সন্দেহ নেই। সন্দেহ থাকতে পারে না। সন্দেহ যদি হয় জীবনে যা কিছু সত্য বলে জেনেছি সব মিথ্যে হয়ে যাবে। সত্যের জয় অবধারিত।' (প্রবাসে মুক্তিযুদ্ধের দিনগুলো) বিশ্বজনমতকে আমাদের মহান মুক্তিযুদ্ধের পক্ষে নিয়ে আসতে তিনি উল্কার মতো এক দেশ থেকে আরেক দেশে ছুটে বেড়িয়েছেন। কোনো ক্লান্তি বা হতাশা তাঁকে স্পর্শ করতে পারেনি। আমাদের দেশের গণমানুষের পক্ষে বিশ্বজনমত গঠন করেই তিনি ক্ষান্ত হননি, তিনি আমাদের মুক্তিযুদ্ধকে ন্যায়ের যুদ্ধ এবং গণতন্ত্রের স্বার্থে এই যুদ্ধের অপরিহার্যতা তুলে ধরেন। তিনি আন্তর্জাতিক পরিমন্ডলে এই ধারণাটি সৃষ্টি করতে সক্ষম হয়েছিলেন যে আমাদের মুক্তিযুদ্ধ কোনো বিচ্ছিন্নতাবাদী আন্দোলন ছিল না।

পাকিস্তানী সামরিক জান্তা 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রহসনের বিচারে ফাঁসির কাষ্ঠে ঝোলাতে উদ্যোগী হলে, তাদের সে হীন উদ্দেশ্য নস্যাৎ করতে আয়ারল্যান্ডের নোবেল বিজয়ী শ্যোন ম্যাকব্রাইডের নেতৃত্বে যে পাঁচ সদস্যের দল পাকিস্তানে গিয়ে নরঘাতক ইয়াহিয়ার ওপর চাপ সৃষ্টি করেন, সেই দল প্রেরণের মূল ভূমিকায় ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী। তাঁর লক্ষ্য ছিল পাকিস্তানী সামরিক জান্তা যেন কোনো প্রকারে সদ্য ঘোষিত স্বাধীন রাষ্ট্রের পিতাকে হত্যা করতে না পারে। ১০ জানুয়ারী ১৯৭২ ছিল জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তনের দিন। এর দুই দিন পর ১২ জানুয়ারী বিচারপতি আবু সাঈদ চৌধুরী রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধানমন্ত্রী হিসেবে শপথবাক্য পাঠ করান। ১৯৭৩-এর ১০ এপ্রিল আবার আবু সাঈদ চৌধুরী বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাষ্ট্রপতি নির্বাচিত হন। সংবিধান প্রণীত হওয়ার পর তিনিই হন বাংলাদেশের প্রথম সাংবিধানিক রাষ্ট্রপতি।

বিচারপতি আবু সাঈদ চৌধুরীর একনিষ্ঠ দেশপ্রেম, নির্ভেজাল সততা কাল থেকে কালান্তরে বাংলাভাষী জনগোষ্ঠীর হৃদয়ে স্থায়ী হয়ে থাকবে। মৃত্যু তাঁকে কর্মযোগ থেকেই অতর্কিতে যখন ছিনিয়ে নিয়ে যায়, তখন তিনি জাতিসংঘের মানবাধিকার সংস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে জেনেভার পথে লন্ডনে ছিলেন। মৃত্যুর আহবানে সাড়া দিয়ে তিনি চলে গেলেও এই কর্মবীর মৃত্যুর প্রহর গুনে সময় নষ্ট করেননি। তাঁর সমৃদ্ধ কর্মময় জীবন অনুসরণীয়। (দৈনিক কালের কণ্ঠ)

লেখক: সাবেক প্রধান শিক্ষক ও রাজনীতিবিদ
e-mail: bappusiddique13@gmail.com

সাধ্যমত সাহায্য করুন

ওয়াহিদ হোসাইনী



বুধবার ৪ আগস্ট, ২০২১। বাংলাদেশের কোন সুখবর খবর শুনলে, কান খাড়া করে শুনি। এই সেদিন অলিম্পিক উদ্বোধনের দিন টেলিভিশনের সামনে বসে ছিলাম। কখন বাংলাদেশের টিম পতাকা নিয়ে আসবে। বাংলাদেশ টিমকে দেখা গেল মাত্র কয়েক সেকেন্ডের জন্য। তাতেই কত আনন্দ। আর যদি কোন দুঃসংবাদ শুনি মনে হয় ছুটে গিয়ে যা পারি সাহায্য করি। আমি বাংলাদেশে কোভিড-১৯ প্রকোপের কথা বলছি। 'লক আউট' চলছে। মানুষের দুর্দশার শেষ নেই। 'দিন আনে দিন খায়' ওয়ালদের অবস্থা সব চাইতে খারাপ। ভাবছি কি করে সাহায্য করতে পারি। তবে কেউ কেউ শুধু ভাবছে না, কিছু করার জন্য এগিয়ে এসেছে। কাজ শুরু করে দিয়েছে। অস্ট্রেলিয়া, বাংলাদেশ ও উত্তর আমেরিকায় বসবাসরত প্রাক্তন মির্জাপুর ক্যাডেট ছাত্ররা এগিয়ে এসেছেন। বাংলাদেশে করোনার বিরুদ্ধে কার্যরত তিনটি প্রতিষ্ঠানকে তাদের সেবা কার্যে সহায়তা করতে পরিকল্পনা করেছেন। তাদের উদ্দেশ্য হলো অর্ধ মিলিয়ন বা পাঁচ লক্ষ ডলার তুলে বাংলাদেশের এই তিনটি প্রতিষ্ঠানকে তাদের কোভিড সেবা কার্য্যক্রমের জন্য দান করা। এই প্রতিষ্ঠান গুলো হলো- BRAC USA (https://bracusa.org), Bangladesh Emergency Action Against Covid-19 (BEACON): A UK based NGO Ges Kumudini Hospital, Mirzapur. সবগুলো প্রতিষ্ঠানই কোভিড সেবা কর্মের জন্য সুবিদিত। এই আবেদন লেখার সময় পর্যন্ত চাঁদা উঠেছে প্রায় ৪০ হাজার ডলার। চাঁদার আবেদন শুধু সাবেক ক্যাডেটর;ও মধ্যেই সীমিত নয়। যে কেউ বাংলাদেশীদের সাহায্য করতে আগ্রহী সবাইকে মুক্ত হস্তে এগিয়ে আসতে আবেদন করছে উদ্যোক্তারা। চাঁদার কোন সীমা নেই। যত বেশী বা যত কম ইচ্ছা মত দান করতে পারেন। আমেরিকায় সেই চাঁদা ট্যাক্স মুক্ত| https://gofund.me/950c59ba এ গিয়ে Covid Relief For Bangladesh এ খুব সহজে দান করতে পারেন।

সাবেক ক্যাডেটদের আবেদন- পেছনে ফেলে আসা আপনার দেশের মানুষের জন্য সাধ্যমত সাহায্য করুন।

e-mail: ElderHossaini@gmail.com
ফোন: ৭০৩-২০৯-১৭৮২

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

গণতন্ত্র ও মানবিক সমাজ

(১৪ পাতার পর)

প্রকাশ করেছে–এ কথা বোধ করি কেউ প্রমাণ করতে পারবে না। আমাদের রাজনৈতিক দলগুলো গণমুখী না হয়ে দলমুখী হওয়ার সংস্কৃতিই যেন বাঁচিয়ে রাখতে চাচ্ছে। তারা কোনোভাবেই নিজেদের শোধরাতে পারেনি। তাই এখন গতাঁধা হয়ে গেছে দলীয় প্রতিক্রিয়া।

স্বাধীনতার পর থেকে, বিশেষ করে ১৯৭৫-এর পর থেকে জনপ্রতিনিধিত্বের দর্শনটা পাল্টে গেল। আমরা বঙ্গবন্ধুর অভাব তীব্রভাবে অনুভব করলাম। গণতন্ত্রের আকাঙ্ক্ষা নিয়ে যে দেশ স্বাধীন হলো, সে দেশের গণতন্ত্রের চর্চাকারী ঐতিহ্যবাহী দলের নেতৃত্ব বিরুদ্ধ স্রোতের মুখে ঐতিহ্য আর আদর্শ থেকে আত্মবিশ্বাস তৈরি করতে পারল না। প্রথমে সামরিক শাসন অতঃপর এর বেসামরিক লেবাস দেখে তারা যেন হতাশ হয়ে পড়েছিল। এ সময় থেকে এই দেশের রাজনীতি হয়ে গিয়েছিল গণতান্ত্রিক প্রক্রিয়ার নামাবরণে ক্ষমতায় পৌঁছার প্রতিযোগিতার রাজনীতি। গণতন্ত্র আর পূর্ণ অবয়ব নিয়ে দাঁড়াতে পারল না। জেনারেলরা সেনাছাউনি থেকে এসে প্রথমে ক্ষমতা দখল করলেন, পরে উর্দি খুলে নতুন দলের নাম আর দর্শন প্রচার করে বেসামরিক হয়ে গেলেন। রাজনীতির মাঠের সুবিধাবাদী এবং সুবিধা অন্বেষী মানুষগুলোকে দলে ভেড়াতে পারলেন সহজেই। তৃণমূল পর্যায় পর্যন্ত এর বিষবাষ্প ছড়িয়ে পড়ল। রাজনীতির নামে ছাত্রসমাজের একাংশের আদর্শের মেরুদণ্ড ভেঙে ফেলা হলো। পেশাজীবী সংগঠনগুলোর নৈতিকতার ভিত্তি গুঁড়িয়ে দেওয়া হলো। এরই মধ্যে কথাসর্বস্ব হয়ে যাওয়া বাম দলগুলোর মধ্যে ইতিবাচক ভূমিকা রাখার মানসিক বল আর অবশিষ্ট ছিল না। অন্যদিকে গডডলিকায় গা ভাসাল মুক্তিযুদ্ধে নেতৃত্ব দেওয়া আওয়ামী লীগ। তখন বড় দলগুলোর একটাই মোক্ষ হয়েছিল, নির্বাচন নির্বাচন খেলার মধ্য দিয়ে কিভাবে একে অন্যকে ডিঙিয়ে ক্ষমতায় পৌঁছা যায়। প্রতিযোগিতার গতি এত দ্রুত যে জনদরদি নেতা হয়ে ভোটারের মনোরঞ্জনের মতো ফুরসত কারো হাতে থাকেনি। বর্তমানে নির্বাচনী ব্যবস্থাকে দুর্বল করে দেওয়ার দায় আওয়ামী লীগ এড়াতে পারবে না। এড়াতে চাইলেও ইতিহাস বারবার মনে করিয়ে দেবে।

এর পরও আমরা বিশ্বাস করতে চাই, আমাদের দেশের রাজনীতিবিদদের একটি অংশ প্রকৃত অর্থে গণতন্ত্রে বিশ্বাসী। তারা ব্যক্তি ও গোষ্ঠীস্বার্থকে অতিক্রম করে গণমানুষের অধিকার প্রতিষ্ঠা করতে চায়। ক্ষমতার রাজনীতির বাস্তবতার ভেতর থেকেও তারা চায় বিপন্ন গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক মর্যাদায় ফিরিয়ে আনতে। প্রতিক্রিয়াশীল সাম্প্রদায়িক শক্তির সদম্ভ বেড়ে ওঠার অশুভ তৎপরতাকে মুক্তিযুদ্ধের চেতনা নিংড়ানো তীক্ষ্ণ রশ্মি দিয়ে ঝলসে দিতে চায়। দেশের সাধারণ মানুষের বড় অংশও এই সুন্দরের প্রতীক্ষায়।

যেহেতু এ দেশের রাজনীতি বহুকাল ধরেই নানা রকম দুর্বলতার মধ্য দিয়েই বেড়ে উঠেছে, তাই নির্ভেজাল গণতন্ত্র পাওয়া আমাদের জন্য দুরূহ। দুর্বল হয়ে যাওয়া কথাসর্বস্ব বিএনপি সহসাই রাজনীতির মাঠে ঘুরে দাঁড়াতে পারবে তেমন বোধ হয় না। এমন অবস্থায় স্বৈরতন্ত্র শক্তিশালী হয়ে পড়ার আশঙ্কা। তবু আমরা সুন্দরের প্রত্যাশা করি। অনেক সীমাবদ্ধতার পরও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি জনগণের আস্থা রয়েছে। তিনি যদি অগ্রগতির ধারা বজায় রাখার পাশাপাশি রাজনীতিতে গণতান্ত্রচর্চার পরিবেশ তৈরি করতে পারেন, তবে বাংলাদেশকে অনেক বেশি উচ্চতায় নিয়ে যাওয়া সম্ভব। আর এই শক্তি পাওয়া সম্ভব মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখার মধ্য দিয়ে।

লেখক : অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

শ্রদ্ধাঞ্জলি : অস্থির এই

(১৮ পাতার পর)

প্রত্যাশা করেছিলেন। বঙ্গবন্ধু ও বঙ্গবন্ধুকন্যাও আধুনিক কৃষির জন্য বাড়তি সরকারি বিনিয়োগে উদারহস্ত। আজ বিশ্বকে যে সংকট জাপটে ধরেছে, তার পেছনে আমাদের প্রকৃতির সঙ্গে দুর্ব্যবহার এবং অবারিত লোভ কম দায়ী নয়। একইভাবে বিশ্বের এবং বাংলাদেশের ধনী মানুষগুলোর অতি-লাভের প্রবণতাকেও বাগে আনা সম্ভব হয়নি। তাই কোনো দেশ প্রায় শতভাগ টিকা দিয়ে ফেলেছে, আবার কোনো দেশ ৩-৪ শতাংশ মানুষকেও টিকা দিতে পারেনি।

এর ফলে আমাদের সমাজের সন্ধিগুলো শিথিল হয়ে যাচ্ছে। মানুষ যে মানুষের জন্য- তা যেন আমরা ভুলেই বসে আছি। তাই একজনের বিপদে আরেকজন, এক দেশের বিপদে আরেক দেশ, সে কথা জোর গলায় বলতে পারছি না। রবীন্দ্রনাথ এমন মানুষ বা বিশ্ব চাননি। তার জীবনের একেবারে শেষ দিকে এসে লেখা 'সভ্যতার সংকট' প্রবন্ধেও তিনি লিখেছেন মানুষের ওপর বিশ্বাস হারানো পাপ। আমরাও তার চোখ দিয়েই এ বিশ্বকে দেখতে চাই। গতিময় অথচ মানবিক এক বিশ্বকে দেখতে চাই। একইভাবে আমাদের জাতির পিতার চোখ দিয়ে দুঃখী মানুষের দুঃখ মোচনের দৃশ্যটি দেখতে চাই। ভেতর-বাইরের এই দৃষ্টিভঙ্গির সংশ্লেষেই গড়ে উঠবে নয়া পৃথিবী, নয়া স্বদেশ- সেই কামনাই করছি। এই দৃষ্টিভঙ্গি অর্জন করতে হলে আমাদের প্রথমেই একটি সত্য উপলব্ধি করতে হবে, সংকটময় এই পৃথিবীর একটি সমস্যা আরেকটি থেকে বিচ্ছিন্ন নয়। তাই তো জলবায়ু সংকট পুরো পৃথিবীকে একসঙ্গে ভাবায়। একসঙ্গে তাকে মোকাবিলার প্রয়োজন হয়। বিশ্বজুড়ে অন্যায্যতা ও বিচ্ছিন্নতা যখন দানা বেঁধে উঠছে, তখন জাতীয় বা স্থানীয় পর্যায়েও তার প্রভাব পড়তে বাধ্য। জলবায়ুর সংকট মোকাবিলায় তাই ধনী দেশগুলোর প্যারিস চুক্তি পরিপালনে অর্থ ঢালতে হবে। নভেম্বর মাসে ব্রিটেনের গ্লাসগোতে বিশ্ব জলবায়ু সম্মেলন বসবে। সেখানে যে উন্নত দেশগুলো দ্রুত জলবায়ু পরিবর্তনের শিকার দেশগুলোর টিকে থাকার সংগ্রামের সাথী হয়, সে দাবি সারা বিশ্বের নাগরিক সমাজেরই করতে হবে। রবীন্দ্রনাথ বেঁচে থাকলে নিশ্চয় তা করতেন। কেননা তিনিই তো বলেছিলেন, 'প্রকৃতির দান ও মানুষের জ্ঞান মিলে সভ্যতা'।

ভালো লাগছে, বেশ কয়েকটি নাগরিক গোষ্ঠী এরই মধ্যে ধনী দেশগুলো যাতে তাদের দেয় অর্থ ছাড় করতে সক্রিয় হয়, সে দাবিতে সোচ্চার হয়ে উঠেছে। সুইডেনের কিশোরী গ্রেটার সঙ্গে সারা বিশ্বের স্কুল ছাত্রছাত্রীরা জলবায়ু সৈনিক হিসেবে নিয়মিতভাবে শুক্রবার করে আন্দোলন করছে। এমন ইতিবাচক সাংগঠনিক শক্তিই আমাদের সমাজের ভেতরের আবর্জনাগুলো দূর করে বিশ্বের মঙ্গলকামী শক্তির উত্থান ঘটবে বলে বিশ্বাস করি। বিশ্বসংকটের এই ক্রান্তিকালে আমাদের রবীন্দ্রভাবনায় আরও গভীরভাবে অবগাহন করতে হবে। অস্থির এই সময়ে তাই রবীন্দ্রনাথ যেন আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠেছেন। তিনি ছিলেন সাধারণের প্রতিনিধি। তাই সাধারণ মানুষের কাছে গিয়ে বলতে পেরেছিলেন, 'মোর নাম এই বলে খ্যাত হোক / আমি তোমাদেরই লোক / এই হোক শেষ পরিচয়'।

এই রবীন্দ্রনাথকে সংকটসংকুল এই বিশ্বে খুব বেশি করে মনে পড়ছে। আমাদের অজেয় প্রাণশক্তির উৎস বিশ্বকবির প্রতি জানাই অশেষ শ্রদ্ধা।

অর্থনীতিবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এসে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

সেখে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৮ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

নিউইয়র্কে ইনডোর ভেনুতে চালু হচ্ছে

(প্রথম পাতার পর)

মেয়র বিল ডি ব্লাসিও মঙ্গলবার এক ঘোষণায় এ কথা জানিয়েছেন। এর মধ্যদিয়ে নিউইয়র্কই যুক্তরাষ্ট্রের বৃহৎ কোনো নগরী যেটি এ উদ্যোগ নিয়েছে।

এক সংবাদ সম্মেলনে ব্লাসিও বলেন, তোমার যদি টিকা দেয়া থাকে তাহলে তোমার হাতে চাবি থাকবে, তুমি দরজা খুলতে পারবে। কিন্তু টিকা দেয়া না থাকলে দুর্ভাগ্য তুমি তা পারবে না।

যুক্তরাষ্ট্রে করোনাভাইরাস বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে ব্লাসিও আরো বলেন, 'কি টু এনওয়াইসি' নামের স্বাস্থ্য পাশ ১৬ আগস্ট থেকে চালু করা হবে।

তিনি বলেন, ভাল, পরিপূর্ণ ও সুস্থ জীবন যাপনের জন্যে টিকাদানকে আক্ষরিকভাবে প্রয়োজনীয় বলে দেখার সময় এসেছে।

উল্লেখ্য, নিউইয়র্ক সিটিতে ৮০ লাখেরও বেশি লোকের বাস। এদের মধ্যে ৭১.৮ শতাংশ বয়স্ক লোক টিকার কমপক্ষে একটি ডোজ গ্রহণ করেছে। সরকারি হিসেব থেকে এ তথ্য জানা গেছে।

নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদের বিরোধী বাইডেন

(প্রথম পাতার পর)

বাইডেন প্রশাসন। ২০১৪ সালে প্রথমবার ভারতের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ার পর থেকেই নরেন্দ্র মোদি জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যপদ লাভের চেষ্টা শুরু করেন। খবর দ্যা হিন্দুর।

মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক তিন প্রেসিডেন্ট জর্জ ডাব্লিউ বুশ, বারাক ওবামা ও ডোনাল্ড ট্রাম্প ভারতের এই আকাঙ্ক্ষার ব্যাপারে ইতিবাচক দৃষ্টিভঙ্গি পোষণ করলেও বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের তাতে আপত্তি রয়েছে।

চলতি বছরের জানুয়ারি মাসে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে দুই বছরের জন্য ভারতের পর্যায়ক্রমিক অস্থায়ী সদস্যপদের মেয়াদ শুরু হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শাসনামলে ভারত এই প্রথম নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদ পেল।

এছাড়া, জাতিসংঘ প্রতিষ্ঠার পর থেকে এই নিয়ে ভারত অষ্টমবারের মতো নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদের অধিকারী হলো।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমাদের কিছু ছবি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "'ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএসসিআইএস আপবেদন ত্বরান্বিত করার শর্ত হালনাগাদ করেছেঃ

ইউএস সিটিজেনশীপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিসআইএস) আবেদনকারীদের আবেদন ত্বরান্বিত করার অনুরোধ সংক্রান্ত নীতিমালা সংশোধন করেছে নীতিমালার এইসব পরিবর্তন অনেকের অনেক সাহায্যে আসবে।

ইউএসসিআইএস'র পূর্বেও নীমিতালাঃ

সাধারণভাবে যে সমস্ত আবেদন প্রিমিয়াম প্রসেসের যোগ্য নয়, সেইসব আবেদন ত্বরান্বিত করার অনুরোধ মঞ্জুর করবার কর্তৃত্ব রয়েছে। ঐতিহাসিকভাবে, ইউএস সিআইএস এ ধরনের অনুরোধ ত্বরান্বিত করার অনুরোধ মঞ্জুর করা, গ্রহন যোগ্যতার মান সীমিত করার ব্যাপারে খুব ঢিলেঢালা ছিলো। এবং প্রয়োজনীয় প্রমানাদিও কাগজপত্র জমাদানের শর্ত ছিলো। এসইব শর্তেও মধ্যে জরুরী মানবিক কারণ ছিল, মার্কিন সরকারের বাধ্যবাধকতার আগ্রহ, ইউএসসিআইএস'র ভুল শোধরানো এবং কোন কোম্পানি ব্যক্তির ভয়ংকর আর্থিক ক্ষতির শর্তও অন্তর্ভুক্ত ছিলো।

বর্তমান পারিবারিক নীমতিলায় রয়েছে বিরাট নমনীয়তাঃ

ট্রাম্প প্রশাসন দ্রুত সেবা প্রাপ্তির সুযোগ অত্যন্ত জটিল করে দিয়েছিলো। যাহোক, বর্তমান নীতিমালার এই হালনাগাদ পরিবর্তন করা হেছে- বাইডেন প্রশাসননের অগ্রাধিকারের আলোকে। এর লক্ষ্য হচ্ছে, প্রশাসনের সময় অপচয় হ্রাস করে আবেদনকারীদেও ক্ষেত্রে নমনীয়তা গ্রহণ করা। তবে সাধারণভাবে যোগ্যতার মান বৃহত্তর অর্থে এক থাকলেও ইউএসসিআইএস নয়া পরিবর্তনে আবেদনের ক্ষেত্রে বিশেষ ক্ষমতাকে প্রসারিত করবে।

নিম্নলিখিত পরিস্থিতিতেঃ

অলাভজনক প্রতিস্ঠান সমূহের জন্য যাদের অনুরোধের কারণে যুক্তরাষ্ট্রে সাংস্কৃতিক ও সামাজিক স্বার্থকে শক্তিশারী করবে।

কতিপয় জরুরী পরিস্থিতির জন্য যেমন, সময়ের গুরুত্ব বিবেচনায় জরুরী পরিস্থিতির জন্য যেমন, সময়ের গুরুত্ব বিবেচনায় জরুরী চিকিৎসার জন্য যুক্তরাষ্ট্রে ভ্রমণ।

কোন ব্যক্তির আর্থিক ক্ষতি যেমন কাজের জন্যে ভ্রমণের অক্ষমতা যার ফলে চাকরি হারানোর আশংকা।

বিশেষতঃ ত্বরান্বিত করার মানদন্ড বোঝাতে যে ভাষা ব্যবহার করা হয়েছে তা আগে ট্রাম্প প্রশাসনের সময়ের পরিবর্তন হয়েছিলো তা আরও সম্প্রসারিত করেছে। উদাহরণস্বরূপ কোন কোম্পানীর মারাত্মক আর্থিক ক্ষতি পরিহার কওে তার স্থলে 'বার্থ তার ঝুঁজি'কে সীমিত করা হয়েছে। হালনাগাদ পরিবর্তনে বরা হেয়ছে কোন ব্যক্তির কর্মহীনতা বলতে তার আর্থিক ক্ষতিই যথার্থভাবে বোঝাবে।'

আবেদন ত্বরান্বিত করতে কীভাবে আবেদন জানাতে হবে

ইমিগ্রেশন বেনিফিটের জন্য আপনি ইউএসসিআইএসকে এই আবেদন জানাতে পারেন। ইউএসসিসআইএস কেস বাই কেস ভিত্তিতে ত্বরান্বিত করার আবেদন বিবেচনা করবে। আপনাকে আবেদনের সমর্থনের প্রসানাদিদিতে হবে আবেদন মঞ্জুর বা প্রত্যাখ্যানের ক্ষমতা রয়েছে ইউএসআইএস'র।

আবেদনের মানদন্ড এবং পরিস্থিতির

নিচের একটি বা অদি কারণে প্রমাণিত হলে ইউএসসিআইএস আবেদন বিবেচনা করতে পারেঃ

কোন কোম্পানী বা ব্যক্তির ভয়ংকর আর্থিকক্ষতি যদি কারীর (১) সময়মত বেনিফিটের আবেদন অথবা (২) অতিরিক্ত প্রমাণের জন্য



যদি সময়মত সাড়া না দেয়ার কারণে হয়ে থাকে;

জরুরী মানবিক কারণ সমূহ

অলাভজনক সংগঠন (আইএআরএস নির্ধারিত) যাদের অনুরোধ যুক্তরাষ্ট্রে সাংস্কৃতিক ও সামাজিক স্বার্থকে এগিয়ে নিবে;

যুক্তরাষ্ট্র সরকারের প্রতিষ্ঠান সমূহ (মার্কিন প্রতিরক্ষা বিভাগ, লেবার ডিপার্টমেন্ট অথবা অন্যান্য জনিনরাপত্তা বা জাতীয় বিনরাপত্তার প্রতিষ্ঠানের স্বার্থ সংশ্লিষ্ট, অথবা ইউএসসিআইএস'র ভুল নিরসন।

উপরের যে কোন একটি অথবা একাধিক শর্ত বর্তমান থাকলেও আবেদন বিবেচনা করবে ইউএসসিসআইএস।

বিস্তারিত জানার জন্য দেখনঃ ইউএসসিআইএস পলিসি ম্যানুয়াল, ভল্যুম১, পার্ট-১, পাবলিক সার্ভিসেস, চ্যাপ্টার-৫, বিকুয়েস্ট টু এক্সপেডায়িট এপ্লিকেশনস অব পিটিশনস [১ইউএসআইএস-পিপএসএ.৫]

ত্বরান্বিত করণের অনুরোধ কীভাবে করতে হয়

সাধারণভাবে ১-৮০০-৩৭৫-৫১৮৩ নম্বরে ইউএসসিসআইএস কনট্রাক্ট সেন্টারে যোগাযোগের মাধ্যমে দ্রুততর করার আবেদন জানাতে পারেন। রিসিট নম্বর ছাড়া ইউএসসিআইএস আলাদা আবেদন উপযুক্ত অফিসে রেফার করতে পারবে না। আপনি যখন আপনার আবেদন ত্বরান্বিত করার অনুরোধ জানাবেন, ইউএসসিসআইএস আপনার আবেদন প্রক্রিয়াকারণের এখতিয়ার যে অফিসের সঙ্গে তার কাছে রেফার করবে।

সার্ভিস অনুরোধ পাওয়ার পর পর্যালোচনার দায়িত্বপ্রাপ্ত অফিস ব্যবস্থা গ্রহণ করা হবে। এ সম্পর্কে আগামীতে আমরা আমাদের সম্মানিত পাঠকদের জন্য আরো বিস্তারিত আলোচনা করার আশা ব্যক্ত করছি।

আজকে আপনাদের জন্যে যে কথাটি উল্লেখ করতে চাই তা হচ্ছে- আপনারা আমাদের এই ভিবাগটি নিয়মিত পড়ুন এবং আপনার কোন প্রশ্ন থাকলে আমাদেও জানান। আমরা আপনাদের সকল প্রশ্নের জবাব দিয়ে থাকি। এ ব্যাপারে প্রয়োজনবোধে আমাদের অফিসের সাথে যোগাযে করতে পারেন।

অফিস আবেদন প্রকিয়াকরণে জন্য অতিরিক্ত অতিরিক্ত আরও কাগজপত্রের জন্য অনুরোধ জানাতে পারে। আবেদন সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত অবম্যই অনুমোদন ও প্রত্যাখ্যান নয়। ইউএসসিসআইএস তার সিদ্ধান্ত কেবল আবেদনকারীকে অবহিত করবে এবং প্রসেস করার স্বাভাবিবক সময়ের চেয়ে দ্রুত করার (অনুমোদন বা প্রত্যাখ্যান) আদেশ দেবে।

উল্লেখ্য যে, একই মানদন্ডের ভিত্তিতে রাজনৈতিক আশ্রয়ের আবেদন, আপিল, বিদেশে পেন্ডিং আবেদন ত্বরান্বিত হতে পারে। পৃথক পৃথক কেসে নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা হবে। এই সম্পর্কে আগামীতে আমরা আমাদের সম্মানিত পাঠকদেও জন্যে আরো বিস্তারিত আলোচনা করার আশা ব্যক্ত করছি। আজকে আপনাদের জন্যে যে কতাটি উল্লেখ করতে চাই তা হচ্ছে- আপনারারা আমাদের বিভাগটি নিয়মিত পড়ুন এবং আপনার কোন প্রশ্ন থাকলেও আমাদের জানান। আমরা আপনাদের সকল প্রশ্নের জবাব দিয়ে থাকি। এ ব্যাপারে প্রয়োজবোধে আমাদের অফিসের সাথে যোগাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

ভারতও হয়তো তালেবানের সাথে আলোচনায় বসবে

হামিদ মীর

২০ বছর আগে বিশ্বাস করা কঠিন ছিল যে, যুক্তরাষ্ট্র এবং আফগান তালেবান একটি শান্তিচুক্তি করতে পারে। তবে এই অসম্ভবটি ২০২০ সালে বাস্তবে পরিণত হলো। আজ এটা বিশ্বাস করা খুবই কঠিন যে, বিশ্বের সবচেয়ে বড় গণতান্ত্রিক দেশ ভারত আফগান তালেবানের সাথে সম্পর্ক স্থাপনে ব্যস্ত হয়ে পড়বে, যারা গণতন্ত্রের প্রতি 'ঘৃণা' প্রকাশ করেছে। পেছনের দরজা দিয়ে যোগাযোগের ঘটনাগুলো সম্প্রতি মিডিয়ায় প্রকাশ পেয়েছে। অথচ ভারতীয় কর্মকর্তারা এটা অস্বীকার করেছেন। এ বিষয়গুলো সন্দেহ সৃষ্টির জন্য বেশ ভালো উপকরণ। মূলত তালেবানের সাথে ভারতের সম্পর্কের এক দীর্ঘ ইতিহাস রয়েছে, যা পাকিস্তান সরকারকে প্রায়ই বিরক্ত করেছে এবং যে ইতিহাস আফগানিস্তানে দিল্লির সম্পৃক্ততা হ্রাস করতে চায়। তারপরও ইতিহাস থেকে যেমনটা জানা যায়, এ চাওয়া স্বল্পসময়ের জন্য। গৃহযুদ্ধ এড়াতে এবং আফগানদের কিছু মৌলিক অধিকার নিশ্চিত করার জন্য সব আঞ্চলিক খেলোয়াড়ের সম্মিলিত প্রচেষ্টা থাকা উচিত।

ভারতীয় কর্মকর্তারা তালেবানদের সাথে ২০১৩ সালে প্রথম সরাসরি যোগাযোগ করেছিলেন। সে সময় একটি সম্মেলনের জন্য তারা তালেবানের শীর্ষ নেতা আবদুস সালাম জায়িফকে ভিসা দিয়েছিলেন। জায়িফ পাকিস্তানে তালেবানের রাষ্ট্রদূত ছিলেন। কিন্তু নাইন-ইলেভেনের পর পাকিস্তান সরকার তাকে গ্রেফতার করে আমেরিকার হাতে তুলে দেয়। ২০১০ সালে ভারত থেকে তার বইগু ষরভব ডরঃয ঃযব ঞধষরনধহ প্রকাশ করা হয়। জাতিসঙ্ঘের সন্ত্রাসবাদ সংক্রান্ত তালিকা থেকেও তার নাম মুছে ফেলা হয়। এরপর কোনো একসময় তিনি ভারতে আসেন। একটা প্রশ্ন থেকে যায়, কেন তিনি ভারত সফরে রাজি হলেন এবং ভারত কেন তাকে ঢুকতে দিলো? নাইন-ইলেভেনের পর পাকিস্তানের ইউটার্নে আফগান তালেবান খুশি ছিল না। জায়িফ তার বইয়ে পাকিস্তানের নিরাপত্তা বিভাগের বিরুদ্ধে স্পষ্টভাবে অসন্তোষ প্রকাশ করেছেন। তিনি লিখেছেন, 'তাদের এক মুখে দু'টি জিহ্বা এবং এক মাথায় দু'টি চেহারা যাতে তারা প্রত্যেকের ভাষায় কথা বলতে পারে। তারা সবাইকে ব্যবহার করে। সবাইকে ধোঁকা দেয়।' পাকিস্তানের কারাগারগুলোতে তার সহকর্মীদের যেভাবে নির্যাতন করা হয়েছে, তিনি এর কঠোর সমালোচনা করেছেন।

অন্যতম শীর্ষ তালেবান নেতা আবদুল গনি বারাদারকে ২০১০ সালে পাকিস্তানে গ্রেফতার করা হয়েছিল। এই গ্রেফতার ছিল একটি টার্নিং পয়েন্ট। বারাদার আফগানিস্তানের সাবেক প্রেসিডেন্ট হামিদ কারজাইয়ের সাথে যোগাযোগ করেছিলেন, যিনি চুপিচুপি রাশিয়া, ইরান ও ভারতকে তালেবানের সাথে সংলাপের জন্য চাপ দিচ্ছিলেন। কারজাইয়ের সাথে বারাদারের যোগাযোগের কারণে পাকিস্তান অসন্তুষ্ট হয়েছিল এবং তাকে গ্রেফতার করেছিল। পাকিস্তানের হাতে এমন লাঞ্ছনা তালেবানকে রাশিয়া, ইরান ও ভারতের সাথে 'চ্যানেল' খুলতে বাধ্য করেছিল। তারা সুকৌশলে এই আশ্বাস দিয়ে রাশিয়া ও ইরানের সাথে যুক্ত থাকে যে, একমাত্র তালেবানই আফগানিস্তানে আইএসকে থামাতে পারে। তবে তারা ভারতের সাথে লেনদেনে বেশ সতর্ক ছিল।

২০১৮ সালে পাকিস্তান বারাদারকে মুক্তি দেয় এবং তালেবান তাকে কাতারে তাদের আলোচনার প্রতিনিধিদলের প্রধান বানিয়ে দেয়। একই বছরে কয়েকজন শীর্ষ তালেবান নেতা মস্কোতে ভারতীয় প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ করেন। তারা ভারতকে 'নিরপেক্ষ' করতে চেয়েছিলের। কারণ ভারতীয়রা অতীতে তালেবানবিরোধী শক্তিকে সমর্থন করেছিল। এ দিকে ভারত তালেবানের সাথে সম্পর্ক স্থাপনে আগ্রহী ছিল, কারণ আফগান প্রেসিডেন্ট আশরাফ গনি তাদের বিরুদ্ধে ঐক্যফ্রন্ট তৈরি করতে ব্যর্থ হয়েছিলেন। ভারত নাইন-ইলেভেনের পর আফগানিস্তানে বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। এমনকি কাবুলে একটি নতুন সংসদ ভবনও নির্মাণ করে দিয়েছে। ভারত আফগানিস্তানের বিভিন্ন স্থানে বাঁধ, রাস্তাঘাট, স্কুল, বিশ্ববিদ্যালয়, হাসপাতাল ও স্টেডিয়াম তৈরি করেছে। তালেবানের সাথে চুক্তিতে আবদ্ধ না হলে এগুলো সবই নষ্ট হয়ে যাবে।

গত বছর আমেরিকাও ভারতকে তালেবানের সাথে চুক্তিতে আবদ্ধ হতে বলেছিল। ভারতীয়রা দুশ্চিন্তায় ছিল, আফগানিস্তান থেকে মার্কিন সেনাবাহিনী প্রত্যাহার জম্মু-কাশ্মিরে জঙ্গিবাদকে উৎসাহিত করতে পারে, যেমনটা ১৯৮৯ সালে আফগানিস্তান থেকে রাশিয়ার বাহিনী প্রত্যাহারে ঘটেছিল। তালেবান ভারতকে স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে, তারা কাশ্মিরে হস্তক্ষেপ করবে না। তালেবানও জানত, ভারত আশরাফ গনি সরকারকে সহায়তা দিচ্ছে। তারা ভারতকে নিরপেক্ষ থাকতে সতর্ক করেছিল।

গত মাসে কাতারের এক শীর্ষ কর্মকর্তা প্রকাশ করে দেন, ভারতীয় কর্মকর্তারা এবং তালেবান নেতারা দোহায় একটি বৈঠক করেছেন। এই প্রতিবেদনে পাকিস্তান খুশি হয়নি। প্রকৃতপক্ষে আফগান শান্তি আলোচনায় পাকিস্তান ভারতীয়দের অন্তর্ভুক্তি প্রত্যাখ্যান করেছে। পাকিস্তান সম্প্রতি ভারতের সাথে 'সমঝোতা চুক্তি' করেছে, কিন্তু পাকিস্তান কখনোই তালেবান ও ভারতের মধ্যে সমঝোতা চুক্তিতে আগ্রহী ছিল না। গত ফেব্র"য়ারিতে পাকিস্তান ও ভারত উভয় দেশ যুদ্ধবিরতি চুক্তি ঘোষণা করেছে। সম্প্রতি পাকিস্তানের নিরাপত্তা কর্মকর্তারা সংসদ সদস্যদের এক রুদ্ধদ্বার বৈঠকে বলেছেন, 'আফগান তালেবানরা এখন আর সহযোগী নয়। তারা এখন জোর করে কাবুল দখল করতে চায়।' এই বৈঠকে কর্মকর্তারা আরো বলেন, আফগান তালেবান ও পাকিস্তানি তালেবানের (টিটিপি) মাঝে কোনো পার্থক্য নেই, যারা দীর্ঘ দিন ধরে পাকিস্তানি নিরাপত্তাবাহিনীর ওপর হামলা চালিয়ে আসছে। পাকিস্তান বরাবরই অভিযোগ করে আসছে, পাকিস্তানি তালেবান (টিটিপি) ভারতের সমর্থনপুষ্ট।

পাকিস্তানের কেউ কেউ তালেবান ও ভারতের মাঝে সম্পর্ক স্থাপনকে ইসলামাবাদের জন্য 'কূটনৈতিক লজ্জা' বলে মনে করেন। ভারতেও একই কথা শোনা যায়। সেখানে ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি) সবসময় বলে যাচ্ছে, 'সন্ত্রাসীদের সাথে কোনো আলোচনা নয়'। তারা তালেবানকে 'পাকিস্তানের প্রক্সি' বলে উড়িয়ে দিয়েছে। কিন্তু আফগানিস্তানের পরিবর্তিত দৃশ্যপট সেই 'টেররিস্টদের' সাথে আলোচনা করতে তাদের বাধ্য করেছে। পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান সম্প্রতি বলেছেন, আফগানিস্তানে ভারত সবচেয়ে বড় পরাজিত ও ক্ষতিগ্রস্ত। তবে গৃহযুদ্ধের সময় আফগানরা যেন হেরে না যায়, এটা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

আফগানদের কাছে কথা বলার স্বাধীনতা, নারীর অধিকার ও অন্যান্য গণতান্ত্রিক মূল্যবোধের সুরক্ষার দাবি করার কারণ রয়েছে। আর যদি ভারতীয়দের সম্পৃক্ততায় তালেবানসহ আফগানদের কোনো সমস্যা না থাকে, তাহলে এটাকে স্বাগত জানানো উচিত। প্রকৃতপক্ষে যদি এটা আরো স্থিতিশীল আফগানিস্তান নিশ্চিত করতে সাহায্য করে, তবে এটা পাকিস্তানকেও সাহায্য করতে পারে। হ

'ওয়াশিংটন পোস্ট' থেকে ইংরেজির ভাষান্তর
ইমতিয়াজ বিন মাহতাব
লেখক: পাকিস্তানের প্রখ্যাত সাংবাদিক ও কলামিস্ট

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনৃক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

বঙ্গমাতা : নিভৃতে উৎসর্গিত মহাজীবন

আব্দুর রহমান

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী। বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের ধারাবাহিক ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ তিনি। সরাসরি রাজনীতির সাথে যুক্ত না থেকেও বঙ্গবন্ধুর রাজনৈতিক প্রেরণার সবচেয়ে বড় উৎস ছিলেন বেগম মুজিব। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি জাতির পিতার পাশে থেকে দেশ ও জাতির মঙ্গলাকাঙ্ক্ষায় নিজেকে উৎসর্গ করে গেছেন। তার কর্মের মাধ্যমে তিনি প্রতিষ্ঠা করে গেছেন একটি সংগ্রামমুখর জীবনের উজ্জ্বল দৃষ্টান্ড়। যে জীবন কোটি জীবনের আশা-আকাঙ্খা ও স্বপ্নের সাথে দ্বিধাহীনভাবে যুক্ত হয়েছিল ত্যাগ ও নিপীড়ন মোকাবেলা করবার দৃপ্ত প্রতিজ্ঞায়।

বেগম মুজিব সম্পর্কে একটি সাক্ষাৎকারে বঙ্গবন্ধু বলেছেন- "আমার স্ত্রীর মতো সাহসী মেয়ে খুব কমই দেখা যায়। আমাকে যখন পিন্ডির ফৌজ বা পুলিশ এসে জেলে নিয়ে যায়, আমার উপর নানা অত্যাচার করে, আমি কবে ছাড়া পাব বা কবে ফিরে আসব ঠিক থাকে না, তখন কিন্তু সে কখনো ভেঙে পড়েনি। আমার জীবনের দুটি বৃহৎ অবলম্বন। প্রথমটি হলো আত্মবিশ্বাস, দ্বিতীয়টি হলো আমার স্ত্রী আকৈশোর গৃহিণী।"

ছোটবেলা থেকে বঙ্গবন্ধু যে পরিবেশ ও পরিমন্ডলে বেড়ে উঠেছেন, শেখ ফজিলাতুন্নেছাও সেই একই পরিবেশে বড় হয়েছেন, এমনকি একই পরিবারে। স্বাভাবিকভাবেই মুজিবের আদর্শ, তাঁর সহজাত মানসিকতা, সাহস ও আত্মবিশ্বাসী সত্ত্বা দ্বারা তিনি প্রভাবিত হয়েছেন। সেই কিশোরী বয়স থেকে সকল ক্ষেত্রে স্বামী মুজিবকে সমর্থন করার মধ্যে এটি লক্ষ করা যায়। জীবনের প্রতিটি মুহূর্তে জাতির পিতা বঙ্গবন্ধুকে তিনি প্রশ্নহীনভাবে সমর্থন দিয়েছেন, মনোবল ও সাহস জুগিয়েছেন, অপরিসীম প্রেরণা জুগিয়েছেন। এর সবই তিনি করে গেছেন একান্ত নিভৃতে থেকে।

শেখ ফজিলাতুন্নেছা মুজিব ১৯৩০ সালের ৮ আগস্ট গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। শেখ বংশের নাম তখন ওই অঞ্চলে বেশ পরিচিত। স্বামী শেখ মুজিবুর রহমান তাঁর চাচাতো ভাই ছিলেন। শেখ ফজিলাতুন্নেছার পিতামহ শেখ মোহাম্মদ কাশেম এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পিতামহ শেখ আব্দুল হামিদ ছিলেন চাচাতো ভাই। শেখ ফজিলাতুন্নেছার ডাকনাম ছিল রেনু। তাঁর পিতা শেখ জহুরুল হক ও মাতা হোসনে আরা বেগম। মাত্র পাঁচ বছর বয়সে তিনি পিতা-মাতা উভয়কেই হারান। পিতা-মাতার মৃত্যুর পর থেকে তিনি ভাবী-শাশুড়ি এবং বঙ্গবন্ধুর মাতা সায়েরা খাতুনের কাছে সন্তানের মতো করে বড় হতে থাকেন।

পিতামহের ইচ্ছায় ১৯৩৮ সালে মাত্র ৮ বছর বয়সে শেখ মুজিবুর রহমানের সাথে তাঁর বিয়ে হয়। যদিও তাঁদের সংসারজীবন শুরু হয়েছিল অনেক পরে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তখন কোলাকাতায় পড়াশোনা করতেন। ১৯৪৬ সালের সাম্প্রদায়িক দাঙ্গার সময় এবং দুর্ভিক্ষের সময় তাঁর স্বামী যখন মানুষের পাশে দাঁড়িয়েছেন, বিভিন্নভাবে মানুষের সেবা করেছেন, তাঁর সাথে একইরকম মনোভাব নিয়ে সার্বক্ষণিক সমর্থন দিয়ে গেছেন শেখ ফজিলাতুন্নেছা। এমনকি যুক্তফ্রন্টের নির্বাচনের প্রচারণা ও সার্বিক কর্মকান্ডে অপরিসীম সহযোগিতায় বেগম মুজিবকে একান্ড়ভাবে যুক্ত থাকতে দেখা যায়। ১৯৬৬ সালে ৬ দফা আন্দোলনের পক্ষে জনমত গঠন করতে রান্ড়ায় নেমে লিফলেট বিতরণ করেছেন বেগম ফজিলাতুন্নেছা মুজিব।



বঙ্গমাতার জ্যেষ্ঠ কন্যা মাননীয় প্রানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা লিখেছেন- "বঙ্গবন্ধু জীবনের সবচেয়ে সুন্দর সময়গুলো কারান্তরালে কাটিয়েছেন বছরের পর বছর। তাঁর অবর্তমানে মামলা পরিচালনার ব্যবস্থা করা, দলকে সংগঠিত করা, আন্দোলন পরিচালনা করা- প্রতিটি কাজে অত্যন্ত দক্ষতার পরিচয় দিয়েছেন। তিনি উনসত্তরের গণ-অভ্যুত্থানের বলিষ্ঠ সংগঠক ছিলেন নেপথ্যে থেকে।

তাঁর স্মরণশক্তি অত্যন্ত প্রখর ছিল, আন্দোলন চলাকালীন সময়ের প্রতিটি ঘটনা জেলখানায় সাক্ষাৎকারের সময় বঙ্গবন্ধুকে জানাতেন এবং প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ নিয়ে আসতেন। আওয়ামী লীগ ও ছাত্রলীগকে সে নির্দেশ জানাতেন।

পুলিশ ও গোয়েন্দা সংস্থার চোখ বাঁচিয়ে সংগঠনের নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করতেন এবং প্রয়োজনীয় নির্দেশ দিতেন। আবার আওয়ামী লীগের কার্যকরী সংসদের সভা ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বাড়িতে চলাকালীন সময়ে তিনি নিজের হাতে রান্নাবান্না করতেন এবং খাদ্য পরিবেশন করতেন। এই সংগঠনের জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন। উনসত্তরের গণ-অভ্যুত্থান সংগঠিত করার কাজে তাঁর অবদান অপরিসীম। পুলিশ ও গোয়েন্দা সংস্থার চক্ষু বাঁচিয়ে সংগঠনকে সংগঠিত করতেন, ছাত্রদের নির্দেশ দিতেন, প্রয়োজনীয় সহযোগিতা করতেন।"

বেগম ফজিলাতুন্নেছার পিতামহ শেখ মোহাম্মদ কাশেম তাঁর সমস্ত সম্পত্তি বেগম ফজিলাতুন্নেছা ও তাঁর আরেক বোনকে দান করে গিয়েছিলেন। দাদার দিয়ে যাওয়া সম্পত্তি থেকে যে অর্থ আসত, তা তিনি জমিয়ে রাখতেন। নিজের সাধ-আহ্লাদ পুরণে তা খরচ না করে স্বামীর হাতে তুলে দিতেন। রাজনীতি করতে যে টাকার প্রয়োজন হয়, তা তিনি বুঝতেন এবং স্বামীর পথচলাকে সহজ করতেই ছিল তাঁর এই প্রয়াস।

১৯৪৮ সালে পাকিস্তানের তৎকালীন প্রধানমন্ত্রী মোহাম্মদ আলী জিন্নাহ উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা ঘোষণা করেন। পরবর্তীতে খাজা নাজিমুদ্দিনও একই ঘোষণা দেন। এর প্রতিবাদে এদেশের মানুষ, বিশেষ করে ছাত্রসমাজ তীব্র প্রতিবাদ জানায়। সেই প্রেক্ষিতে রাষ্ট্রভাষা আন্দোলনের প্রথম পর্বে সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠন করায় '৪৮ সালের ১১ মার্চ সচিবালয়ের সামনে আন্দোলনরত অবস্থায় পুলিশ শেখ মুজিবকে গ্রেপ্তার করে। এরপর থেকে পাকিস্ড়ানের ২৩ বছরের শাসনামলে দীর্ঘ ধারাবাহিক আন্দোলনের বিভিন্ন পর্যায়ে বঙ্গবন্ধুকে বারবার কারাগারে যেতে হয়েছে। ১৯৪৯ সালের ২৩ জুন পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ গঠিত হয়। কারাগারে অন্তরীন তরুণ শেখ মুজিবকে নবগঠিত সংগঠনের যুগ্ম-সাধারণ সম্পাদক করা হয়। জেল থেকে ছাড়া পেয়ে খাদ্য সংকটের বিরুদ্ধে আন্দোলনে সোচ্চার হওয়ায় আবারও তাঁকে গ্রেপ্তার করা হয়। ১৯৫০ সালে কারারুদ্ধ হয়ে টানা দু'বছর কারাগারে থাকতে হয়। ১৯৫৮ সালে একের পর এক মিথ্যা মামলা দায়ের করে তাঁকে ১৪ মাস কারান্তরীণ রাখা হয়।

আগরতলা ষড়যন্ত্র মামলায় গ্রেপ্তার করে বঙ্গবন্ধুকে ফাঁসিতে ঝোলাবার সব আয়োজন সম্পন্ন করলে ১৯৬৯ এর ২১ জানুয়ারী ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের মাধ্যমে বাঙালী শেখ মুজিবুর রহমানকে মুক্ত করে আনে এবং রেসকোর্স ময়দানে এক ছাত্র-গণ-সম্বর্ধনায় তিনি বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত হন। জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়ের দীর্ঘ ১৪ বছর বঙ্গবন্ধুকে কারাগারেই কাটাতে হয়েছে। দিনের পর দিন বঙ্গবন্ধুর কারাগারে থাকা অবস্থায় বেগম মুজিব শত সংকট মোকাবেলা করে সংসার সামলে ছেলেমেয়েদের লালন-পালন করেছেন, তাদেরকে পড়াশোনা করিয়েছেন। কোনদিন স্বামীর প্রতি এতটুকু অভিযোগ করা তো দূরে থাক, সবসময় আপসহীন থেকে তাঁর রাজনৈতিক লক্ষ্যের পানে এগিয়ে যেতে নিরন্ড়র উৎসাহ যুগিয়ে গেছেন।

মাকে নিয়ে স্মৃতিচারণ করতে গিয়ে তাঁর কনিষ্ঠ কন্যা শেখ রেহানা লিখেছেন- "জ্ঞান হওয়ার পর থেকে দেখে আসছি, আমার বাবা কারাবন্দি। মা তাঁর মামলার জন্য উকিলদের সঙ্গে কথা বলছেন, রাজবন্দি স্বামীর জন্য রান্না করে নিয়ে যাচ্ছেন, গ্রামের শ্বশুর-শাশুড়ি ও আত্মীয়-স্বজনের খবরাখবর রাখছেন। আবার আওয়ামী লীগ নেতা-কর্মীদের সঙ্গে আলোচনা করছেন, যারা বন্দি তাদের পরিবারের খোঁজখবর নিয়ে টাকাও পাঠিয়ে দিচ্ছেন। কারাগারে দেখা করতে গিয়ে স্বামীর কাছে বাইরের সব খবর দিচ্ছেন এবং তাঁর কথাও শুনে আসছেন। কাউকে জানানোর থাকলে ডেকে জানিয়েও দিচ্ছেন। এরপর আছে তাঁর ঘর-সংসার। এরমধ্যে ছেলেমেয়েদের আবদার, লেখাপড়া, অসুস্থতা, আনন্দ-বেদনা- সবকিছুর প্রতিও লক্ষ রাখতে হয়। এতকিছুর পরও তাঁর নিজের জন্য সময় খুঁজে নিয়ে তিনি নামাজ পড়ছেন, গল্পের বই পড়ছেন, ছেলেমেয়েদের সঙ্গে গল্প করছেন।

কী ভীষণ দায়ভার বহন করছেন! ধীর, স্থির এবং প্রচন্ডরকম সহ্যশক্তি তাঁর মধ্যে ছিল। বিপদে, দুঃখবেদনায় কখনো ভেঙে পড়তে দেখিনি। বরং সেখান থেকে বের হওয়ার পথ খুঁজতে চেষ্টা করেছেন- এটাই ছিল তাঁর চরিত্রের দৃঢ়তা, তাঁর ব্যক্তিত্বের প্রকাশ।"

২৩ মার্চ পাকিস্তানের প্রজাতন্ত্র দিবসে সরকারি বেসরকারি সকল প্রতিষ্ঠানে পাকিস্তানের জাতীয় পতাকা উত্তোলন করা হতো। ১৯৭১ সালের ২৩ মার্চ পাকিস্ড়ানের পতাকার পরিবর্তে সারাদেশে স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলনের ঘোষণা দিয়েছিলেন। এর আগের দিন ২২ মার্চ রাতে খেতে বসে বঙ্গবন্ধুকে চিন্তাক্লিষ্ট দেখে বেগম মুজিব জানতে চেয়েছিলেন, "পতাকা ওড়ানোর ব্যাপারে কি কোন সিদ্ধান্ত নিলেন?" বঙ্গবন্ধু বলেছিলেন- "না, নিতে পারিনি। আমি পতাকা ওড়াতে চাই। একটাই ভয়, প্রেসিডেন্ট ইয়াহিয়া এখনো ঢাকায়। পাকিস্তানীরা বলবে, আলোচনা চলা অবস্থাতেই শেখ মুজিব নতুন পতাকা উড়িয়ে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছেন। এই অজুহাত তুলেই তারা নিরস্ত্র বাঙালীর উপর সামরিক হামলা চালাবে।"

এ অবস্থায় বেগম মুজিব পরামর্শ দিয়েছিলেন- "আপনি ছাত্র নেতাদের বলুন, আপনার হাতে পতাকা তুলে দিতে। আপনি সেই পতাকা বত্রিশ নম্বরে ওড়ান। কথা উঠলে আপনি বলতে পারবেন, আপনি ছাত্রজনতার দাবির প্রতি সম্মান দেখিয়েছেন।"

বঙ্গবন্ধু আর কোন কথা না বলে আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের জানিয়ে দেন, পরদিন ২৩ মার্চ তিনি ৩২ নম্বরে স্বাধীন বাংলার পতাকা ওড়াবেন। উপস্থিত নেতাকর্মীরা সেই ঘোষণায় উৎফুল্ল চিত্তে জয় বাংলা শ্লোগানে মুখর করে তোলে। বঙ্গবন্ধুর নির্দেশনা অনুযায়ী পরদিন পল্টন ময়দানে স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম সামরিক কায়দায় কুচকাওয়াজের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করে এবং র‍্যালী করে সেই পতাকা ৩২ নম্বরের বাড়িতে গিয়ে বঙ্গবন্ধুর হাতে হস্ড়ান্ড়র করেন। সেদিন সচিবালয় থেকে শুরু করে সারা বাংলাদেশের সমস্ত সরকারি বেসরকারি অফিস ও বাসাবাড়িতে পাকিস্ড়ানের পতাকা পুড়িয়ে দিয়ে স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়।

এর আগে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের আগে একই পরিস্থিতির উদ্ভব হয়েছিল এবং দলীয় নেতাকর্মী ও বিভিন্ন পক্ষের নানামুখি প্রস্তব ও পরামর্শে সরাসরি স্বাধীনতার ঘোষণা দেওয়া না দেওয়া নিয়ে দ্বিধগ্রস্থ বঙ্গবন্ধুকে তিনি কারো পরামর্শ না শুনে নিজে যা সঠিক মনে করেন, তাই বলতে পরামর্শ দিয়েছিলেন। যেখানে সাপও মরবে লাঠিও ভাঙবে না। বঙ্গবন্ধু তাই করেছিলেন। এমনই ধী-শক্তিসম্পন্ন তীক্ষ্ণ বুদ্ধিমত্তার অধিকারী ছিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব।

বাংলাদেশের স্বাধীনতা অর্জনের কন্টকাকীর্ণ পথে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের অবদান ও গুরুত্ব নিয়ে যতটা আলোচনা হওয়ার কথা তা হয়নি। তাঁর সুমহান ব্যক্তিত্ব ও অপরিসীম ত্যাগের সাথে পরিচয় ঘটানোর মাধ্যমে নতুন প্রজন্মের মধ্যে দেশমাতৃকার প্রতি নির্মোহ চিত্তে আত্মনিবেদনের তাড়নাকে জাগ্রত করতে পারি। মহীয়সী এই জননীর জন্মদিনে আমার কৃতজ্ঞ চিত্তের অশেষ শ্রদ্ধা।

লেখক: সভাপতিমন্ডলীর সদস্য, বাংলাদেশ আওয়ামী লীগ।



কোমর ব্যথায় ভুগছেন, জানুন মুক্তির উপায়

(শেষের পাতার পর)

বসে বসে কাজ কোমর ব্যথার অন্যতম কারণ। সে অফিসেই হোক কিংবা বাড়িতে। কম্পিউটারে সামনে বসে কাজ করতে করতে কখন যে কোমর ব্যথাকে আমন্ত্রণ জানাচ্ছেন তা হয়তো আপনিও জানেন না। যাদের বয়স প্রায় চল্লিশ, তাদের মধ্যে ছেলেদের তুলনায় মেয়েরা বেশি কোমরের ব্যথায় আক্রান্ত হয়ে থাকেন।

কোমর ব্যথার যত কারণ:

লাম্বার স্পনডাইলোসিস

কোমরে পাঁচটি হাড় আছে। কোমরের হাড়গুলো যদি বয়সের কারণে বা বংশগত কারণে ক্ষয় হয়ে যায়, তখন তাকে লাম্বার স্পনডাইলোসিস বলে।

এলআইডি

কোমর ব্যথার অন্যতম কারণ এলআইডি। ৩০ থেকে ৪০ বছর যাদের বয়স তাদের এ সমস্যাটি হতে পারে। মানুষের হাড়ের মধ্যে ফাঁকা জায়গা থাকে। এই ফাঁকা জায়গাটি পূরণ থাকে তালের শাঁসের মতো ডিস্ক বা চাকতি দিয়ে। এই চাকতি যদি কোনো কারণে বের হয়ে যায়, তখন স্নায়ুর ওপরে চাপ পরে। ফলশ্রুতিতে কোমরে ব্যথা হতে পারে।

নন স্পেসিফিক লো ব্যাক পেইন

এর কারণ অনেক আবার চিকিৎসকেরা বলে থাকেন অনির্দিষ্ট। মূলত অনির্দিষ্ট কারণে অনির্দিষ্ট কারণে হাড়, মাংসপেশি, স্নায়ু তিনটি উপাদানের সামঞ্জস্য নষ্ট হলে এই ব্যথা হয়। এটি তরুণ বয়সে তুলনামূলক বেশি হয়ে থাকে।

অন্যান্য কারণ

এছাড়া বিভিন্ন কারণে কোমরে ব্যথা হতে পারে। মেরুদন্ডে টিউমার ও ইনফেকশন হলে কোমরে ব্যথা হতে পারে। মাংসপেশি শক্ত হয়ে গেলে বা মাংসপেশি দুর্বল হয়ে পড়লে কোমরে ব্যথা হতে পারে। শরীরের ওজন বেড়ে যাওয়ার কারণেও কোমরে ব্যথা হয়। একটানা হাঁটলে বা দাঁড়িয়ে থাকলে কিংবা কোলে কিছু বহন করলেও কোমরে ব্যথা হওয়ার সম্ভাবনা থাকে।

কোমর ব্যথা থেকে দূরে থাকবেন যেভাবে

একই স্থানে বেশিক্ষণ বসে থাকবেন না। জায়গা ছেড়ে মাঝে মাঝে উঠে পড়ুন। ফোনে কথা বলার সময় হেঁটে হেঁটে কথা বলুন। দিনে যতো বেশি হাঁটবেন, ততো দীর্ঘদিন শরীরের অবস্থা ভালো থাকবে। কোমর ভাঁজ করে হালকা শরীরচর্চাও করতে পারেন। মাটিতে বসে কাজ করবেন না। এবং নরম ম্যাট্রেস বা ফোমের বিছানায় কখনোই শোবেন না। আর চিকিৎসকের পরামর্শ ছাড়া কোনো ওষুধ খাবেন না।

কোমর ব্যথায় ঘরোয়া চিকিৎসা

সেঁক দিন: কোমরের যে জায়গায় ব্যথা সেখানে সেঁক দিলে যন্ত্রণা থেকে কিছুটা মুক্তি পাওয়া যাবে।

আদা: আদাতে প্রচুর পরিমাণে পটাশিয়াম থাকে। এই পটাশিয়ামের অভাবের ফলে নার্ভের সমস্যা দেখা দেয়। প্রতিদিন নিয়ম মেনে আদা খেলে কোমরের ব্যথা থেকে মুক্তি পাওয়া যাবে।

হলুদ: দুধের সঙ্গে নিয়ম করে হলুদ খেলে কোমরের ব্যথা অনেকটাই কমতে পারে।

মেথি বীজ: গুড়াঁ দুধের সঙ্গে মেথি বীজের মিশ্রণ তৈরি করে ব্যথার জায়গায় ম্যাসাজ করলে উপকার পাবেন।

লেবুর শরবত: লেবুতে প্রচুর পরিমাণে ভিটামিন সি থাকে। ভিটামিন সি যন্ত্রণা উপশমে খুবই কার্যকারী।

অ্যালোভেরা: প্রতিদিন নিয়ম করে অ্যালোভেরা শরবত খেলে কোমরের ব্যথা থেকে মুক্তি মিলতে পারে।

ক্যালসিয়াম এবং ম্যাগনেশিয়াম জাতীয় খাদ্য: প্রতিদিন নিয়ম করে দুধ, ঘি, পনির, ফল, শাকসবজি, বাদাম ইত্যাদি খেলে কোমরের ব্যথা থেকে মুক্তি পেতে পারেন। আর নিয়মিত শরীরচর্চা করতে ভুলবেন না।

ফিলাডেলফিয়ায় গুলিতে বাংলাদেশী তরুণ নিহত

(শেষের পাতার পর)

হয়েছিলো ২৮ বছর। নিহত সাজুর দেশের বাড়ী সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার মুড়িয়া ইউনিয়নের বড়দেশ গ্রামে। সাজুর হত্যাকান্ডের ঘটনায় নর্থইস্ট ফিলাডেলফিয়ার বাংলাদেশী কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে, বিরাজ করছে আতংক। খবর ইউএনএ'র। বিভিন্ন সূত্রে পাওয়া তথ্যে জানা যায়, মঙ্গলবার (৩ আগষ্ট) দিবাগত রাত সাড়ে ৯টার দিকে ফিলাডেলফিয়ার সাউথ ফিলিতে ফ্রন্ট এন্ড অরগানের চার্লিয়েডার্স জেন্টেলমেন্ট ক্লাব-এর পার্কিং লটে দুই বাংলাদেশী ডা. শাহরিয়ার ও মোয়াজ্জেম হোসেন সাজু পার্ক করা তাদের গাড়ীর দিকে যাচ্ছিলেন, এমন সময় দু'জন কৃষ্ণাঙ্গ তাদের গতিরোধ করে এবং তাদের ওয়ালেট ও সেল ফোন দিতে বলে। এসময় ডা. শাহরিয়ার তার পকেটে থাকা সব দিয়ে দিলেও সাজু দিতে একটু গড়িমশি করার এক পর্যায়ে এক দূর্বৃত্তদের সাথে তার একটু হাতাহাতি হয়। উদ্ভুত পরিস্থিতে অপর দূর্বৃত্ত সাজুর বুকে গুলি করে এবং দূর্বৃত্তদ্বয় দ্রুত স্থান ত্যাগ করে পালিয়ে যায়। পরবর্তীতে গুরুতর আহত সাজুকে স্থানীয় জেফারসন ইউনিভার্সিটি হসপিটাল মেডিকেল সেন্টারের জরুরী বিভাগে নেওয়া হলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে জানান।

নর্থ ইষ্ট ফিলাডেলফিয়া বাসিন্দা নব বিবাহিত সাজু, সকলের পরিচিত শামস উদ্দীনের ছেলে। ২ ভাই ১ বোনের মধ্যে সাজু সবার ছোট। তার স্ত্রী বাংলাদেশে অবস্থান করলেও তার পরিবারের সদস্যরা যুক্তরাষ্ট্রে বসবাস করছেন বলে জানা গেছে। মা-বাবা সহ দীর্ঘদিন মিশিগানে বসবাসের পর সম্প্রতি তারা পেনসিলভেনিয়ায় চলে আসেন।

এদিকে সাজুর নামাজে জানাজা বৃহস্পতিবার (৫ আগষ্ট) জোহরের নামাজের পর নর্থ ইষ্ট ইসলামিক সেন্টারে অনুষ্ঠিত হওয়ার পর স্থানীয় কবরস্থানে তার মরদেহ দাফন করা হয় বলে পারিবারিক সূত্রে জানা গেছে। এই রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ কোন দূর্বৃত্তকে আটক করতে পারেনি। প্রবাসী বাংলাদেশীদের পক্ষ থেকে সাজু হত্যার সাথে জড়িতদের গ্রেফতার এবং দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়েছে। ফিলাডেলফিয়া বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ আবদুল্লাহ নান্নু জানান, সাজু হত্যার প্রতিবাদে এবং বিচার দাবীতে শীঘ্রই কর্মসূচী নেয়া হবে।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

বঙ্গবন্ধুর ভরাট কণ্ঠস্বর এখনো সাহস জোগায়

ডা. সৈয়দা জাকিয়া নূর লিপি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শৈশবে খুব কাছে থেকে দেখার সৌভাগ্য হয়েছে আমার। দীর্ঘকায় বিশাল হৃদয়ের এই মানুষটি বাংলার কোটি কোটি জনতার মতো আমাকেও বিশেষভাবে আলোড়িত করে, উদ্দীপনা জাগায়, উদার হতে শেখায়। বঙ্গবন্ধুকে নিয়ে অসংখ্য লেখা পড়েছি, আলোচনা অনুষ্ঠান শুনেছি। ক্ষণজন্মা এই মহাপুরুষের বহুমাত্রিক গুণাবলির পরিচয় পেয়ে বিস্মিত হয়েছি। তাঁকে জানার শেষ নেই। কিন্তু তার পরও ছোটবেলায় বঙ্গবন্ধুর একেবারে কাছে যেতে পারার অভিজ্ঞতা আমাকে ভীষণভাবে শিহরিত করে এবং কিছু টুকরো ঘটনা হৃদয়ে ব্যাপকভাবে নাড়া দেয়।

রাজনৈতিক পরিবারে জন্ম আমার। আমাদের বৈঠকখানার দেয়ালে আব্বার (সৈয়দ নজরুল ইসলাম) নেতা বঙ্গবন্ধুর একটা বড় ছবি টাঙানো ছিল। এটি দেখেই আমরা বড় হয়েছি। ছবির এই ব্যক্তিটির সঙ্গে প্রথম দেখা হওয়ার স্মৃতি বেশ মনে আছে। খুব সম্ভবত ১৯৭১ সালে। মুক্তিযুদ্ধ শুরুর কিছু সময় আগের ঘটনা। একদিন আব্বা আমাদের জানালেন যে পরদিন আমরা সবাই মধুপুর যাব বঙ্গবন্ধুর সঙ্গে দেখা করতে। আমি ছোটবেলায় কিছুটা চঞ্চল প্রকৃতির ছিলাম। তাই তর আর সইছিল না। সকালবেলায়ই জিপে চড়ে আব্বা-আম্মার সঙ্গে আমরা দুই বোন মধুপুর গড়ের একটি বাংলোয় পৌঁছলাম। সেখানেই আমি বঙ্গবন্ধুকে দেখার সুযোগ পাই। তিনি বড় একটি ঘরে চেয়ারে বসে ছিলেন। ঘুরেফিরে তাঁকে দেখেছি। হয়তো বা তাঁর মুখের আদলের সঙ্গে আমাদের বৈঠকখানার ছবিটার সাদৃশ্য খোঁজার চেষ্টা করছিলাম। ভাবতে খুব ভালো লাগে যে শিশু বয়সে বিমুগ্ধ নয়নে দেখা সেই মানুষটিই আমাদের জাতির পিতা। যিনি আমাদের একটি দেশ উপহার দিয়েছেন, দিয়েছেন জাতিসত্তার পরিচয়।

সেদিনের আরেকটি মজার ঘটনা না বলে পারছি না। বঙ্গবন্ধুর ছোট ছেলে শেখ রাসেলও এসেছিল সেই বাংলোয়। ওর কাছে বেশ কয়েকটা কাগজের তৈরি ছোট ছোট বাংলাদেশের পতাকা ছিল। রাসেলের পেছন পেছন আমরা দুই বোন সেই পতাকা হাতে নিয়ে মিছিল করেছিলাম। 'জয় বাংলা' স্লোগান দিয়ে বাংলোর চারদিকে ঘুরেছিলাম বেশ কয়েকবার। কিছু বোঝার বয়স হয়নি তখনো। তবে আমরা যে খুব ভালো কিছু করছি তেমনই একটা অনুভূতি হয়েছিল সেদিন। এর কিছুদিন পরই মুক্তিযুদ্ধ শুরু হয়। অনেক বাধাবিপত্তি পেরিয়ে, কোনোমতে প্রাণ নিয়ে আমরা আগরতলা হয়ে কলকাতায় পৌঁছাই। কলকাতার পার্ক সার্কাসে প্রবাসী সরকারের বাসভবন ছিল। আমার নিজের চোখে দেখা বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ কলকাতার বাসভবনে মুক্তিযুদ্ধের পুরো সময়টাতেই বেজে চলত। এটিই ছিল স্বাধীনতা আন্দোলনের অন্যতম মূল প্রেরণা।

১৯৭২ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধু স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন। পূর্ণতা পায় দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ। আমরা সেদিন সকালবেলায় শাহবাগের সবচেয়ে উঁচু ভবন হোটেল ইন্টারকন্টিনেন্টালে চলে গিয়েছিলাম। বঙ্গবন্ধুর মিছিল তেজগাঁও বিমানবন্দর থেকে এই পথ দিয়েই সোহরাওয়ার্দী উদ্যানে যাবে। অস্থিরভাবে হোটেলের জানালা দিয়ে তাকিয়ে আছি কখন তাঁকে দেখা যাবে। অবশেষে সেই সুদীর্ঘ প্রতীক্ষার অবসান হলো। জনতার মহাসমুদ্রের মাঝে একটি খোলা গাড়িতে তিনি আবির্ভূত হলেন, অনেকটা যেন রূপকথার বাঁশিওয়ালার মতো। পেছনে আক্ষরিক অর্থেই শুধু মানুষ আর মানুষ। তিনি ছিলেন হাস্যোজ্জ্বল, বোধ করি কিছুটা ক্লান্ত। তাঁর পাশে আরো কয়েকজনের সঙ্গে আমার পিতা সৈয়দ



নজরুল ইসলামও ছিলেন। সেদিনের সেই বিশেষ মুহূর্তটুকুর সাক্ষী হওয়া আমার জীবনের একটা পরম পাওয়া। বিখ্যাত এই ভিডিও ফুটেজ যতবার দেখি ততবারই আবেগে আপ্লুত হয়ে পড়ি। একটা আনন্দমিশ্রিত অব্যক্ত কান্না আমাকে গ্রাস করে।

স্বাধীনতার পরে বঙ্গবন্ধু বারকয়েক আমাদের বাসায় এসেছেন। ১৯৭৩-৭৪ সালের ঘটনা। আমরা তখন মিন্টো রোডে উপরাষ্ট্রপতির বাসভবনে থাকি। একদিন হঠাৎ করেই দেখলাম বাড়িতে উৎসব উৎসব পরিবেশ। চারদিকে হৈচৈ, দৌড়াদৌড়ি। কিছুক্ষণ পরেই বঙ্গবন্ধু সদর দরজা দিয়ে প্রবেশ করলেন। 'হাজি সাহেব কোথায়' বলে আম্মার খোঁজ করতে লাগলেন। কিছুদিন আগেই আম্মা হজ করে এসেছেন। তাঁর মানত ছিল দেশ স্বাধীন হলেই তিনি মক্কায় যাবেন। রাষ্ট্রের প্রধান ব্যক্তি আমাদের বাড়িতে চলে এসেছেন কোনো রকম পূর্বপরিকল্পনা ও আড়ম্বর ছাড়াই। আমাদের দুই বোনের চোখে তখন রাজ্যের বিস্ময়! আনন্দ আর ধরে না। প্রজাপতির মতো তাঁকে ঘিরে রেখেছি। ব্যাপারটি আমাকে এখনো ভীষণভাবে অবাক করে–বঙ্গবন্ধুর মতো একজন অসাধারণ ব্যক্তি কী করে অতি সাধারণ মানুষের মতো আচরণ করতেন। এত বড় তুমুল জনপ্রিয় নেতা, তবু তাঁর চালচলন ছিল একেবারে স্বাভাবিক। যতক্ষণ তিনি বাসায় থাকতেন ততক্ষণই তাঁকে ঘিরে একটা উদ্দীপনা আর আনন্দ অনুভূত হতো। মহাপুরুষদের চারধারে যে 'আলোকবর্তিকা' থাকে ব্যাপারটা সম্ভবত সে রকমই।

ধানমন্ডি ৩২ নম্বরে জাতির জনকের বাসভবনে যাওয়ার সুযোগ হয়েছে অনেকবার। তাঁর শয়নকক্ষে প্রিয় নাতি বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা আপার পুত্র জয়কে বুকে নিয়ে শুয়ে থাকতে দেখেছি। কী অসাধারণ সেই দৃশ্য। মাঝেমধ্যে আমরা কাছে যেতাম, তিনি এটা-সেটা বলতেন–বড় আন্তরিক ছিল তাঁর কথাবার্তা। এখনো সেই ভরাট গলার স্বর আমাকে উদ্দীপনা জোগায়।

বঙ্গবন্ধুর বাড়ি ঘিরে তিনটি বিয়ের স্মৃতি খুব মনে বাজে। প্রথম বিয়েটি আমার মামাতো ভাইয়ের সঙ্গে বর্তমান প্রধানমন্ত্রীর খালাতো বোনের। সময়টা সম্ভবত ১৯৭২ সালের মাঝামাঝি। আম্মার সঙ্গে আমরা দুই বোন ধানমন্ডি ৩২ নম্বরে গিয়েছি। চাচির (বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব) সঙ্গে কথা বলার সময় আম্মার চোখ পড়ল জেলী ভাবির দিকে। পরিচয় জানার সঙ্গে সঙ্গেই আম্মা তাঁকে বললেন যে তাঁর এক ভাতিজার সঙ্গে মেয়েটিকে বেশ মানাবে। তখন অল্পস্বল্প বুঝতে শিখেছি। তাই আমরাও বেশ খুশি। কিছুদিনের মধ্যেই বিয়েটা হয়ে গেল। যুদ্ধবিধ্বস্ত দেশে যখন সবাই ক্লান্ত, পরিশ্রান্ত–তখন এই বিয়েটি আমাদের মধ্যে একটা আনন্দের আবেশ তৈরি করেছিল। ১৯৪৭ সালে সিলেটের এক সম্মেলন থেকেই আমার পিতা ও বঙ্গবন্ধু রাজনৈতিক সহকর্মী। এই বিয়ের মাধ্যমে দুই পরিবারের মধ্যে একটি আত্মীয়তার সম্পর্কও স্থাপিত হয়। অন্য যে দুটি বিয়ের কথা মনে আছে, তা হলো বঙ্গবন্ধুর দুই ছেলে শেখ কামাল ও শেখ জামাল ভাইয়ের বিয়ে। তখন দেশে খাদ্যের অভাব, চারদিকে দুর্ভিক্ষাবস্থা বিরাজ করছে। বড় কোনো বিয়ে কিংবা আড়ম্বরপূর্ণ খাওয়াদাওয়ার অনুষ্ঠান সরকারিভাবে নিষিদ্ধ। বিয়ের দাওয়াতে পোলাউয়ের বদলে সাদামাটা খাবারের আয়োজন ছিল। আমার খুব আশাভঙ্গ হয়েছিল। বাসায় ফিরে আম্মার কাছে সে অনুভূতি প্রকাশ করতে দ্বিধা করিনি। মজার ব্যাপার হলো–বিয়ের খাবারের এমন সাধারণ মেন্যু আর কোথাও আমার চোখে পড়েনি। পরিণত বয়সে এসে আমার কাছে বিষয়টি বেশ গুরুত্বপূর্ণ মনে হয়। বাংলার অবিসংবাদিত নেতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি তাঁর নিজের দুই পুত্রের ব্যাপারেও নিয়মের ব্যত্যয় ঘটাননি। এটি বোধ হয় শুধু তাঁর পক্ষেই সম্ভব।

১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোরবেলার কথা এখনো স্পষ্ট মনে করতে পারি। খুব সকালে সূর্যোদয়েরও আগে আমাদের ঘুম ভেঙে যায় প্রচন্ড গোলাগুলির শব্দে। দেখি আব্বা বারান্দায় পায়চারি করছেন, আম্মাও ভীষণ উদ্বিগ্ন। প্রথমে ভাবছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানের আতশবাজির শব্দ। কিন্তু এটি যে বাঙালি জাতির দীর্ঘতম অমানিশার শুরু তা কেউ তখনো ভাবতে পারেনি। এরই ধারাবাহিকতায় ৩ নভেম্বর ঢাকা কেন্দ্রীয় কারাগারে আমার পিতাকে হত্যা করা হয়। জাতীয় চার নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এ এইচ এম কামারুজ্জামান ও ক্যাপ্টেন মনসুর আলীকে এই দিন কারাগারের ভেতর নির্মমভাবে হত্যা করা হয়েছিল। মনে আছে একবার বঙ্গবন্ধু আমাদের দেখে আব্বাকে বলেছিলেন, 'নজরুল সাহেব, আপনার মেয়ে দুটি কবে বড় হবে?' পিতাকে হারাবার পর, নানান বৈরিতায় আমরা যেন হঠাৎ করেই বড় হয় গেলাম।

বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি আর তাঁরই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ এগিয়ে চলছে বীরদর্পে। বাঙালি আজ আত্মনির্ভরশীল জাতি হিসেবে পৃথিবীর মানচিত্রে স্থান করে নিয়েছে। এই শোকের মাসে, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে সবার মতো আমারও দীপ্ত অঙ্গীকার–হে পিতা, তুমি ঘুমাও, আমরা জেগে আছি, আমরা তোমার আদর্শ থেকে বিচ্যুত হব না। ভয় পেয়ে পিছিয়ে যাব না, ঠিক যেমনটি তুমি আমাদেরকে শিখিয়েছ।

লেখক: সংসদ সদস্য, কিশোরগঞ্জ-১; স্বাধীন বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের কন্যা

গণতন্ত্র ও মানবিক সমাজ বাস্তবতা জরুরি

এ কে এম শাহনাওয়াজ

এ দেশের রাজনীতি ও সরকার ব্যবস্থা পরিচালনায় মাঝেমধ্যেই ছন্দ কেটে যাচ্ছে। আশঙ্কা করছি করোনা-উত্তরকালে নানা রকম সংকট দেখা দিলে আরেক ধরনের অস্থিরতা যুক্ত হতে পারে। যদি এখন থেকে আমাদের রাজনীতিকে প্রকৃত গণতান্ত্রিক করে তুলতে না পারি এবং দুর্নীতিগ্রস্ততায় হ্রাস টেনে সমাজকে মানবিক করে তুলতে না পারি, তাহলে একটি কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে। আমাদের রাষ্ট্র আজ গণতান্ত্রিক ধারা থেকে অনেকটা বিচ্ছিন্ন হয়ে পড়েছে। অমানবিকতার থাবায় বিক্ষত সমাজ। অর্থনৈতিক উন্নতি–অবকাঠামোগত অগ্রগতি দেশকে অনেকটা এগিয়ে রাখছে ঠিকই; কিন্তু গণতান্ত্রিক ভিত্তি না থাকলে তা কতটুকু টেকসই হবে, এ ভাবনা কিন্তু সচেতন মানুষ এড়াতে পারছে না। তাই গণতান্ত্রিক রাষ্ট্র ও মানবিক সমাজ প্রতিষ্ঠার পথ খুঁজে বেড়াতে হচ্ছে। মুক্তিযুদ্ধের চেতনা থেকে পাওয়া শক্তিই এখন সুন্দরের পথ খুঁজে পেতে শেষ ভরসা। আধুনিক জাতি, রাষ্ট্র ও সমাজ রাজনীতিবিচ্ছিন্ন হতে পারে না। রাজনীতিকে অস্বীকার করে গণতান্ত্রিক রাষ্ট্রের স্বপ্নপূরণও সম্ভব নয়। এ কারণে দেশ যখন নষ্ট রাজনীতির হাতে বন্দি হয়ে পড়ে, তখনই সব ক্ষেত্রে হতাশা নেমে আসে। মাঝেমধ্যে মনে হয় বঙ্গবন্ধু গণতন্ত্রের যে পথ রচনা করে দিয়েছিলেন, সে পথ আমরা হারিয়ে ফেলছি! বেপথে হেঁটে গন্তব্য কি খুঁজে পাব?

এ দেশের রাষ্ট্রক্ষমতায় যাওয়া-আসা করা দলগুলোর মধ্যে গণতন্ত্রচর্চা অনেকটা ফিকে হয়ে গেছে। একমাত্র নির্বাচনে ভোট প্রদান ছাড়া আর কোনো দৃশ্যমান গণতান্ত্রিক আচরণ চিহ্নিত করার উপায় নেই। আবার এই ভোটাধিকার প্রয়োগও সব সময় স্বাভাবিক পরিবেশে হতে পারছে তা-ও নিশ্চিত করে বলা যাচ্ছে না। গণতন্ত্রহীনতা স্বৈরতন্ত্রকেই উৎসাহিত করে। আমাদের চলমান রাজনীতির দিকে তাকালে তেমন প্রতিবিম্ব কি আমরা দেখতে পাচ্ছি না! গণতন্ত্রহীন এমন অবস্থায় সুবিধাবাদই প্রশ্রয় পায়। দলীয়করণ প্রকট হয়ে দেখা দেয়। গণতন্ত্রচর্চা বিচ্ছিন্ন হওয়ায় নির্বাচনী বৈতরণী পাড়ি দিতে টাকা প্রধান নিয়ামক হিসেবে শক্ত অবস্থান নিচ্ছে এখন। আর এ সূত্রেই দুর্নীতি সর্বগ্রাসী রূপ নিচ্ছে। নানা রকম নৈরাজ্যের বাড়বাড়ন্ত সমাজজীবনকে বিষময় করে তুলছে।

সরকারি অথবা বিরোধী সব রাজনৈতিক দলেরই দেশ ও জাতির জন্য দায়বদ্ধতা থাকার কথা। কিন্তু দেশবাসী কি তেমন দায়িত্বের প্রকাশ দেখতে পায়? এই যে দেশবাসী এখন ভয়ানক সংকটের মুখে। এ অবস্থায় সরকারের ঘাড়ে সব কিছু চাপিয়ে বিরোধী দলের নেতাদের কি উচিত গতানুগতিক ছিদ্রান্বেষণে নিজেদের সার্বক্ষণিক নিয়োজিত রাখা। নাকি উচিত নিজেদের যাবতীয় সামর্থ্য নিয়ে মানুষের পাশে দাঁড়ানো। কভিড মোকাবেলায় ঝগড়া ভুলে এখন প্রয়োজন সরকারের সহযোগী হওয়ার মতো গণতান্ত্রিক আচরণ করা। কিন্তু দুর্ভাগ্য এই যে কোনো পক্ষের নেতারাই পুরনো ছকবাঁধা ছিদ্রান্বেষণের রেকর্ড বাজানোর বাইরে এসে সময়ের বাস্তবতা ধারণ করে তাজা কোনো বক্তব্য নিয়ে আসতে পারছেন না। বিএনপি নেতাদের নৈমিত্তিক বিবৃতি ও আওয়ামী লীগের মুখপাত্রের প্রতিদিনের প্রত্যুত্তর এখন এতটাই গতাঁধা হয়ে গেছে যে টেলিভিশনে এসব বিবৃতি-পাল্টাবিবৃতি এলে অনেক বাড়িতে দর্শকরা চ্যানেল পরিবর্তন করে। আর যারা দেখে তাদের অনেকে কৌতুকের আনন্দ পাওয়ার জন্যই দেখে। সব ঘরানার রাজনৈতিক দলের নেতা-নেত্রীর মধ্যে অনেকের আচরণে গণতান্ত্রিক বোধহীনতার প্রকাশ রয়েছে পদে পদে। গণতন্ত্রের প্রথম পাঠ জনগণের সার্বভৌমত্বকে স্বীকার করে নেওয়া এবং এর প্রতি শ্রদ্ধা স্থাপন করা, তা তো নির্বাসিতই হয়ে গেছে। বক্তব্যের মঞ্চ ছাড়া জনগণ উপেক্ষিত প্রকাশ্য রাজনৈতিক আচরণেও। একসময় রাজনীতিকদের নির্বাচনের সময় জনগণকে প্রয়োজন পড়ত। বিএনপির শাসনামলের প্রথম দিকে তা-ও হালকা হয়ে গিয়েছিল। নির্বাচন নির্বাচন খেলার যাবতীয় আয়োজন সম্পন্ন হয়েছিল তখন। 'জনগণ' শুধু প্রতীকমাত্র। আমরা একটু পেছনে তাকাতে পারি। শেষবারের রাজত্বে নির্বাচনী রায় নিজ অনুকূলে রাখার যাবতীয় কাজ সম্পন্ন করে নিশ্চিন্তে কালাতিপাত করছিলেন বিএনপি নেতা-নেত্রীরা। এরপর বিএনপির দুর্নীতিবাজ সব রক্তবীজ অসংখ্য বিএনপি-প্রাণ ভালো মানুষ কর্মী-সমর্থকদেরও ক্ষুব্ধ করে নিশ্চিন্ত মনে জাতির কলজে খুবলে যাবতীয় মধু আকণ্ঠ পান করছিল। যে ম্যানুফ্যাকচারড ভোটার তালিকার ওপর গোটা নির্ভরতা রেখে বিএনপির ক্ষমতাবান নেতা-নেত্রীরা প্রকাশ্যে-অপ্রকাশ্যে দুর্নীতি করে যাচ্ছিলেন আর চিরস্থায়ী ক্ষমতাবান ভেবে ধরাকে সরাজ্ঞান করছিলেন, মুহূর্তের উল্কাপতনে তাই প্রথম খুন হতে থাকে বিএনপি। পাঠক নিশ্চয়ই মনে রাখবেন প্রথমবারের মতো ছবিযুক্ত নতুন ভোটার তালিকায় নির্বাচনের ঘোষণায় অনিবার্য অশনিসংকেত দেখা দিয়েছিল বিএনপির নির্বাচনে যাওয়ার প্রশ্নে। দৃশ্যত জোটবদ্ধ জামায়াতে ইসলামীর ইচ্ছায়ই নির্বাচন নামের মরণফাঁদে (বিএনপি-জামায়াত জোটের জন্য) পা দিয়েছিল বিএনপি। তাই ২০০৮-এর নির্বাচনের আগে রাজনৈতিক বিশ্লেষকদের এই হিসাব করতে কোনো ক্লেশ হয়নি যে ব্যাপকসংখ্যক নতুন ভোটার যদি কোনো ধরনের চাপে না থেকে ভোটাধিকার প্রয়োগ করতে পারে, তবে বিএনপি-জামায়াত বধ সম্পন্ন হবে। আর পরিস্থিতির সুবিধায় একমাত্র বিকল্প হিসেবে আওয়ামী লীগ তথা মহাজোট গণসমর্থন পেয়ে যাবে।

নিকট অতীতে রাষ্ট্রক্ষমতায় থেকে বা না থেকে আওয়ামী লীগও যে গণতান্ত্রিক আচরণের পরাকাষ্ঠা দেখাতে পেরেছিল, সে কথা বলতে পারবে না ইতিহাস। জনকল্যাণের চেয়ে সন্ত্রাসী পোষণ অথবা দলীয় সন্ত্রাসীদের শাসন না করা আর দলীয়করণের সাংস্কৃতিক আচরণ প্রকাশ্যেই দেখিয়ে যাচ্ছিল দলটিতে। আওয়ামী লীগের রাষ্ট্রক্ষমতায় থাকার যুগে চাঁদাবাজি আর দখল বাণিজ্য কম করেনি দলের সহযোগী সংগঠনের ক্যাডাররা। যুদ্ধবিধ্বস্ত দেশকে শক্ত ভিত্তিতে দাঁড় করাতে বঙ্গবন্ধু যখন পরিশ্রম করে যাচ্ছিলেন, তখনো 'চোরের দল আর চাটার দল' বলে তাঁকে আক্ষেপ করতে হয়েছিল। বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার ভাগ্যও কি অভিন্ন! এই দেশপ্রেমিক মানুষটি দলের অনেকের কাছ থেকে কি সৎ আচরণ পাচ্ছেন? রাজনৈতিক ও প্রশাসনিক দুর্নীতি বোধ হয় সর্বকালের রেকর্ড ছাড়াতে যাচ্ছে।


যখন বিশ্ববাসীকে তাক লাগিয়ে দেওয়ার মতো মাননীয় প্রধানমন্ত্রী তাঁর স্বপ্নের আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নের পথে হাঁটছিলেন, তখন আমরা গর্ববোধ করেছি। হাজার হাজার গৃহহীনকে ঘর দেওয়ার অমন উদাহরণ কয়টি দেশের রয়েছে! কিন্তু গরিবের হাসি মুহূর্তেই মিলিয়ে যেতে লাগল। দুর্নীতি কতটা প্রবল থাকলে দু-চার মাসের মধ্যে এসব ঘর তাসের ঘরের মতো ভেঙে যেতে লাগল তা সহজেই অনুমেয়। অগত্যা দেখতে পাচ্ছি মাননীয় প্রধানমন্ত্রী অনন্যোপায় হয়ে রাজনৈতিক দুর্নীতিবাজদের চেয়ে দুর্নীতি থাকলেও প্রশাসনের কর্তাদের অপেক্ষাকৃত কম ক্ষতিকর বিবেচনা করে ভরসা করছেন। স্থানীয় পর্যায়ে 'জনপ্রতিনিধিদের' বদলে নানা প্রকল্পের দায়িত্ব ছোট-বড় আমলাদের ওপরই ছেড়ে দিচ্ছেন। আসলে কোথাও না কোথাও ভরসা তো করতেই হবে।

বঙ্গবন্ধুর গড়া দল আওয়ামী লীগ সুপথে চলার পথ যেন খুঁজে পাচ্ছে না। এটি গণতন্ত্রপ্রত্যাশী মানুষের জন্য খুবই কষ্টের। এ জন্য বর্তমান সময়ের আওয়ামী লীগ নেতৃত্ব কোনো রকম অনুশোচনা (বাকি অংশ ৮ পাতায়)


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR
Photography
শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com


গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com


Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ধ্বজভঙ্গ * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিস্টাইটিস *স্বরভঙ্গ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *এ্যাটাক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM Saturday-Sunday: 12PM-5PM
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।


পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার
আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি
এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট,
কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী,
ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট
সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে
ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)
ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট
TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872
We Provide EKG, Echocardiogram, TLC
Exam, Different blood test and much more
1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467


ALL YOUR NEED REAL ESTATE
BUYING & SELLING.
বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!
Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com
Tusher Bhuiyan
Licensed Real Estate Agent
Each Office is Independently
Owned and Operate
MLS


ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call
718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়াল এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবষরেশরনস্তরগড়েমসধরষ.পড়স

ঠিকানা :
ঋৎ ঙ ইধহবব ঋধহমববঃ অপধফবসু
১৪৬ পধফধনড়ভড়ঁমযা জড়মফ
উঢ়ঢ়রষ ঊধষসু, চঙ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।




বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

১৫ আগস্ট জাতীয় শোক দিবস



১৫ আগষ্ট ২০২১, রবিবার

বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম মৃত্যুবার্ষিকী তাঁর
বিদেহী আত্মার মাগফেরাত কামনায়

দোয়া মাহফিল ও তবারক বিতরন

স্থানঃ ৩৭-২২, ৭৩ স্ট্রীট (খাবার বাড়ির সামনে), সময়ঃ দুপুর ১.০০টা-৬.৩০ মিনিট

আপনারা সবাই আমন্ত্রিত

আমন্ত্রণেঃ

সভাপতি	আহ্বায়ক	সদস্য সচিব	সাধারণ সম্পাদক
সাকিল মিয়া	মীর নিজামুল হক	সোহেল গাজী	মোঃ আলম নমি

যুগ্ম আহ্বায়কঃ জয়নাল আবেদিন যুগ্ম সদস্য সচিবঃ মোঃ মাহবুব রহমান, কামরুজ্জামান বাচ্চু

সমন্বয়কারীঃ হাজী এনাম প্রধান সমন্বয়কারীঃ মোঃ এ আজাদ


চেয়ারম্যানঃ মামুন মিয়াজী চেয়ারপার্সনঃ বিপ্লব সাহা কো-চেয়ারপার্সনঃ সাখাওয়াত বিশ্বাস

সহ সভাপতিঃ দেওয়ান মনির, মোঃ মানিক বাবু, মামুন নিয়াজী, এম রহমান, কবির চৌধুরী জসী, আসাদুল ইসলাম আসাদ, মোঃ আবুল কাসেম, মোঃ হাসনাত হাসান। **সহ সাধারণ সম্পাদকঃ** মিয়া মোঃ দুলাল, শাহীন চৌধুরী, **সাংগঠনিক সম্পাদকঃ** আফতাব জনি, **সহ সাংগঠনিক সম্পাদকঃ** আকরাম হোসেন বিপ্লব, **প্রচার সম্পাদকঃ** নিহার সিদ্দিকী, **সাংস্কৃতিক সম্পাদক ঃ** আলমগীর খান আলম, **দপ্তর সম্পাদকঃ** মোঃ সায়েম উল্লাহ, **আপ্যায়ন সম্পাদকঃ** মুক্তা মিয়া, **ক্রীড়া সম্পাদকঃ** ইফতি খান টিপু, **সাহিত্য সম্পাদকঃ** গোপাল সান্যাল, **কার্যকরী সদস্য ঃ** ওয়াসীম, নান্টু মিয়া, আব্দুল মালেক, গনেশ কীর্তনীয়া, মোঃ রাদবি, শাহরিয়ার হোসেন, শোভন।

উপদেষ্টা পরিষদঃ এম এ আজিজ, ডাঃ তৌহিদ শিবলী, মীর নিজামুল হক, হারুন ভূঁইয়া, সিরাজুল হক কামাল, কামরুজ্জামান কামরুল, প্রদিপ সাহা, কাজী শামসুদ্দোহা, মনসুর চৌধুরী, পিয়ার আহমেদ, মোল্লা মাসুদ, তারেক হাসান খান, রফিকুল আহমেদ, ফাহাদ সোলায়মান, ইকত্তারুজ্জামান রতন, রুহুল আমিন সরকার, বিদ্যুৎ দাস, জে মোল্লা সানি, এলিন রহমান, কামরুজ্জামান বকুল, শেখ নোমান পলাশ, দেবাশীষ দাস বব, শফিউদ্দিন মিয়া, শাহাদাৎ হোসেন এবং নূরুল আমিন বাবু।

সহযোগিতায়ঃ মঈনুল হোসেন, বারী হোম কেয়ার, আশরাফুল আলম খোকন, হাজী এনাম, ভেরা রেষ্টুরেন্ট, ফাহাদ সোলায়মান, লিটু চৌধুরী, নুরুল আমিন বাবু, তারেক খান, ডাঃ ফেরদৌস খন্দকার, মেজবাহ আবদীন, শাহ নেওয়াজ, মনসুর চৌধুরী (হাটবাজার), শাহ শহীদুল হক সাইদ, পেরী ডি. সিলভা-এটর্নী এট ল',, স্কলাসটিকা টিউটরিয়াল, প্রিমিয়াম সুইটস, মামা'স রেষ্টুরেন্ট, সোনা চান্দি, ফরহাদ রেজা, হাসান জিলানী, সান্টু ভাই, লাবনিয়া, সরদার হক রনি, মোহাম্মদ আলী, মোঃ কে. ভূইয়া, গোলাম হাসান, রফিকুল আহমেদ, আক্তার ভূঁইয়া, মোঃ কামরুজ্জামান, আহসান হাবীব, মোঃ জাহিদ মিয়া, মোঃ নাজের উদ্দিন, কামরুজ্জামান বকুল, সাঈদ খান, জেবিবিএ, আতাউর রহমান মামুন, মহিউদ্দিন দেওয়ান, আব্দুল হামিদ, অতুল রায়, আনিসুজ্জামান সবুজ, মোঃ জাহেদ মিয়া

আয়োজনেঃ জ্যাকসন হাইটস এলাকাবাসী



বর্ণাঢ্য আয়োজনে নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের বর্ষপূর্তি অনুষ্ঠিত ও নতুন কমিটি অভিষিক্ত



নিউইয়র্ক: জাঁকজমকপূর্ণ ও আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হলো নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের ৮ম বর্ষপূর্তি এবং নতুন ২০২১-২২ কার্যকরী কমিটির অভিষেক। গত ৩১ জুলাই শনিবার নিউইয়র্ক লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বল রুমে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইন্টারন্যাশনাল এসোসিয়েশন অফ লায়ন্স ক্লাবের প্রেসিডেন্ট লায়ন ডগলাস এক্স আলেকজান্ডার, বিশেষ অতিথি ছিলেন লায়ন্স ক্লাব ডিস্ট্রিক্ট ২০-আর ২ নিউইয়র্ক-এর গভর্নর লায়ন মারিবেল সালাবাড়িয়া, নিউইয়র্ক এস্টেট ডিস্ট্রিক্ট ৩৮-এর অ্যাসেম্বলী ওম্যান জেনিফার রাজকুমার, নিউ-ইয়র্ক স্টেট সিনেটর জন লু, কুইন্স ডেপুটি ব্যুরো প্রেসিডেন্ট রহোন্ডা বিন্দা, নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৫ ডেমোক্রেটিক নমিনী শেখর কৃষ্ণান।

অনুষ্ঠান মঞ্চে আরো উপবিষ্ট ছিলেন ক্লাব প্রেসিডেন্ট লায়ন আহসান হাবিব, সেক্রেটারী লায়ন মোঃ সাইফুল ইসলাম, ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট লায়ন আসেফ বারী, প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট লায়ন মোঃ মতিউর রহমান, সাবেক সভাপতি লায়ন শাহ নেওয়াজ, লায়ন মোঃ নাসির উদ্দীন ও লায়ন মুহাম্মাদ সায়ীদ, ক্লাব প্রতিষ্ঠাতা ও সাবেক ডিস্ট্রিক্ট গভর্নর মাইক ভূঁইয়া, কনভেনার লায়ন রকি আলিয়ান, মেম্বার সেক্রেটারী লায়ন জেএফএম রাসেল, প্রধান সমন্বয়কারী লায়ন একেএমএ রশিদ, সমন্বয়কারী লায়ন মুহাম্মদ আজাদ, ট্রেজারার লায়ন মশিউর রহমান মজুমদার, বাংলাদেশ সোসাইটি ইনক'র ভারপ্রাপ্ত সভাপতি লায়ন আব্দুর রহীম হাওলাদার, আমেরিকান বাংলাদেশী সোসাইটির সভাপতি লায়ন মুহাম্মদ আলী, সহসভাপতি লায়ন ফাহাদ সোলায়মান, লায়ন এটর্নী মঈন চৌধুরী, লায়ন মোঃ রফিকুল ইসলাম, সাবেক ডিস্ট্রিক্ট গভর্নর ডিস্ট্রিক্ট ২০- আর ২ নিউইয়র্ক লায়ন রিকি ইটো, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট শালোম জেমস রিয়েল এস্টেট ডেভেলপার ও বাংলাদেশ সোসাইটির সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন নয়ন এবং নিউইয়র্ক সিটি ডেমোক্রেটিক মেয়র পদপ্রার্থী ও ব্রুকলীন বরো প্রেসিডেন্ট এরিক এডামস অফিস-এর প্রতিনিধি দিলীপ চাওহান।

অনুষ্ঠানে বিগত করোনা মহামারী সময়ে মানবতার কল্যাণে বিশেষ অবদানের জন্য লায়ন আব্দুর রাহীম হাওলাদার, লায়ন মুহাম্মদ আলী, লায়ন ফাহাদ সোলায়মান, লায়ন মশিউর রহমান মজুমদার, লায়ন আবেদা খানম, লায়ন মোহাম্মদ হাসান জিলানী ও লায়ন ডেইজি ইয়াসমিন এবং সৃষ্টিশীল লেখনীর জন্য লায়ন লিটু আনাম-কে সম্মাননা স্মারক প্রদান করা হয়। নিউ-ইয়র্ক সিটি ডেমোক্র্যাটিক মেয়র পদপ্রার্থী ও ব্রুকলীন বরো প্রেসিডেন্ট এরিক এডামস ও নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার এর পক্ষ থেকে ক্লাব অফিসারদের প্রোক্লামেশন ও সাইটেশন প্রদান করা হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরান থেকে তেলওয়াত করেন নতুন প্রজন্মের আফারাহিম হক চৌধুরী এবং আফহাদ সামির চৌধুরী। প্লেজ অফ এলিজিয়ান্স পরিচালনা করেন সাবাহ বারী। লায়ন্স টোস্ট সম্পন্ন করেন সাবেক সভাপতি লায়ন মোহাম্মদ সায়ীদ। যৌথভাবে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশিষ্ট উপস্থাপক আশরাফ হাসান বুলবুল এবং আহবায়ক লায়ন রকি আলিয়ান, সদ্য সাবেক সভাপতি লায়ন আসেফ বারী ও সেক্রেটারি লায়ন সাইফুল ইসলাম।

বর্ণাঢ্য এই আয়োজনের শেষ ভাগে ছিলো জমকালো সংগীতানুষ্ঠান। এতে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী দম্পতি লায়ন রায়ান তাজ ও প্রমি তাজ এবং লায়ন ডেইজি ইয়াসমিন।

লায়ন্স ক্লাবের এই মিলন মেলায় আড়াই শতাধিক লায়ন্স ও অতিথি অংশ গ্রহণ করেন। নৈশ ভোজের মাধ্যমে অভিষেক অনুষ্ঠানের সমাপ্তি হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

যুক্তরাষ্ট্রের অর্ধেক নাগরিকের

(শেষের পাতার পর)

হোয়াইট হাউসের কোভিড ডাটার পরিচালক এই তথ্য জানিয়েছেন।

এক টুইট বার্তায় পরিচালক সাইরাস সাহপার বলেন, নতুন ৫ লাখ ৬৫ হাজার টিকা প্রদানসহ মোট ৮ লাখ ২১ হাজার ডোজ টিকা প্রদান করা হয়েছে। গত সপ্তাহ থেকে ১১ শতাংশ নাগরিককে টিকা প্রদান করা হয়েছে। এর আগের দুই সপ্তাহ ৪৪ শতাংশ মানুষকে টিকা দেওয়া হয়েছে। সব মিলিয়ে যুক্তরাষ্ট্রের সকল বয়সী নাগরিকের অর্ধেককে সম্পূর্ণ টিকা প্রদান করা হয়েছে।

বৈশ্বিক ডাটা অনুসারে, যুক্তরাষ্ট্র, ভারত ও চীনসহ এখন পর্যন্ত বিশ্বে প্রায় ৩৫ কোটি মানুষকে করোনাভাইরাসের ভ্যাকসিন দেওয়া হয়েছে।

জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের তথ্যানুসারে, যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা তিন কোটি ৫৫ লাখ। দেশটিতে করোনা সংশ্লিষ্ট অসুস্থতায় মৃত্যু হয়েছে ৬ লাখ ১৫ হাজার ৭শ মানুষের।

২০১৯ সালের ডিসেম্বরে করোনাভাইরাস শুরুর পর বিশ্বের ১৯২টি দেশে এখন পর্যন্ত প্রায় ৪২ লাখ ৭০ হাজার মানুষের মৃত্যু হয়েছে।

হেলেনা পরীমণি

(প্রথম পাতার পর)

অভিযান চালিয়ে মামলা সংশ্লিষ্ট আলামত সংগ্রহ করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। এর আগে শনিবার বিকেল ৪টার দিকে এ অভিযান শুরু হয়।

সিআইডির অতিরিক্ত ডিআইজি শেখ ওমর ফারুক সমকালকে বলেন, হেলেনা জাহাঙ্গীর, পরীমণি, পিয়াসা ও মৌয়ের বিরুদ্ধে দায়ের করা সাতটি মামলার তদন্তভার পেয়েছে সিআইডি। ওই তদন্তের অংশ হিসেবেই তাদের বাসায় অভিযান চালিয়েছেন সিআইডি সদস্যরা। সেখান থেকে প্রয়োজনীয় আলামত সংগ্রহ করা হয়েছে। সেগুলো যাচাই-বাছাই করা হচ্ছে। রোববার এ ব্যাপারে বিস্তারিত জানানো হবে।

সিআইডি সূত্র জানায়, সিআইডির দল প্রথমে বিকেল ৪টার দিকে গুলশানে হেলেনা জাহাঙ্গীরের বাসায় যায়। তার বিরুদ্ধে গুলশান থানায় করা টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ও পল্লবী থানার চাঁদাবাজি-প্রতারণার মামলার তদন্ত করছে সিআইডি। এ ব্যাপারে আলামত সংগ্রহের পর চিত্রনায়িকা পরীমণির বনানীর বাসা, পি-য়াসার বারিধারার বাসা ও মৌয়ের মোহাম্মদপুরের বাসায় যান সিআইডি সদস্যরা।

হেলেনা জাহাঙ্গীর, পরীমণি, পিয়াসা, মরিয়ম আক্তার মৌ ও প্রযোজক নজরুল ইসলাম রাজ বর্তমানে সিআইডি হেফাজতেই রয়েছেন। তাদের বিরুদ্ধে করা মামলাগুলো বুঝিয়ে দিয়ে তাদেরও সেখানে হস্তান্তর করা হয়। তারা রিমান্ডে রয়েছেন। সেখানে তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

গত ২৯ জুলাই মধ্যরাতে হেলেনার গুলশানের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে র‍্যাব। চার ঘণ্টার অভিযানে তখন জব্দ করা হয় ১৯ বোতল বিদেশি মদ, একটি ক্যাঙ্গারুর চামড়া, একটি হরিণের চামড়া, দুটি মোবাইল ফোন, ১৯টি চেকবই, বিদেশি মুদ্রা, দুটি ওয়াকিটকি সেট এবং ক্যাসিনো খেলার ৪৫৬টি চিপস।

র‍্যাব সদরদপ্তরের গোয়েন্দা শাখা ও র‍্যাব-১ ওই অভিযান চালায়। পরদিন তার বিরুদ্ধে গুলশান থানায় দুটি মামলা করে র‍্যাব। এরমধ্যে ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় তাকে তিনদিনের রিমান্ডে নেয় পুলিশ।

অপর মামলাটিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, বিশেষ ক্ষমতা আইন, টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ও বন্যপ্রাণী সংরক্ষণ আইনের বিভিন্ন ধারায় অভিযোগ আনা হয়েছে। একই রাতে পল্লবী থানায় টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইনে আরেকটি মামলা করা হয়। সর্বশেষ ২ আগস্ট চাঁদাবাজির অভিযোগে পল্লবী থানায় আরেকটি মামলাটি করেন আব্দুর রহমান তুহিন নামে এক সাংবাদিক।

এরপর ৪ আগস্ট পরীমণির বনানীর বাসায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার বাসা থেকে মাদক উদ্ধারের কথা জানায় র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। একইদিন রাতে প্রযোজক নজরুল ইসলাম রাজকেও আটক করা হয়। পরে বনানী থানায় পরীমণি ও রাজের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা করা হয়।

এরপর গত রোববার মধ্যরাতে রাজধানীর বারিধারা এলাকা থেকে মাদকদ্রব্যসহ ফারিয়া মাহাবুব পিয়াসা এবং মোহাম্মদপুর থেকে ইয়াবাসহ মরিয়ম আক্তার মৌকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ।

'সন্ধ্যার পর মেয়েদের

(প্রথম পাতার পর)

করলো সেটা আমাদের দেখার বিষয় না। কিন্তু তার ব্যক্তিগত কোনো অপরাধ বা কর্মকাণ্ড যদি জনসম্মুখে চলে আসে তখনই শিল্পী সমিতির দেখার বিষয়। অঞ্জনা বলেন, পরীমনি বলেছে শিল্পী সমিতি আমার পাশে নেই কিন্তু এটি পুরোপুরি ভুল। তাকে সেক্রেটারি চিঠি দিতে বলেছিল। সে দেয়নি। নিজে সংবাদ সম্মেলন করে অনেক ভুল তথ্য দিয়েছে। বিতর্কিত কর্মকাণ্ডে বর্তমানে পু-লিশি রিমান্ডে থাকায় পরীমনির সদস্যপদ সাময়িকভাবে স্থগিত করেছে শিল্পী সমিতি।

সংগঠনটির শনিবার এই সিদ্ধান্ত নেয়। সংবাদ সম্মেলন ডেকে পরীমনির স্থগিতের বিষয়টি জানায় শিল্পী সমিতি। সেখানে উপস্থিত থেকে ভবিষ্যতে কোনো শিল্পী যেন এমন ভুল না করেন সেই তাগিদ দেন 'অশিক্ষিত', 'জিঞ্জির', 'অভিযান' ছবির নায়িকা অঞ্জনা।

৯/১১ হামলার দিন ও তার পরে কী ঘটেছিল?

(প্রথম পাতার পর)

গোটা বিশ্ব চমকে দিয়েছিল ঘটনার ভয়াবহতায়। দিনটি ছিল ২০০১ সালের ১১ সেপ্টেম্বর, মঙ্গলবার।

লক্ষ্যবস্তু কী ছিল?

ছিনতাইকারীরা ছোট ছোট দলে পূর্ব আমেরিকার আকাশপথ দিয়ে ওড়া চারটি বিমান একইসাথে ছিনতাই করে।

তারপর বিমানগুলো তারা ব্যবহার করে নিউইয়র্ক আর ওয়াশিংটনের গুরুত্বপূর্ণ ভবনে আঘাত হানার জন্য বিশাল ও নিয়ন্ত্রিত ক্ষেপণাস্ত্র হিসেবে।

দুটি বিমান বিধ্বস্ত করা হয় নিউইয়র্কে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের টুইন টাওয়ার ভবনে।

প্রথম বিমানটি আঘাত হানে নর্থ টাওয়ারে আমেরিকার পূর্বাঞ্চলীয় সময় সকাল ৮টা ৪৬ মিনিটে। দ্বিতীয় বিমানটি সাউথ টাওয়ারে বিধ্বস্ত করা হয় এর অল্পক্ষণ পর, সকাল ৯টা ৩ মিনিটে।

দুটি ভবনেই আগুন ধরে যায়। ভবন দুটির উপরতলায় মানুষজন আটকা পড়ে যায়। শহরের আকাশে ছড়িয়ে পড়ে ধোঁয়ার কুণ্ডলী। দুটি টাওয়ার ভবনই ছিল ১১০ তলা। মাত্র দুই ঘণ্টার মধ্যে দুটি ভবনই বিশাল ধুলার ঝড় তুলে মাটিতে ভেঙে গুঁড়িয়ে পড়ে।

তৃতীয় বিমানটি পেন্টাগনের সদর দফতরের পশ্চিম অংশে আঘাত হানে স্থানীয় সময় সকাল ৯টা ৩৭ মিনিটে। রাজধানী ওয়াশিংটন ডিসির উপকণ্ঠে ছিল আমেরিকান প্রতিরক্ষা বিভাগের বিশাল এই সদর দফতর পেন্টাগন ভবন।

এরপর সকাল ১০টা ৩ মিনিটে চতুর্থ বিমানটি আছড়ে পড়ে পেনসিলভেনিয়ার এক মাঠে। ছিনতাই হওয়া চতুর্থ বিমানের যাত্রীরা ছিনতাইকারীদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর পর সেটি পেনসিলভেনিয়ায় বিধ্বস্ত হয়।

ধারণা করা হয়, ছিনতাইকারীরা চতুর্থ বিমানটি দিয়ে ওয়াশিংটন ডিসিতে ক্যাপিটল ভবনের ওপর আঘাত হানতে চেয়েছিল।

কত মানুষ মারা গিয়েছিল?

এসব হামলায় মারা গিয়েছিল ২ হাজার ৯৭৭ জন। এই হিসাবের মধ্যে ১৯ জন ছিনতাইকারী অন্তর্ভুক্ত নেই। নিহতদের বেশিরভাগই ছিল নিউইয়র্কের লোক।

চারটি বিমানের ২৪৬ জন যাত্রী এবং ক্রুর প্রত্যেকে মারা যান টুইন টাওয়ারের দুটি ভবনে মারা যান ২ হাজার ৬০৬ জন - তাৎক্ষণিক ও পরে আঘাত থেকে পেন্টাগনের হামলায় প্রাণ হারান ১২৫ জন সর্বকনিষ্ঠ নিহতের বয়স ছিল দুবছর। নাম ক্রিস্টিন লি হ্যানসন। তার বাবা মায়ের সাথে সে একটি বিমানের যাত্রী ছিল।

নিহত সর্ব জ্যেষ্ঠ ব্যক্তির নাম রবার্ট নর্টন। তার বয়স ছিল ৮২। তিনি ছিলেন অন্য আরেকটি বিমানে এবং তার স্ত্রী জ্যাকুলিনের সাথে তিনি একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন।

প্রথম বিমানটি যখন ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে আঘাত করে, তখন ভেতরে আনুমানিক ১৭ হাজার ৪০০ জন লোক ছিল। নর্থ টাওয়ারের যে অংশে বিমান আঘাত করে, তার উপরের কোনো তলার মানুষই প্রাণে বাঁচেনি। তবে সাউথ টাওয়ারে যেখানে বিমান আঘাত করে, তার উপরের অংশ থেকে ১৮ জন প্রাণ নিয়ে বেরুতে পেরেছিল।

হতাহতের মধ্যে ৭৭টি ভিন্ন ভিন্ন দেশের মানুষ ছিলেন।

নিউইয়র্ক শহরে যারা প্রথম ঘটনাস্থলে জরুরি অবস্থা মোকাবিলায় দৌড়ে যান, তাদের মধ্যে মারা যান ৪৪১ জন।

হাজার হাজার মানুষ আহত হন, যারা পরে নানাধরনের অসুস্থতার শিকার হন। যেমন দমকলকর্মীদের অনেকে বিষাক্ত বর্জ্যের মধ্যে কাজ করতে গিয়ে অসুস্থ হয়ে পড়েন।

কারা ছিল হামলাকারী?

আফগানিস্তান থেকে আল-কায়দা এই হামলার পরিকল্পনা করেছিল বলে অভিযোগ করেন তৎকালীন প্রেসিডেন্ট জর্জ ডাব্লিউ বুশ।

ওসামা বিন লাদেনের নেতৃত্বাধীন এই গোষ্ঠী মুসলিম বিশ্বে সংঘাত সৃষ্টির জন্য দায়ী করেছিল আমেরিকা এবং তার মিত্র দেশগুলোকে।

ছিনতাইকারী ছিল মোট ১৯ জন। এদের মধ্যে তিনটি দলে ছিল পাঁচজন করে, যারা বিমান হামলা চালায় টুইন টাওয়ার ও পেন্টাগনে। আর যে বিমানটি পেনসিলভেনিয়ায় ভেঙে পড়ে, তাতে ছিনতাইকারী দলে ছিল চারজন।

প্রত্যেক দলে একজন ছিনতাইকারীর বিমান চালক হিসেবে প্রশিক্ষণ ছিল। এই ছিনতাইকারীরা তাদের পাইলটের ট্রেনিং নেন খোদ আমেরিকার ফ্লাইং স্কুলে।

১৫ জন ছিনতাইকারী ছিলেন ওসামা বিন লাদেনের মতো। দুজন সংযুক্ত আরব আমিরাতের, একজন মিশরের এবং একজন লেবাননের।

আমেরিকার প্রতিক্রিয়া কী ছিল?

ওই হামলার এক মাসেরও কম সময় পর প্রেসিডেন্ট জর্জ ডাব্লিউ বুশ আফগানিস্তান আক্রমণ করেন আল-কায়দাকে নিশ্চিহ্ন করতে এবং ওসামা বিন লাদেনকে খুঁজে বের করতে। আমেরিকার নেতৃত্বাধীন এই অভিযানে যোগ দেয় আন্তর্জাতিক মিত্র জোট।

যুদ্ধ শুরুর কয়েক বছর পর ২০১১ সালে মার্কিন সৈন্যরা অবশেষে ওসামা বিন লাদেনকে খুঁজে পায় প্রতিবেশী দেশ পাকিস্তানে এবং তাকে হত্যা করে। নাইন ইলেভেন হামলার অভিযুক্ত পরিকল্পনাকারী, খালিদ শেখ মোহাম্মদকে গ্রেফতার করা হয় পাকিস্তানে ২০০৩ সালে। এর পর থেকে তাকে গুয়ান্তানামো বের বন্দীশিবিরে আমেরিকার তত্ত্বাবধানে আটক করে রাখা হয়। এখনো তিনি বিচারের অপেক্ষায় আছেন।

আল-কায়দা এখনো আছে। আফ্রিকায় সাহারা মরুভূমির দক্ষিণের দেশগুলোতে আল-কায়দা সবচেয়ে বেশি ক্ষমতাশালী। তবে আফ-গানিস্তানের ভেতরেও এখন আল-কায়দার সদস্য রয়েছে।

প্রায় বিশ বছর পর আমেরিকান সৈন্য আফগানিস্তান ছেড়ে যাচ্ছে চলতি বছরেই। অনেকেই আশঙ্কা করছেন এই গোষ্ঠী আবার আফ-গানিস্তানে তাদের ঘাঁটি গাড়তে সচেষ্ট হবে।

নাইন ইলেভনের পর যা হয়েছে

১১ সেপ্টেম্বরের ওই হামলার ঘটনার পর থেকে সারা বিশ্বে বিমান ভ্রমণের নিরাপত্তা জোরদার করা হয়েছে।

আমেরিকাতে বিমানবন্দর ও বিমানের ভেতর নিরাপত্তা আরো কঠোর করতে ট্রান্সপোর্টেশান সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশান নামে পরিবহন নিরাপত্তা প্রশাসন গঠন করা হয়েছে।

নিউইয়র্কে হামলার স্থান, যেখানে টুইন টাওয়ার বিধ্বস্ত হয়েছিল, সেই 'গ্রাউন্ড জিরো'র ধ্বংসস্তুপ পরিষ্কার করতে সময় লেগেছিল আট মাসেরও বেশি।

ওই স্থানে এখন তৈরি হয়েছে একটি যাদুঘর এবং একটি স্মৃতিসৌধ। ভবনগুলো আবার নির্মিত হয়েছে, তবে ভিন্ন নক্সায়।

সেখানে মধ্যমণি হিসেবে নির্মিত হয়েছে ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার বা 'ফ্রিডম টাওয়ার' - যা উচ্চতায় আগের নর্থ টাওয়ারের চেয়েও বেশি। নর্থ টাওয়ারের উচ্চতা ছিল ১ হাজার ৩৬৮ ফুট আর নতুন ফ্রিডম টাওয়ার ১ হাজার ৭৭৬ ফুট উঁচু।

পেন্টাগন পুনর্নির্মাণে সময় লেগেছিল এক বছরের কিছু কম। ২০০২ সালের অগাস্টের মধ্যে পেন্টাগনের কর্মচারীরা আবার তাদের কর্মস্থলে ফিরে যান।

ব্যারিস্টার সুমনকে যুবলীগ থেকে

(প্রথম পাতার পর)

নিখিল সমকালকে বলেন, সংগঠনের শৃঙ্খলাবিরোধী কাজের জন্য তাকে অব্যাহতি দেয়ার এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গত ৪ আগস্ট রাত ১২টা ১ মিনিটে শহীদ শেখ কামালের জন্মদিন উপলক্ষে শরীয়তপুর সদর উপজেলা আওয়ামী লীগের একটি দলীয় কর্মসূচিতে স্লোগান দিয়েছিলেন সদরের পালং মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আক্তার হোসেন। "শুভ শুভ দিন শেখ কামালের জন্মদিন। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু" ওই স্লোগানের ২৭ সেকেন্ডের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে ভাইরাল হয়। প্রকাশ্যে রাজনৈতিক প্রোগ্রামে অংশ নিয়ে স্লোগান দেয়ায় ওসি সরকারি বিধিমালা ১৯৭৯ লঙ্ঘন করেছেন এমন কথাও বলেন কেউ কেউ।

এই ঘটনার পর যুবলীগ নেতা ব্যারিস্টার সুমন এই ঘটনার সবচেয়ে বেশি সমালোচনা করেন। ৬ আগস্ট সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে লাইভে এসে ওসির এই স্লোগানের নিন্দা জানান ব্যরিস্টার সুমন। আওয়ামী লীগের দলীয় কর্মসূচিতে অংশ নিয়ে রাজনৈতিক স্লোগান ও পুষ্পস্তবক অর্পণ করা শরীয়তপুরের পালং মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আক্তার হোসেনের তীব্র সমালোচনা করে তার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান তিনি। যে কারণে তাকে যুবলীগের পদ থেকে অব্যাহতি পেতে হলো বলে সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে।

ওই ফেসবুক লাইভে ব্যারিস্টার সুমন বলেছিলেন, 'শেখ কামাল সাহেবের জন্মদিনে শরীয়তপুরের পালং থানার ওসি আক্তার হোসেনের আওয়ামী লীগের দলীয় স্লোগান দেয়ার একটি ভিডিও ভাইরাল হয়েছে। এই জিনিসটা দেখার পর আমার কাছে মনে হয়েছে দু-একটা কথা বলা দরকার। আওয়ামী লীগের স্লোগান দেয়ার মানুষ কী এতই কম যে একজন ওসি সাহেবের এই স্লোগান দিতে হবে। আমি খেয়াল করে দেখলাম যে উনি বলছেন আবেগ থেকেই স্লোগান দিয়েছেন।

তিনি আরও বলেন, 'আমার কথা হচ্ছে, আপনি যখন সরকারি দায়িত্বে থাকবেন কিংবা রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকবেন, তখন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে আবেগ দেখানোর সঙ্গে সঙ্গে কিন্তু আপনার বিরুদ্ধে পানিশমেন্ট নিয়ে আসা উচিত। কিন্তু তিনি এখনো ওই জায়গাতে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত আছেন।'

সূত্র জানায়, আওয়ামী লীগের সহযোগী সংগঠনের রাজনীতিতে সম্পৃক্ত থেকে দল ও মুক্তিযুদ্ধের অনুপ্রেরণা স্লোগানের প্রতি বিরূপ প্রতিক্রিয়া দেখানোর কারণে ব্যারিস্টার সুমনের বিরুদ্ধে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর আগেও এমন 'অতিবিপ্লবী আচরণ'-এর জন্য ব্যরিস্টার সুমনকে যুবলীগ থেকে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দেয়া হয়েছিল। তবে সেই শোকজের 'সঠিক' জবাব সুমন দিতে পারেননি বলে যুবলীগ থেকে জানানো হয়।



মাসব্যাপী কর্মসূচী

- ❒ ১লা আগষ্ট (১২:০১) মিনিটে জাতীয় শোক দিবস উপলক্ষে প্রদীপ প্রজ্জলন, খাবার বাড়ীর পাশে।
- ❒ ৫ই আগষ্ট জাতির পিতার জেষ্ঠ্য পুত্র শেখ কামালের জন্মদিন পালন।
- ❒ ৮ই আগষ্ট বেগম ফজিলাতুন্নেসা মুজিবের জন্মদিন পালন। ❒ ১৩ই আগষ্ট মসজিদ ও গীর্জায় প্রার্থনা।
- ❒ ১৫ই আগষ্ট সর্বকালের সর্বশেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন। ❒ ১৭ই আগষ্ট সিরিজ বোমা হামলা দিবস, পালন।
- ❒ ২১ই আগষ্ট গ্রেনেড হামলা দিবস পালন।

সার্বিক সহযোগীতায়

* নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগ
* নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ
* নিউজার্সি স্টেট আওয়ামী লীগ
* কানেকটিকাট স্টেট আওয়ামী লীগ
* পেন্সিলভেনিয়া স্টেট আওয়ামী লীগ
* নিউ ইংল্যান্ড স্টেট আওয়ামী লীগ
* মেট্রো ওয়াশিংটন আওয়ামী লীগ
* মেরিল্যান্ড স্টেট আওয়ামী লীগ
* ভার্জিনিয়া স্টেট আওয়ামী লীগ
* সাউথ জার্সি মেট্রো আওয়ামী লীগ
* মিশিগান স্টেট আওয়ামী লীগ
* মিশিগান মাহানগর আওয়ামী লীগ
* ক্যালোফোনিয়া স্টেট আওয়ামী লীগ
* জর্জিয়া স্টেট আওয়ামী লীগ
* ফ্লরিডা স্টেট আওয়ামী লীগ
* সেন্ট্রেল ফ্লরিডা মহানগর আওয়ামী লীগ
* টেম্পা সিটি আওয়ামী লীগ
* বাফেলো সিটি আওয়ামী লীগ
* আপ স্টেট আওয়ামী লীগ
* ডালাস আওয়ামী লীগ
* ট্রেকসাস স্টেট আওয়ামী লীগ
* ইলিনয়েস স্টেট আওয়ামী লীগ
* ফেলাডেলফিয়া ট্রাইকাউন্টি আওয়ামী লীগ
* যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগ
* যুক্তরাষ্ট্র কৃষকলীগ
* যুক্তরাষ্ট্র শ্রমিক লীগ
* যুক্তরাষ্ট্র যুবলীগ
* যুক্তরাষ্ট্র সেচ্ছাসেবক লীগ
* যুক্তরাষ্ট্র ছাত্রলীগ

ড. সিদ্দিকুর রহমান
সভাপতি

আব্দুস সামাদ আজাদ
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

প্রচার সম্পাদক দুলাল মিয়া (এনাম) কর্তৃক প্রচারিত।

জয় বাংলা

আল্লাহ্ সর্বশক্তিমান

জয় বঙ্গবন্ধু



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও
পরিবারের শহীদ সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলী

১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস

দোয়া মাহফিল ও তবারক বিতরন

১৫ই আগষ্ট ২০২১, রবিবার

স্থান: ডাইভারসিটি প্লাজা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
সময়: দুপুর ১২টা - বিকাল ৪টা

আহ্বায়ক
এন আমিন

সমন্বয়কারী
মাসুদ এইচ সিরাজী
সাইকুল ইসলাম

সদস্য সচিব
শাহীন ইবনে দিলওয়ার

যুগ্ম আহ্বায়ক
এম উদ্দিন আলমগীর
ইসমত হক খোকন

যুগ্ম সদস্য সচিব
শিবলী ছাদেক শিবলু
কানিজ ফাতেমা শাওন
সফি উদ্দিন তালুকদার

সম্মানিত সদস্য: নুরুল আমিন বাবু, নুরুল ইসলাম নজরুল, গোলাম হাসান, বাবুল আহমেদ, দুলাল বিল্লাহ, মাষ্টার নাসির উদ্দিন, মাহফুজুল হক হায়দার, সুমন মাহমুদ, তোফাজ্জল হোসেন, মো: এইচ রশিদ রানা, নোবেল আমিন, জুলিয়েট রত্ন।

ভারপ্রাপ্ত সভাপতি
রফিকুর রহমান রফিক

সাধারণ সম্পাদক
ইমদাদ চৌধুরী

আয়োজনে: নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ

প্রচারে: মঈনুর রহমান সুজেল, প্রচার সম্পাদক

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From
New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel
MD. Shamsuddin, MBA CEO
37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
এখন জ্যামাইকাতে
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY

929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com



খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট



সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

(100% Scholarship for Training & Job Placement, Condition applied)

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



HHA/ PCA Service

CDPAP Service

Skilled **Nursing**

Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

জ্যাকসন হাইট্‌স মেলা ২০২১

Between
77th & 75th Street
37th Road
14 August, Saturday, 2021
9:00am to 9:00pm



Catalina.

মেলা স্টল
সাংস্কৃতিক অনুষ্ঠান
র‍্যাফেল ড্র

প্রথম পুরস্কার: প্রাইভেট কার
দ্বিতীয় পুরস্কার: নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট
তৃতীয় পুরস্কার: নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট
৪র্থ পুরস্কার: ল্যাপটপ ; ৫ম পুরস্কার: ৬০" টিভি
৬ষ্ঠ-২০তম: আরও ১৬ আকর্ষনীয় পুরস্কার

প্রধান অতিথি
ক্যাটালিনা ক্রুজ
নিউইয়র্ক ডিস্ট্রিক্ট এসেম্বলী ৩৯

আহ্বায়ক
হারুন ভুঁইয়া

যুগ্ম আহ্বায়ক
শাকিল মিয়া, মাহমুদ হোসেন বাদশাহ

সদস্য সচিব
মোঃ আলম নমি

সহ সদস্য সচিব
মিয়া মোঃ দুলাল

প্রধান সমন্বয়কারী
ফাহাদ সোলায়মান

সমন্বয়কারী
মোঃ কাশেম
আফতাব জনি

সীমিত স্টল
আজই আপনার স্টলের জন্য যোগাযোগ করুন
Fahad 347 393 8504
Nomi 718 300 6953

Title Sponsor
APNA BAZAR



Special Guest
Donovan Richards
Queens Brough President
Melinda Katz
Queens County District Attorney
Giash Ahmed
Community Activist

Guest Speaker:
Jenifer Rajkumar, State Assemble, District 38
Jessica Gonzalez Rojas, State Assemble, District 34
Shekhar Krishnan, Democrat Primary Winner, District 25
Shah Nawaz, Pery D Silva, Moinul Islam

Honarable Guest:
M A Aziz, Moin Chowdhury, Faisal Aziz Farhana, Tareq Hasan Khan
Khurrom Kaiser, Abdur Rouf Dilip, Asef Bari, Shiv Das (JHMA), Saif Naigra, Mohammed A Azad

Grand Sponsor



Platinum Sponsor



Gold Sponsor



মেলা কমিটি:
আমানত হোসেন আমান, জিয়াউস শামস জনি, দেওয়ান মনির, আমিন মাগজুমি, শফিউদ্দিন মিয়া,
মিয়া মোঃ দুলাল, ইফতি খান (টিপু), দেবাশীষ বব, মোঃ কাশেম, মানিক বাবু, সোহেল গাজী, মোঃ দিল

Event Co-ordinator:
Kamruzzaman Bakul

Advising Committee:
Chief Advisor: Dr. Rafique Ahmed

Advisor:
Mohammad Pier, Abul Fazal Islam Dedar, Monsur Chowdhury
Mohammad Kamruzzaman, Mazeda Uddin, Mir Nizamul Haque

MEDIA PARTNER NTV & WEEKLY DESH | MUSIC BY SARGAM BAND | PHOTOGRAPHY NEHER SIDDIQUE

অস্ট্রেলিয়ার কষ্টার্জিত জয়

(শেষের পাতার পর)

১০৫ রানের টার্গেট পার হতে ৭ উইকেট খোয়াতে হয়েছে অজিদের। শেষ পর্যন্ত তিন উইকেটের ব্যবধানে কষ্টার্জিত জয় পেয়েছে তারা।

শনিবার (৭ আগস্ট) মিরপুরে অনুষ্ঠিত পাঁচ ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের চতুর্থ ম্যাচে টস জিতে ব্যাটিং করার সিদ্ধান্ত নেন বাংলাদেশ অধিনায়ক মাহমুদুল্লাহ রিয়াদ। সফরকারী অস্ট্রেলিয়ার বিপক্ষে প্রথমে ব্যাটিং করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেটে ১০৪ রানেই থেমে যায় টাইগারদের ইনিংস।

কিন্তু শুরু থেকেই ব্যাটিং বিপর্যয়ে পড়ে টাইগাররা। ওপেনিংয়ে নামা সৌম্য সরকার মাত্র ৮ রান করেই প্যাভিলিয়নে ফিরে যান। পরে সাকিব নেমে আজ তেমন সুবিধা করতে পারেননি। ২৬ বল খেলে মাত্র ১৫ রান করে আউট হয়ে যান এই অলরাউন্ডার। পরে দলীয় ৫১ রানের মাথায় আউট হয়ে যান অধিনায়ক রিয়াদও।

কিছুটা প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করেন ওপেনিংয়ে নামা মোহাম্মদ নাইম শেখ। কিন্তু তিনিও দলীয় ৬৮ রানের মাথায় ব্যক্তিগত ২৮ রান করে ফিরে যান। আফিফ হোসেন বড় ইনিংস খেলার ইংগিত দিলেও সুবিধা করতে পারেননি। ১৭ বলে ২০ রানের একটি ইনিংস খেলে আউট হন। আর কেউ বলার মতো স্কোর করতে পারেননি।

অস্ট্রেলিয়ার পক্ষে সর্বোচ্চ ৩টি করে উইকেট শিকার করেন পেসার অ্যান্ড্রু টাই এবং সিরিজে প্রথমবার খেলতে নামা লেগস্পিনার মিচেল সোয়েপসন। এছাড়া দুটি উইকেট পান জশ হ্যাজলউড ও একটি নেন অ্যাশটন অ্যাগার।

জবাবে ব্যাট করতে নেমে দলীয় তিন রানের মাথায় স্পিনার মেহেদী হাসানের বলে বোল্ড হয়ে ফিরে যান অস্ট্রেলিয়ার অধিনায়ক ম্যাথু ওয়েড। এরপর বাংলাদেশি বোলারদের ওপর চড়াও হন ড্যান ক্রিশ্চিয়ান। তিনি আউট হওয়ার আগে মাত্র ১৫ বলে ৩৯ রানের একটি ঝড়ো ইনিংস খেলেন। তিনি মূলত অজিদের জয়ের ভিত গড়ে দিয়ে যান। নিজের প্রথম ওভারে বল করতে এসে দ্বিতীয় বলেই তার উইকেটটি তুলে নেন মোস্ড়ফিজুর রহমান। দারুণ ক্যাচ ধরেন শামীম হোসেন।

এছাড়া শেষ দিকে অ্যাশটন অ্যাগারের ২৭ রানের ইনিংসের ওপর ভর করে জয়ের বন্দরে পৌঁছে যায় সফরকারীরা। এর বাহিরে মিচেল মার্শ করেন ১১ রান।

বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ দুটি করে উইকেট শিকার করেন মেহেদী হাসান ও মোস্ড়ফিজুর রহমান। এছাড়া একটি করে উইকেট নেন নাসুম আহমেদ ও শরিফুল ইসলাম। তবে এদিন সবচেয়ে খরুচে ছিলেন সাকিব আল হাসান। নির্ধারিত চার ওভারে ৫০ রান খরচ করলেও কোনো উইকেট পাননি।

এর আগে টানা তিন ম্যাচ জিতে এরই মধ্যে সিরিজ নিশ্চিত করেছে টাইগাররা। যা আন্তর্জাতিক ক্রিকেটে যেকোনো ফরম্যাটে প্রথমবারের মতো অজিদের সিরিজ হারানোর গৌরব অর্জন করলো লাল-সবুজ বাহিনী।

১৫ আগষ্ট রোববার নিউইয়র্কে নানা

(শেষের পাতার পর)

করা হয়। এছাড়াও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের বিভিন্ন রাজ্য শাখা দিনটি স্মরণে নানা কর্মসূচী হাতে নিয়েছে। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ছাড়াও বরাবরের মতো জ্যাকসন হাইটসবাসী সম্মিলিতভাবে দিনটি স্মরণে বিশেষ কর্মসূচী গ্রহণ করেছে। অপরদিকে মোমবাতি প্রজ্জ্বলনের মধ্য দিয়ে যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবকলীগ শোকের মাসের কর্মসূচি শুরু করেছে। এদিকে বঙ্গবন্ধুর জৌষ্ঠ পুত্র শেখ কামালের জন্মবার্ষিকী পালন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। জ্যাকসন হাইটসের কর্মসূচীর মধ্যেরয়েছে দোয়া মাহফিল ও তবারক বিতরণ। এই কর্মসূচী সফল করার জন্য মীর নিজামুল হককে আহ্বায়ক এবং সোহেল গাজীকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। কর্মসূচীটি সফল করার জন্য জ্যাকসন হাইটস এলাকাবাসী'র সভাপতি সাকিল মিয়া ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলম নমি সবার সহযোগিতা কামনা করেছেন।

যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে শেখ কামালের জন্মবার্ষিকী পালন

স্বাধীন বাংলাদেরশর স্থপতি, 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামালের ৭২তম জন্মদিন পালন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। এ উপলক্ষ্যে বৃহস্পতিবার (৫ আগষ্ট) নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান।

সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদের পরিচালনায় অনুষ্ঠিত দোয়া মাহফিলের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও দোয়া করেন মাও-লানা কাজী কাইয়ুম। দোয়ায় অংশ নেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। তারা মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং মহান রাব্বুল আলামীনের কাছে তাঁর জন্য জান্নাত প্রার্থনা করেন। দোয়া শেষে সংক্ষিপ্ত আলোচনায় অংশ নিয়ে ড. সিদ্দিকুর রহমান বলেন, ক্রীড় , সংস্কৃতি, রাজনীতিসহ সকল গুণে গুণান্বিত এই মহান মানুষটিকে হত্যা করে ঘাতকরা বাংলাদেশ ও দেশের মানুষকে একটি অপার সম্ভাবনাময় নেতৃত্ব থেকে বঞ্চিত করেছে।

সহ সভাপতি সামসুদ্দিন আজাদ বলেন, তিনি বেঁচে থাকলে শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়ায় বাংলাদেশ এক অন্য উচ্চতায় অবস্থান করত।

আব্দুস সামাদ আজাদ বলেন, তাঁর বহুমূখী প্রতিভাই শত্রুদের বিচলিত করত। তাই তাকে হত্যা করে বাংলাদেশকে আরও পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্র বাস্তবায়ন করে পঁচাত্তরের ঘাতকরা।

আলোচনায় অংশ নিয়ে বক্তারা আরও বলেন, শেখ কামাল মৃত্যুর আগেও তিনি অন্যায়ের প্রতিবাদ করেছেন এবং বীরের বেশেই মৃত্যুবরণ করেছেন। খেলা যুব সমাজকে আলোর পথ দেখাতে পারে- স্বাধীন বাংলাদেশে এই ধারণা বঙ্গবন্ধু পুত্র শেখ কামালই প্রতিষ্ঠা করেছেন। দেশের জন-প্রিয় ক্লাব আবাহনী লিমিটেড প্রতিষ্ঠা করে ক্রীড়াঙ্গণে তাঁর অসামান্য অবদান রেখে গেছেন এই মহান ব্যক্তিত্ব।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আইরিন পারভীন, সাংগঠনিক সম্পাদক আব্দুল হাসিব মামুন, কৃষি বিষয়ক সম্পাদক আশরাফুজ্জামান, প্রবাসী কল্যাণ সম্পাদক সোলায়মান আলী, কার্যকরী সদস্য জহির উদ্দিন, আলী গজনবী, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহ সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনির হোসেন, যুগ্ম- সম্পাদক স্বীকৃতি বড়ুয়া, বঙ্গবন্ধু আইনজীবী পরিষদের সভাপতি মোর্শেদা জামান, কানেকটিকাট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হুমায়ুন আহমেদ চৌধুরী, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাবেক উপ আন্তর্জাতিক সম্পাদক মো: সাখাওয়াত বিশ্বাস, যুক্তরাষ্ট্র শাখার যুগ্ম-সম্পাদক সৈয়দ জামান কিবরিয়া, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাবেক সভাপতি জেড এ জয় প্রমুখ।


যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগ: মোমবাতি প্রজ্জ্বলনের মধ্য দিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোকের মাস আগস্টের কর্মসূচির সূচনা করেছে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ যুক্তরাষ্ট্র শাখা। জ্যাকসন হাইটসের খাবার বাড়ি রেস্টুরেন্টের সামনে গত ৩১ জুলাই শনিবার দিবাগত রাত ১০টায় তারা এ কর্মসূচি পালন করে। এতে প্রধান অতিথি হিসেবে যোগ দেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ যুক্তরাষ্ট্র শাখার সি-নিয়র সহ সভাপতি মো: আশরাফ উদ্দিনের সভাপতিত্বে এই অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক সুবল দেবনাথ। উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, সাং-গঠনিক সম্পাদক আব্দুল হাসিব মামুন, প্রবাসী কল্যাণ সম্পাদক মো: সোলায়মান আলী, সদস্য শাহানা রহমান, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক নূরুল আমিন বাবু, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ কেন্দ্রীয় কমিটির উপ আন্তর্জাতিক সম্পাদক মো: ওয়াহিদুজ্জামান, কেন্দ্রীয় সদস্য রাকিব, সাবেক উপ আন্তর্জাতিক সম্পাদক মো: সাখাওয়াত বিশ্বাস, সাবেক কেন্দ্রীয় সদস্য আব্দুল ওয়াহাব জোয়ার্দার, স্বেচ্ছাসেবকলীগ যুক্তরাষ্ট্র শাখার যুগ্ম সম্পাদক সৈয়দ কিবরিয়া জামানসহ অন্যান্য নেতাকর্মীরা।

এসময় বক্তারা বলেন, পচাত্তরের ১৫ আগস্টের খুনীরা ভেবেছিল বঙ্গবন্ধুকে হত্যা করলেই বাংলাদেশ থেকে আওয়ামী লীগ ও মুক্তিযুদ্ধের চেতনা চিরতরে মুছে ফেলা যাবে। কিন্তু বাস্তবতা হচ্ছে, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামীলীগ আরও বেশী শক্তিশালী দলে পরিণত হয়েছে। যার প্রমাণ পর পর তিনবার দলটি বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতায় আসীন আছে। আর এর ফলে নতুন প্রজন্ম জানতে পেরেছে স্বাধীনতার সঠিক ইতিহাস। তারা বলেন, সময় যাচ্ছে আর বাংলার মাটিতে মুজিবীয় চেতনা আরও ক্ষুরধার হচ্ছে।

পরীমনি রাজের মামলাও সিআইডিতে

(শেষের পাতার পর)

চিত্রনায়িকা পরীমনি, প্রযোজক নজরুল ইসলাম রাজের বিরুদ্ধে করা মামলার তদন্তের দায়িত্ব পেয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সম্প্রতি সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে গ্রেফতার অভিনেত্রীসহ কয়েকজনের বিরুদ্ধে করা মামলা তদন্তের দায়িত্ব পেয়েছে সিআইডি। শুক্রবার রাতে সিআইডির অতিরিক্ত উপ-পুলিশ সুপার আবুল কালাম আজাদ এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, পুলিশ সদর দপ্তরের এক নির্দেশনায় সিআইডির কাছে সাতটি মামলা হস্তান্তর করা হয়েছে। এখন থেকে সিআইডি এসব মামলা তদন্ত করবে। মামলায় অভিযুক্ত আসামিদেও দ্রুত সিআইডিতে নিয়ে আসা হবে বলেও জানান তিনি। মামলা হস্তান্তরের পর এরইমধ্যে পিয়াসা ও মৌকে সিআইডি কার্যালয়ে নিয়ে আসা হয়েছে। বাকিদেরও দ্রুত নিয়ে আসা হবে বলে জানিয়েছেন সিআইডি কর্মকর্তা।



সাহিত্য সাময়িকী

আবার পাবো কি ফিরে

বিমল গুহ

অসীমের পানে ছোটে আমার সময় ফেলে-আসা দিন;
কেন্দ্রের আবর্তনে আর-সব দৃশ্যের আড়াল ঘূর্ণমান!
এই ঘূর্ণাবর্তনে কখনো পাবো কি ফিরে কৈশোরের দিন
আমার ইস্কুল ব্রজেন্দ্রলাল, অনিল মাস্টার
স্লেট-পেন্সিল খাতা হোমটাস্ক দুরুদুরু বুক
ইস্কুলের ঘণ্টাধ্বনি দে-ছুট দে-ছুট; মেঠোপথ
ধুলোর অক্ষরে কতবার লিখেছি আমার নাম পাবো ফিরে আর?

আবার পাবো কি ফিরে হারানো মার্বেল স্বপ্নময়দিন,
মুগ্ধ টিফিন-আওয়ার, ক্ষুদে আড্ডা তাজুল ইসলাম,
মকবুল, সামাদ, বাচ্চু, তপন, দয়াল অ্যাসেমব্লি ইস্কুলবারান্দা
সুনীল ভট্টাচার্য প্রধান শিক্ষক; জ্ঞানেন্দ্র চৌধুরী ব্রতচারী ক্লাস
ফণীন্দ্রলাল নন্দী মার্চপাস্ট স্কুল আওয়ার, লাইব্রেরি আউটবই
রবীন্দ্র, নজরুল, জসীমউদ্দীন, আহসান হাবীব;
কবিতার খাতা পৃষ্ঠা পৃষ্ঠাজুড়ে নব নব পদ্যের উদ্ভাস?
একদিন সাবালক সাইকেল সাইকেল; একদিন কলেজ পড়ুয়া
বায়োলজি প্র্যাকটিকাল ক্লাস জলজ্যান্ত ব্যাঙকাটা ভয় ক্লাস পলায়ন!
চক্রাবর্তে ফিরে দেখি সময়শাসন বেলবটম ধুলোর উল্লাস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় লাল-ইট বাংলা বিভাগ, কবিতার নবস্বপ্ন
বুনো কবুতর, ঝরনার কুলুধ্বনি, শ্রেণিবন্ধু, কেন্টিন চা-বারান্দা,
বুনোঝোপ, ঈর্ষাতুর গোলাপের কুঁড়ি, বাসস্টপ, নূপুর নিক্কণ
নতুন ঝালরপরা শব্দের দস্তানা আমার কবিতা!
ভাবি, আবার পাবো কি ফিরে ফেলে-আসা দিন রঙিন রঙিন?

যুগল এস্রাজ

হোসাইন কবির

সবার অবয়ব অবিকল থাকে না মনে
ভাঙা কাচে ভাঙা রাতে
খন্ডবিখন্ড রঙিন ঠোঁটের টুকরো স্মৃতি ঝড়ো হাওয়া
টালমাটাল মাতাল হুইসেল
খেলা করে আজও আহত নিউরণ কণায়

চারিদিকে অলৌকিক অবিশ্বাসের
চূর্ণ-বিচূর্ণ বোধের গার্হস্থ্য প্রণয়
গড়ে তোলে ভঙ্গুর দেয়াল
তবুও স্থিত হওয়া চলে যাওয়া টানাপোড়েন- অন্তিম হিসেব
আমরা ছিলাম বুঝি- যুগল এস্রাজ এই গৃহে কোন কালে!

বাসটা গর্জন থামিয়ে দেওয়ার পর

হরিৎ বন্দ্যোপাধ্যায়

বাসটা
গর্জন থামিয়ে দেওয়ার পর
পাখি হয়ে গেল
সবাই তখন ওকে
সেতুর গল্প বলতে শুরু করল

জন্ম থেকে
পাতার সঙ্গে আমাদের সম্পর্ক
পাতায় রোদের কাহিনী
আমাদের সংসারের গল্পের মতো

অনেক গল্পই আজ বাসের সঙ্গে

সেতুর ওপর বাস থামিয়ে
সবাই
সূর্যের দিকে জোড় হাত করে আছে

সৌন্দর্য

মাহমুদ কামাল

সৌন্দর্য শুধু প্রত্যক্ষই নয়
সৌন্দর্য লুকিয়েও থাকে
খুঁজে নিতে হয় বলে
দু'চোখ তৎপর
এটা কোনও অশ্লীলতা নয়
সৌন্দর্য পূজারী যারা
প্রত্যক্ষের বিপরীতে
চোখের নন্দন দ্রুত
খুঁজে নেয়
লুকানো সৌন্দর্যকেই।

স্বত্বতায় অন্ধ রন্ধ্রে রন্ধ্রে দ্বেষ

শাহীন ইবনে দিলওয়ার

স্বত্বতায় অন্ধ রন্ধ্রে রন্ধ্রে দ্বেষ
যদিও জানে শুরু হলে শেষ
হয়ে যায় প্রতিটি গল্প
আকার নিরাকার হয়ে যায়
বৃষ্টির অফুরান জল শুষে নেয় রোদ।

তবু নিতে হবে প্রতিশোধ
মনোবাঞ্ছা যার
তাকে থামাতে পারেনা ত্রিশূল
বিশালাকায় হাতী দেখে মূষিক ভেবে
পদতলে চাপা পড়ে।

অজ্ঞাত থেকে গেলে শান্তি তার
ময়লায় সয়লাব পরিচ্ছদে আনাড়ি
অজ্ঞাত অলৌকিকত্ব যদি থাকে
উপলব্ধির অসাহয়তায় ধরতে পারেনি
চোখ খোলা মাটিতে সটান পড়ে আছে।

যাপিত জীবন

রহিম ইবনে বাহাজ

আমার নিজস্ব কোন গন্তব্য নেই
নেই মাতৃছায়া
নেই উনুনে অগ্নি
নেই সঙিনী
নেই চেনা পথ
নেই পারাপারের ঘাট
নিঃসঙ্গ পথ চলা
আছে কেবল নক্ষত্র
আর আমি প্রতিনিয়ত জেগে থাকি
আলো আঁধারী আধখানা চাঁদ
হঠাৎ মেঘের আড়ালে নিখোঁজ
একটা লেজ কাটা কুকুর
আমার গন্ধ শুঁকে সরু গলিতে তার ঢঙে চলে গেল
আজ বাহিরে তীব্র দমকা হাওয়া
অথচ, আমার কলেবর সূর্য গলা তাপে বাষ্পিত
এই আমার যাতনা যাপিত জীবন।

জাগৃতি

রেজাউদ্দিন স্টালিন

জীবন যখন নিরর্থকের বলি,
আমরা তখন একলাই পথ চলি।
বাঘ নেই বনে একলা ডাকছে ফেউ,
তৃষ্ণা যখন পুড়ে যায় বরফেও।

শ্রুতির নিকট অগম্য সব ধ্বনি,
মেডুসা বাজায় পাথরের সিম্ফনি।
বেঁচে আছি কিনা জানতেও লাগে ভয়,
কান্নার চেয়ে নিরবতা বিস্ময়।

চোখগুলো সব বন্ধ জানালা আর
সূর্যের আলো ঘোচে না অন্ধকার।
উনুনের ধোঁয়া কুয়াশায় অবনত,
সব শাসকেরা সন্ত্রাসী বস্তুত।

কণ্ঠনালীতে কণ্ঠস্বর স্মৃতি,
কবিতায় শুধু জীবনের জাগৃতি।
নূহ সমুদ্রে শোনা যায় ওঙ্কার,
নতুন পৃথিবী- সময় অপেক্ষার।


ভুল প্রেমে তিরিশটি বছর

এইচ বি রিতা

অভিমানী জলফল ভেসে যায় তড়িৎ,
অপরাহ্নে বক্ষযুগল দুলে ওঠে
ভুল মানুষের স্পর্শে!
তুমি হারিয়ে গেলে
অন্তরালে ঈশারায় খুঁজি অন্য মানুষ
ভুল প্রেমে কেটে গেলো তিরিশটি বছর
তবু জানা হলোনা,
তোমার ভিতর ঠিক কোনখানটায় আমার বাস!

তুমি ছুঁলেই বুকের ধুকপুক শব্দ বেড়ে যায়
মাতাল জোছনায় প্রেম ঝরে স্নিগ্ধতার সাথে
ভ্রান্তিঘোরে ভুলে যাই,
ওপাশের বারান্দায় খয়েরী-কালো রক্তের ছাপ
বুকের সীমানায় স্পর্শ উল্লাসে দলছুট মেঘের দল
ভুলে যাই,
ভুল প্রেমে কেটে গেল তিরিশটি বছর, তবু
ফিরে ফিরে তোমাকেই চাই।
শূন্যের ভিতর এত ঢেউ, কেউ তো বলেনি আগে!

ভাল-মন্দ বুঝি না
আজকাল তোমার সঙ্গে থেকে থেকে
বড্ড বাজে অভ্যেস হয়ে গেছে!


টাইমস স্কয়ারের বিলবোর্ডে
সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির জনক
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
এর দিনব্যাপী প্রদর্শনী ও স্মরণসভা
বিলবোর্ড প্রদর্শনীঃ
টাইমস স্কয়ারের বলড্রপ বিলবোর্ড
(প্রতি ২ মিনিটে ১ বার)
রবিবার, ১৫ই আগস্ট ২০২১
২৪ ঘণ্টা (12:00AM - 11:59PM)
(১৪ই আগস্ট দিবাগত রাত থেকে পরবর্তী রাত)
দোয়া ও স্মরণসভাঃ
রবিবার, ১৫ই আগস্ট ২০২১
বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৮টা
টাইমস স্কয়ার, ম্যানহাটান
Broadway Between West 43 Street
& West 44 Street
এই ঐতিহাসিক আয়োজনে
আপনারা সপরিবারে আমন্ত্রিত
আয়োজনে
NY DREAMS
ফাহিম ফিরোজ
ফোনঃ +1(347) 798-3231
ইমেইলঃ info@nydreams.com
সহযোগিতায়
EXIM BANK
Shariah Based Islami Bank
CHANNEL

Special Guest:
Eric Gonzalez
Brooklyn District Attorney

স্পন্সর

NY INSURANCE
MHC MARKS HOME CARE
Maimonides Medical Center
CM HASAN, MD
কর্ণফুলী ট্রাভেলস্
PEOPLE TECH
এটর্নী মঈন চৌধুরী
এটর্নী শেখ সেলিম
SASCO Tools & Rental
Hamza Auto Repair
Perry D Silver
Royal Community care
Naz Pharmacy
Island Sheet Metal
AAA Income Tax
True Care HOME HEALTH CARE ASSISTANCE
Dr. Chowdhury Hasan MD
TDS INSURANCE Life | Health | General Insurance
Akash Home Care
Radhuni Restaurant
Madhuban Restaurant
Desh Bangla Pharmacy
Abdullah Sweets & Restaurant
Janata PHARMACY
YORK HOLDING REALTY Licensed Real Estate Broker
Image Pharmacy
Liberty Renovation & Construction
H. Bruce Fischer Esq. P.C.

৬ষ্ঠ বারের মত যৌথভাবে
বাংলাদেশী-আমেরিকান ফ্রেন্ডশীপ সোসাইটি (বাফ্স)
ও ৬৬ প্রিসেন্ট কমিউনিটি কাউন্সিল এর আয়োজনে

পথ মেলা ২০২১

Media Partner

ntv ATN BANGLA TiME television বাংলা পত্রিকা

তারিখ: ২২ আগষ্ট, রবিবার
স্থান: চার্চ-ম্যাকডোনাল্ড, ব্রুকলীন

FOR STALL
917-854-4144
917-783-8138

মেলায় থাকছেঃ উত্তর আমেরিকায় ও বাংলাদেশের স্বনামধন্য শিল্পীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‍্যাফেল ড্রয়

সবাই স্বপরিবারে আমন্ত্রিত

BANGLA CDPAP Services
BARI HOME CARE
Immigrant Elder Home Care LLC.

নিবেদক

কাজী আজম
৯১৭-৭৮৩-৮১৩৮
সভাপতি

শাহ নেওয়াজ
৯১৭-৭৮৩-৮১৩৮
আহবায়ক

মাকসুদুল হক চৌধুরী
৯১৭-৮৫৪-৪১৪৪
সাধারণ সম্পাদক

এস এম ফেরদৌস
সাংস্কৃতিক সম্পাদক

রফিকুল মাওলা
৬৪৬-৬৪৩-৯৯৮৩
সদস্য সচিব

সার্বিক সহযোগিতায়: ফিরোজ আহমদ, জাহাঙ্গীর আলম, গোলাম মাহমুদ, আবুল কাশেম, তাহেরচৌধুরী দীপু, আহসান উল্লাহ বাচ্চু, বখতিয়ার উদ্দিন, বদিউল আলম, মাহবুবুর রহমান, আব্দুস সালাম লাবু, আহসান উল্লাহ মামুন, মোহাম্মদ কামাল, মোঃ মুরছালীন, রিয়াজ চৌধুরী, ওমর ফারুক, আহসান হাবীব, গোলাম হায়দার মুকুট, মোহাম্মদ হায়দার, নুর মোহাম্মদ, জাহাঙ্গীর সরওয়ার্দী, ছালে মানিক, ছালেহ আহমেদ রুমেল, বাদল মির্জা, শাহ জাহান সাজু, শফিক ভূইয়া, আব্দুল রশিদ বাবু, জাহাঙ্গীর আলম, খালেক আকন্দ, কাউছার চৌধুরী, আসিফুর রহমান, মোঃ আবু তাহের চৌধুরী চাম্পু, সেলিম চৌধুরী, আবু তাহের, রফিক উদ্দিন, মোতাহের হোসেন, মোহাম্মদ রাজু, নিজামুল করিম শামীম, ইয়াছিন আল ফরাদ।

শাহাদাত হোসেন রাজু কর্তৃক প্রচারিত

সংগঠক আনোয়ার হোসেনের ভ্রাতৃবিয়োগ



বাংলা পত্রিকা রিপোর্ট: সম্মিলিত বরিশাল বিভাগবাসী ইউএসএ'র সাধারণ সম্পাদক এবং জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাংগঠনিক সম্পাদক নিউইয়র্কের আলবেনীর বাসিন্দা মো: আনোয়ার হোসেন-এর সেজো ভাই মোহাম্মদ হিরো মিয়া ইন্তেকাল করেছেন (ইন্নলিল্লাহে ..... রাজেউন)। বাংলাদেশে সময় গত ৩ আগষ্ট মঙ্গলবার তিনি ঢাকায় শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মরহুমের অকাল মৃত্যুতে সংগঠন দুটির নেতৃবৃন্দ সহ কমিউনিটি নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

সম্মিলিত বরিশাল বিভাগবাসীর শোক

এদিকে সম্মিলিত বরিশাল বিভাগবাসী ইউএসএ'র সাধারণ সম্পাদক মো: আনোয়ার হোসেন এর সেজো ভাই মোহাম্মদ হিরো মিয়ার মৃত্যুতে বরিশাল বিভাগবাসী গভীর শোকাহত। সম্মিলিত বরিশাল বিভাগবাসী এক বিবৃতিতে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। বিবৃতি প্রদানকারীগণ হলেন- সভাপতি জসিম উদ্দিন চৌধুরী, নীতিনির্ধারক মো: ওয়াদুদ তালুকদার, ডা. আবদুস সবুর, মামুনুর রশিদ, স্বপন সরদার, কায়কোবাদ খান, ইঞ্জিনিয়ার মো: মহসিন, সাধারণ সম্পাদক মো: আনোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক সাথী আহমেদ (ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক), সহ সভাপতি কামরুজ্জামান বাচ্চু, মো: সাঈদ রহমান, মো: তরিকুল ইসলাম প্রিন্স, নজরুল আলম চৌধুরী, আবু জাফর তালুকদার, সবিতা দাস, পারভীন গাজী, জুয়েল লস্কর, হাবিব রায়হান, মোবাশ্বেরা বেগম, যুগ্ম সাধারণ সম্পাদক মো: রশিদ উদ্দিন, সাংস্কৃতিক সম্পাদক ফরিদ রহমান, অর্থ সম্পাদক রোকেয়অ আলম (বেলা), আইন সম্পাদক এ্যাডভোকেট জাকির হোসেন মিয়া, ক্রীড়া সম্পাদক মোজাহিদুল হক, হামিদুর রহমান, দপ্তর সম্পাদক- রশিদ আলম, প্রধান উপদেষ্টা মো: এনায়েত উদ্দিন সরদার, এম,এল,গাজী, ডা: রুমানা সবুর, তাহেরুল ইসলাম তালুকদার, রফিকুল আলম চৌধুরী, প্রকৌশলী মো: মহসিন আল লস্কর, মাহবুব আলম (টুকু), হাফিজ আহমেদ, সদস্য মো: সোহেল হাওলাদার, রাফিন আলম চৌধুরী, টি এমরুহুল, রুহুল আমিন প্রমুখ।

ফ্রেন্ডস সোসাইটি নেতৃবৃন্দের শোক

অপরদিকে আনোয়ার হোসেনের ভ্রাতৃবিয়োগে ফ্রেন্ডস সোসাইটির কর্মর্তাদের মধ্যে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন- প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, উপদেষ্টা যথাক্রমে নাসির আলী খান পল, ডা. ওয়াজেদ এ খান, ছদরুন নূর, মনজুর আহমেদ চৌধুরী, রেজাউল করীম চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মনির হোসেন ও এবিএম সালাহউদ্দিন আহমেদ, সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, সাবেক সভাপতি মো: সাইফুল ইসলাম, বেলাল আহমেদ চৌধুরী ও শেখ হায়দার আলী, সাবেক সাধারণ সম্পাদক এএফ আশরাফুজ্জামান, সেবুল মিয়া ও ইফজাল আহমেদ চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ প্রমুখ।



ওয়াশিংটন ডিসিতে শেখ কামালের জন্মবার্ষিকী পালিত

ওয়াশিংটন ডিসি: যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস যথাযোগ্য মর্যাদায় 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী পালন করেছে। দিবসটি উপলক্ষে দূতাবাস গত ৫ আগস্ট বঙ্গবন্ধু মিলনায়তনে একটি অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে মিনিস্টার (কনস্যুলার) হাবিবুর রহমান শহীদ ক্যাপ্টেন শেখ কামালের সংক্ষিপ্ত জীবনী পাঠ করে শোনান। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহিদুল ইসলাম তার বক্তব্যে শহীদ শেখ কামালের গুণাবলী তুলে ধরে বক্তব্য প্রদান করেন। তিনি বলেন যে, শহীদ শেখ কামাল নিজেকে যোগ্য থেকে যোগ্যতর করে গড়ে তোলার জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়েছেন এবং শিক্ষা ও সাংগঠনিক দক্ষতা ও নেতৃত্বের গুণাবলী অর্জন করে নিজেকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করার জন্য কঠোর পরিশ্রম করতেন। রাষ্ট্রদূত এই জাতীয় বীরের জীবন ও কর্ম থেকে শিক্ষা নিয়ে নিজেদের গড়ে তুলতে উচ্চতর শিক্ষার সুযোগ গ্রহণ করতে এবং দেশ ও জাতিকে আরও ভালভাবে সেবা করার জন্য নিজেদের প্রস্তুত করতে অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তাদের অনুপ্রাণিত করেন।

অনুষ্ঠানে শহীদ শেখ কামালের জীবন ও কর্ম অবলম্বনে নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা ফজিলাতুন নেসা মুজিব, শেখ কামাল এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট শহীদ হওয়া সকলের আত্মার মাগফিরাত কামনা করে একটি বিশেষ প্রার্থনা পরিচালিত হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
718-760-5500
HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ট্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর এক্সিডেন্ট • লেড পয়জনিং
• স্লুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটির 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বাইতুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকলিন
ফ্রুক ডিজিক/বোরখা পিছে "বিশুদ্ধ কোরআন শিক্ষা" দেওয়া হয়।
ফোনঃ 347-612-7397, 718-565-8219

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভূল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্টিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্ভাব্য
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবানীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

